আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

পবিত্র রমজান উপলক্ষে

টাইম টিভি'র ক্বিরাত প্রতিযোগীতা আয়োজন

বাংলা পত্রিকা রিপোর্ট: পবিত্র মাহে রমজান উপলক্ষে টাইম টেলিভিশন নিউইয়র্কে অবস্থিত বাংলাদেশী **(বাকি অংশ ২০ পাতায়**

২৬ বছরে

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika


বর্ষ ২৭ || সংখ্যা ২৪ || সোমবার || ফাল্গুন ২৭ || ১৪২৯ || শাবান ১৭ || ১৪৪৪ || Vol. 27 || Issue 24 || 13 March || 2023 || USA. **FREE** in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

রোজার আগেই অস্থির নিউয়র্কের বাজার

বিশেষ প্রতিনিধি: রমজান উপলক্ষে মূল্যছাড়ের নামে অভিনব প্রতারনা চলছে নিউয়র্কের বাজারে। দোকানে দোকানে বিশেষ ছাড়ের ঘোষনা দেয়া হলেও বাস্তবে পণ্যের দামে এর কোন মিল নেই বলে অভিযোগ করেছেন ক্রেতারা। কোন কোন গ্রোসারি শপ পণ্যের দাম বাড়িয়ে সেখানে ডিসকাউন্ট দেখিয়ে ক্রেতাদের প্রতারিত করারও অভিযোগ পাওয়া গেছে। এদিকে, ভোক্তারা জানিয়েছেন, গত কয়েক বছর ধরে রমজানের আগে বিনা কারণে নিত্যপণ্যের দাম বাড়ানোর একটি প্রবণতা প্রতিষ্ঠা করেছেন কতিপয় ব্যবসায়ী। রমজান উপলক্ষে জ্যাকসন হাইটস এর বাংলাদেশী ও ইন্ডিয়ান গ্রোসারি শপগুলোতে ঝুলছে শুভেচ্ছা ব্যানার। সাথে সর্বোচ্চ মূল্যছাড়ের ঘোষনা। আর এতেই হুমড়ি খেয়ে পড়ছেন ক্রেতারা। রমজানের আগেই সদাইপাতি সংগ্রহে দোকানে দোকানে ক্রেতাদের ভীড়। এদিকে চটকদার বিজ্ঞাপনের প্রভাবে বেচাকেনাও ভালো হচ্ছে বলে জানান দোকানীরা। **(বাকি অংশ ২০ পাতায়)**

মানহানি মামলার হুমকি

ড. সিদ্দিকের বিরুদ্ধে ওসমান সিদ্দিকের লিগ্যাল নোটিশ

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমানের **(বাকি অংশ ২০ পাতায়)**

টাইম টেলিভিশন'র স্টুডিও থেকে সরাসরি লাইভ

'তিশা-ফারুকী'কে নিয়ে অন্যরকম আড্ডা

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্ক তথা উত্তর আমেরিকার জনপ্রিয় বাংলা চ্যানেল টাইম টেলিভিশন, গত ৮ বছর ধরে এবং টাইম পরিবারের সহযোগী প্রতিষ্ঠান ঐতিহ্যবাহী সংবাদপত্র বাংলা পত্রিকা দীর্ঘ ২৬ বছর ধরে সাফল্যের জয়যাত্রায় হয়ে উঠেছে বিশ্বব্যাপী প্রবাসী বাংলাদেশীদের ভয়েজ এবং আমেরিকার মূলধারায় জনপ্রিয় বাংলা এথনিক মিডিয়া। নি-উইয়র্ক সিটির এস্টোরিয়াস্থ এই টাইম টেলিভিশন-এর নিজস্ব স্টুডিওতে গত ৯ মার্চ বৃস্পতিবার এসেছিলেন বাংলাদেশের জনপ্রিয় চলচ্চিত্র পরিচালক **(বাকি অংশ ১৭ পাতায়)**



নৃত্যশিল্পী 'নারমিন রহমান' আর নেই

মায়ের অপেক্ষায় কন্যার মরদেহ ফিউনেরালে



নিউইয়র্ক (ইউএনএ): নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটি পরিচিত মুখ, সাংস্কৃতিক ব্যক্তিত্ব ডা. নার্গিস রহমানের কন্যা, প্রবাসের উদীয়মান নৃত্যশিল্পী 'নারমিন রহমান' আর নেই। বৃহস্পতিবার (৯ মার্চ) সন্ধ্যায় নারমিন **(বাকি অংশ ১৮ পাতায়)**

ওয়াশিংটনে হামলার ঘটনায় ট্রাম্প দায়ী সাবেক ভাইস প্রেসিডেন্ট পেন্স



বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের ৪৮তম ভাইস প্রেসিডেন্ট মাইক পেন্স বলেছেন, গত দুই বছর আগে ৬ জানুয়ারী যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটনে হামলার ঘটনায় সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ভূমিকা জন্য ইতিহাস তাকেই দায়ী করবে। ট্রাম্পকে নিয়ে **(বাকি অংশ ১৮ পাতায়)**

বিশ্বচ্যাম্পিয়নদের হারিয়ে ইতিহাস গড়লো টাইগারদের বাংলাদেশ



স্পোর্টস ডেস্ক: সম্প্রতি বাংলাদেশ দল ওয়ানডেতে যতটা শক্তিশালী, টি-টোয়েন্টিতে ঠিক যেন তার উল্টো চিত্র। ক্রিকেটের সংক্ষিপ্ত এই সংস্করণে টাইগাররা যেন এখনও নিজেদের মানিয়ে নিতে পারেনি। মারকাটারি এই ফরম্যাটে টাইগাররা যেন এখনও মাঠে নামে আড়ারডগ হয়ে। তবে এবার যেন হঠাৎ করেই বদলে গেছে টাইগার বাহিনী। ইংল্যান্ডের বিপক্ষে তিন ম্যাচ সিরিজের প্রথম দুই ম্যাচ জিতে এক ম্যাচ **(বাকি অংশ ১৮ পাতায়)**

APOLLO INSURANCE BROKERAGE INC
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারণে বাড়ি-গাড়ি কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

WIN ZONE REALTY INC
Licensed Real Estate Broker
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-899-7000
F: 718-899-2000
khanf04@yahoo.com
Ferdous Khan
Licensed Real Estate Sales Assoricate
Zillow
81-15 Queens Blvd. 2Fl
Elmhurst, NY 11373

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার টাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহ্মদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 | info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

CHISHTI CPA PC
Mohammed Chishti
CPA, MBA
চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস
Income Tax - Sales Tax - Payroll - Notary Public - Bookkeeping - Business Formation - Financial Statement - Immigration Forms
73-19 BROADWAY, JACKSON HEIGHTS, NY 11372
917-832-7785, 347-515-3858
chishti@chishtiaccounting.com
www.chishtiaccounting.com

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVEL
JACKSON HEIGHTS NEW YORK
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37TH ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

www.banglapatrikausa.com

২৩ জানুয়ারি ২০২৩ থেকে ট্যাক্স ফাইলিং শুরু হচ্ছে


কোনো প্রফেশনালকে দিয়ে ট্যাক্স ফাইল করান তাহলে সর্বাধিক রিফান্ড পাবেন এবং ভবিষ্যৎ জটিলতা থেকেও রক্ষা পাবেন।

We are Top 500 INTUIT Company

AUTHORIZED IRS e-file PROVIDER



Steven M. Levy, CPA



আপনাদের ট্যাক্স ফাইলিং সুষ্ঠু ও নিখুঁতভাবে সম্পন্নের জন্য আমাদের সাথে রয়েছেন সার্টিফাইড পাবলিক একাউন্টেন্ট।

Southeast USA Income Tax Services

জ্যাকসন হাইটস
74-09 37th Avenue, Suite # 206
Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207
Cell: 917-566-1612

জ্যামাইকা
168-16, Hillside Avenue
Jamaica, NY 11432
Phone: 646-464-5944
718-487-4507

ব্রংক্স
1445 Unionport Roa, Bronx, NY
পার্কচেষ্টার ফ্যামিলি ফার্মেসির ভিতরে
Phone: 347-621-0378
718-427-5919

email: usa.bd54@gmail.com

বাংলা পত্রিকা
৩-এর পৃষ্ঠা
The Weekly Bangla Patrika
The Weekly Bangla Patrika // Monday // March 13 // 2023

‘সবার ছোট স্বপন, সবার আগেই চলে গেল’

ঢাকা ডেস্ক: তিন দিন খাওয়া-নাওয়া নেই। হাসপাতালে খুঁজেছি। খোঁজ পাইনি। নিহত ও আহত দুই তালিকাই দেখেছি। কোথাও মেহেদীর নাম পাইনি। তখন ভাবছিলাম ভাই হয়তো বেঁচে আছে। বেজমেন্টের ভেতর আটকে আছে। আশা করেছিলাম বেঁচে আছে, জীবিত ভাইকে নিয়ে বাড়ি ফিরবো, এহন সব আশা শেষ। ভাইকে পেলাম ঠিকই, কিন্তু মৃত অবস্থায়। অহন লাশ নিয়ে বাড়ি ফিরছি। ছোট্ট বাচ্চা দু'টো এতিম হয়ে গেল। সিদ্দিকবাজারের বিস্ফোরণের ঘটনায় বৃহস্পতিবার (৯ মার্চ) সর্বশেষ মেহেদী হাসান স্বপনের লাশ উদ্ধারের পর এভাবেই আকুতি জানাচ্ছিলেন বড় ভাই তানভীর হাসান। তিনি বিলাপ করে বলছিলেন, সবার ছোট ভাইটি সবার আগে চলে গেল। তানভীর হাসান বলেন, ভাইয়ের লাশের পাশে বসে আছি, এখনো মানতে পারছি না। মনে হচ্ছে ও বেঁচে আছে। ২ মিনিটে সব শেষ হয়ে গেল। তানভীর জানান, ঢামেক মর্গে কিছুক্ষণ রেখেই তাদের লাশ বুঝিয়ে দিয়েছে। লাশ বুঝিয়ে দেয়ার সময় জেলা প্রশাসন থেকে ৫০ হাজার টাকা দিয়েছে। তানভীর আরও বলেন, এখন আমরা লাশ নিয়ে আজিমপুর যাচ্ছি। ওখানে জানাযা শেষে গ্রামের বাড়িতে নিয়ে যাবো। গ্রামের পারিবারিক কবরস্থানেই মেহেদীকে দাফন করা হবে। মেহেদী হাসান স্বপন সিদ্দিকবাজার বিস্ফোরণের পর নিখোঁজ ছিলেন। বিস্ফোরণের তিনদিন পেরিয়ে গেলেও তার হদিস পাওয়া যাচ্ছিলো না।

কপাড় পুড়েছে ৭০ এমপি মন্ত্রীর

*নৌকা প্রতীকে এমপি হয়েই এলাকা ছেড়েছেন, জনবিচ্ছিন্ন হয়েছেন * নির্বাচিত হয়ে ঢাকায় বসে ‘সন্ত্রাসী ও মাস্তান’ দিয়ে এলাকা নিয়ন্ত্রণ করেন * দলের পরিবর্তে এমপি লীগ, ভাই লীগ বানাতেই ব্যস্ত তারা * স্বজনপ্রীতি আর লুটপাটে সিদ্ধহস্ত

সাঈদুর রহমান রিমনঃ দুর্নীতি, লুটপাট, স্বজনপ্রীতি ও স্বেচ্ছাচারিতায় মাঠঘাট দাপিয়ে বেড়ানো ৭০ জন এমপি, মন্ত্রী কোনভাবেই নৌকার কান্ডারি হতে পারছেন না। আগামি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে এসব ভিআইপি ব্যক্তি যে আওয়ামীলীগের মনোনয়ন পাচ্ছেন না তা অনেকটাই নিশ্চিত হয়েছে। কারণ দলীয় হাইকম্যান্ড বিতর্কিত, জনবিচ্ছিন্ন এমপিদের বাদ দেওয়া এবং ক্লিন ইমেজ ও এলাকায় অধিকতর গ্রহণযোগ্য ব্যক্তিকে নৌকার প্রার্থী করার ব্যাপারে নীতিগতভাবে চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছে। এ লক্ষ্যে দলের জাতীয় কাউন্সিলের আগে দুই দফা এবং কাউন্সিলের পরেও এক দফা মাঠ পর্যায়ের পর্যবেক্ষণ রিপোর্ট এখন শেখ হাসিনার টেবিলে জমা হয়েছে। জাতীয় সংসদ নির্বাচনের দিন যতই ঘনিয়ে আসছে, ততই দীর্ঘ হচ্ছে ক্ষমতাসীন আওয়ামী লীগের বিতর্কিত মন্ত্রী-এমপির তালিকা। মন্ত্রী-এমপিদের ব্যাপারে সরকারের বিভিন্ন সংস্থার রিপোর্টগুলোও এখন গুরুত্বের সঙ্গে পর্যালোচনা করা হচ্ছে। সেসব রিপোর্টে অন্তত ১০ জন মন্ত্রী-প্রতিমন্ত্রী ও ক্ষমতাসীন দলের অপর ৬০ জন এমপির নেতিবাচক কর্মকাণ্ডের চিত্রই ফুটে উঠেছে। গণভবন ও আওয়ামী লীগের একাধিক উচ্চ পর্যায়ের সূত্র জানিয়েছে, এবার তাদের নিশ্চিত কপাল পুড়ছে। তাদের বিরুদ্ধে দলীয় নেতা-কর্মীদের নির্যাতন, মামলা-হামলা করে হয়রানি, দলের ত্যাগী নেতা-কর্মীদের কোণঠাসা করে ‘এমপি লীগ’-‘ভাই লীগ’ বলয় সৃষ্টির অভিযোগ রয়েছে। তারা এলাকাবিমুখ, জনবিচ্ছিন্ন নেতায় পরিনত হয়েছে। নিয়োগ, টেণ্ডার বাণিজ্য, জলমহাল-বালুমহাল দখল, চাঁদাবাজি, লুটপাটের মাধ্যমে একেকজন আঙ্গুল ফুলে কলাগাছে পরিনত হয়েছেন।

অনেকেই এমপি নির্বাচিত হয়ে ঢাকায় বসে ‘সন্ত্রাসী ও মাস্তান’ দিয়ে এলাকা নিয়ন্ত্রণ করেন। কারও কারও বউ, শ্যালক, ভাই, আত্মীয়স্বজন ‘ছায়া এমপি’ হয়ে যাবতীয় কর্মকাণ্ড পরিচালনার নামে ভাগ বাটোয়ারায় ব্যস্ত থাকছে।

রাজশাহীর গোদাগাড়ীর এমপি ওমর ফারুক চৌধুরী। ’৯৬-এর আওয়ামী লীগ সরকারের শাসনামলের শেষদিকে আওয়ামী লীগে যোগ দেন তিনি। তার বিরুদ্ধে আসা অভিযোগগুলো দেখে বিস্মিত হয়েছেন দলের নীতিনির্ধারকরা। জানা গেছে, ওমর ফারুক চৌধুরীর মা সরাসরি জামায়াত করতেন। রাজশাহীর এই ব্যবসায়ী আওয়ামী লীগে যোগ দিয়ে হয়েছেন এমপি, প্রতিমন্ত্রী, এমনকি জেলা আওয়ামী লীগের সভাপতিও। অথচ তিনি তার নির্বাচনি এলাকা গোদাগাড়ীতে বিএনপি ও জামায়াতের নেতাকর্মীদের পুনর্বাসন করছেন।

এরচেয়েও জনবিচ্ছিন্ন, দলবিচ্ছিন্ন হয়ে আলাদা সাম্রাজ্য বানিয়ে বসেছেন হবিগঞ্জ ১ আসনের সংসদ সদস্য গাজী মোহাম্মদ শাহনওয়াজ মিলাদ। সাবেক মন্ত্রী মরহুম দেওয়ান ফরিদ গাজির সন্তান হিসেবে অনেকটা পৈতৃক সূত্রেই দলীয় মনোনয়ন নিয়ে একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বৈতরণী পার হন তিনি। কিন্তু এরপর থেকেই এলাকা বিমুখ হয়ে ঢাকাতেই ঘাঁটি গেড়ে বসেন। রাজনীতির ময়দানে কোনরকম ইমেজ না থাকা এই সংসদ সদস্য দলীয় কর্মকান্ডে অংশ নিতেও বিরক্তবোধ করেন। এলাকার নেতা কর্মিরা তার দেখা পায় না বললেই চলে। জনবিচ্ছিন্ন ও এলাকাবিমুখ হলেও এমপি মিলাদ দুর্নীতি, স্বজনপ্রীতি, আখের গোছানোর লুটপাটে বেশ সিদ্ধহস্ত। এরইমধ্যে তিনি কুশিয়ারা নদীর তীর সংরক্ষণসহ বাঁধ নির্মান প্রকল্পের শত কোটি টাকা হাতিয়ে নেয়া নিয়ে বিস্তর অভিযোগ রয়েছে। তাছাড়া বিবিয়ানা গ্যাসক্ষেত্র জিম্মি করে তারই সহোদরদের দ্বারা বেশুমার বাণিজ্য চালিয়ে রীতিমত আঙ্গুল ফুলে টাকার কুমিরে পরিনত হয়েছেন মিলাদ। মাত্র কয়েক বছরের মধ্যেই অর্থবিত্তে জেলার অন্যতম ধনাঢ্যে পরিনত হয়েছেন তিনি। গাজী মিলাদ এমপি সবচেয়ে সবিধা হাতিয়ে নিয়েছেন সিলেট মেডিক্যাল কলেজ থেকে। সেখানে নিজের বোন জামাইকে ভিসি নিযুক্ত করার পর পরই পরিবারের অন্তত ১৬ জনকে আসীন করেছেন সেখানে। টেন্ডার থেকে শুরু করে সব বাণিজ্যও হাতিয়েছেন তিনি। ইতিমধ্যেই দলীয় পর্যবেক্ষণ টিমের তিন দফা গোপন অনুসন্ধানেই গাজী মোহাম্মদ শাহ-নওয়াজ মিলাদের বিরুদ্ধে অন্তহীন অভিযোগের সিংহভাগই প্রমানিত হয়েছে বলে সূত্র নিশ্চিত করেছে।

এছাড়াও আওয়ামী লীগের কমপক্ষে ১৪ জন সংসদ-সদস্যের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তদন্ত করছে দুর্নীতি দমন কমিশন। তাদের মধ্যে রয়েছেন হাজী সেলিম, মোয়াজ্জেম হোসেন রতন, সামশুল হক চৌধুরী, ওমর ফারুক চৌধুরী, মাহফুজুর রহমান মিতা প্রমুখ। আওয়ামী লীগের হাইকমান্ডের সিদ্ধান্ত, দুদকের অভিযোগ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এসব এমপির কাউকেই আগামী নির্বাচনে দলীয় মনোনয়ন দেওয়া হবে না। দলীয় মনোনয়ন পেতে তাদের দুদক থেকে নিষ্কৃতি লাভ করতে হবে। আওয়ামী লীগ টানা তৃতীয় দফায় ক্ষমতায় আসার পর থেকেই দলীয় অনেক এমপির মধ্যে দেখা দিয়েছে গা-ছাড়া ভাব। সাধারণ মানুষের ভোটে নির্বাচিত হলেও তারা এলাকায় যান না, খোঁজখবর নেন না নির্বাচনি এলাকার জনগণের। খোঁজখবর নেন না স্থানীয় নেতাকর্মীদেরও। তারা বেশিরভাগ সময় কাটান রাজধানী ঢাকায়। আবার কেউ বছরের দীর্ঘ সময় বিদেশে বিদেশে ঘুরে বেড়ান। অথবা থাকেন নিজস্ব ব্যবসা-বাণিজ্য নিয়ে। এলাকার মানুষের সুখ-দুঃখ দেখা বা শোনার সময় নেই তাদের।

একাধিক সূত্র জানা গেছে, আওয়ামী লীগের যেসব এমপি স্থানীয় নেতাকর্মী বা সাধারণ মানুষের খোঁজখবর কম নেন তাদের মধ্যে রয়েছেন মোতাহার হোসেন (লালমনিরহাট-১), এইচএন আশিকুর রহমান (রংপুর-৫), উম্মে কুলসুম স্মৃতি (গাইবান্ধা-৩), আয়েন উদ্দিন (রাজশাহী-৩), আব্দুল কুদ্দুস (নাটোর-৪), নেছার আহমদ (মৌলভী-বাজার-৩), গাজী মোহাম্মদ শাহনওয়াজ (হবিগঞ্জ-১), আনোয়ারুল আজীম (ঝিনাইদহ-৪), নাসির উদ্দিন (যশোর-২), কাজী নাবিল আহমেদ (যশোর-৩), পঞ্চানন বিশ্বাস (খুলনা-১), মীর মোস্তাক আহমেদ রবি (সাতক্ষীরা-২), আফম রুহুল হক (সাতক্ষীরা-৩), ধীরেন্দ্র দেবনাথ শম্ভু (বরগুনা-১), তানভীর হাসান ছোট মনির (টাঙ্গাইল-২), আতোয়ার রহমান খান (টাঙ্গাইল-৩), ফাহমী গোলন্দাজ বাবেল (ময়মনসিংহ-১০), মানু মজুমদার (নেত্রকোনা-১), নাইমুর রহমান দুর্জয় (মানিকগঞ্জ-১), কাজী কেরামত আলী (রাজবাড়ী-১), ইউসুফ আবদুল-হ হারুন (কুমিলা-আবু রেজা মুহাম্মদ নেজামউদ্দিন নদভী (চট্টগ্রাম-১৫), আশেক উলাহ রফিক (কক্সবাজার-২)সহ আরও কয়েকজন এমপি রয়েছেন যারা এলাকার সঙ্গে যোগাযোগ কম রাখেন।

জাতীয় সংসদে কুমিলা-৪ (দেবিদ্বার) আসনের সংসদ সদস্য রাজী মোহাম্মদ ফখরুল ও দেবিদ্বার উপজেলা পরিষদের চেয়ারম্যান ও কুমিলা উত্তর জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আবুল কালাম আজাদের মধ্যে হাতাহাতির ঘটনা ঘটে। এতে ক্ষমতায় থাকা আওয়ামী লীগও বিব্রতকর পরিস্থিতিতে পড়ছে বলে দলটির কেন্দ্রীয় একাধিক নেতা মনে করেন। এসব ঘিরে সৃষ্ট আলোচনা সমালোচনায় গ্রহণযোগ্যতায় নাম উঠে এসেছে কুমিলা উত্তর জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক রওশন আলী মাস্টারের নাম। তাকে সামনে নিয়েই নৌকা প্রতীকের অগ্রযাত্রার স্বপ্ন দেখছেন তৃণমূল আওয়ামীলীগ। ফলে রাজী মোহাম্মদ ফখরুল আউট হচ্ছেন তাতে কোনো সন্দেহের অবকাশ নেই।

কথায় কথায় মানুষের গায়ে হাত তোলাকে অভ্যাসে পরিণত করেছেন তিনি। তাঁর মারধর ও হামলা থেকে সাধারণ মানুষ, সরকারি কর্মচারী ও দলীয় লোকজনও রেহাই পাননি। এমন ঘটনাও ঘটেছে, তাঁর সালিস না মেনে আদালতে মামলা করায় এক কাঠ ব্যবসায়ীকে আদালতের বারান্দা থেকে তুলে এনে মারধর করেছেন। অন্যের জমি দখলের বিস্তর অভিযোগ রয়েছে তিনবারের এই সাংসদের বিরুদ্ধে। তিনি বরগুনা-২ (পাথরঘাটা, বামনা ও বেতাগী) আসনের সাংসদ শওকত হাচানুর রহমান। ২০১৩ সালে এই আসনে আওয়ামী লীগের সাংসদ গোলাম সবুর সড়ক দুর্ঘটনায় মারা গেলে উপনির্বাচনে নৌকা প্রতীকে শওকত হাচানুর নির্বাচিত হন। ২০১৪ ও ২০১৮ সালের জাতীয় সংসদ নির্বাচনেও এই আসন থেকে আওয়ামী লীগের সাংসদ হন তিনি। তবে সাংসদ হাচানুর তাঁর বিরুদ্ধে ওঠা সব অভিযোগ অস্বীকার করেছেন। তাঁর ভাষ্য, স্থানীয়ভাবে তাঁর দুটি রাজনৈতিক প্রতিপক্ষ আছে, যাঁরা দলীয় মনোনয়ন চান। তাঁরাই ইচ্ছাকৃতভাবে ক্ষুদ্র বিষয়কে বড় করে দেখানোর চেষ্টা করছেন, যাতে তিনি দলীয় মনোনয়ন না পান। জমি দখলের কোনো ঘটনা তাঁর জানা নেই বলেও দাবি করেন তিনি। সাংসদ হাচানুরের সালিস না মেনে পাওনাদারের বিরুদ্ধে মামলা করেন কাঠ ব্যবসায়ী জালাল হাওলাদার। এ ঘটনায় ২০১৯ সালের ২১ জুন পাথরঘাটার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত থেকে তাঁকে তুলে সাংসদের কলেজ রোডের বাসভবনের কাছে নিয়ে মারধর করেন সাংসদ ও তাঁর লোকজন। এছাড়াও গত কয়েক বছরে নানারকম বিতর্কমূলক কর্মকান্ডের মাধ্যমে হাচানুর রিমন দলীয় নেতৃবৃন্দকে বিব্রতকর অবস্থায় ফেলেন।

জামালপুর-৪ আসনের ডা. মুরাদ হাসানসহ প্রায় অর্ধশত এমপির নেতিবাচক কর্মকান্ড নিয়ে আলোচনা হচ্ছে দলের ভেতরে-বাইরে। এদের বিরুদ্ধে আওয়ামী লীগ সভাপতির কাছে জমা হচ্ছে অভিযোগের স্তূপ। বেশির ভাগ এমপির বিরুদ্ধে দলে ‘মাইম্যান’ তৈরি, নিজ এলাকায় একক আধিপত্য বিস্তার, অসদাচরণ, দখলবাজি, চাঁদাবাজি, দলীয় পদ-পদবি নিয়ে বাণিজ্যসহ নানা অভিযোগ করা হয়েছে। আওয়ামী লীগের মনোনয়ন বোর্ড সূত্রে জানা যায়, এবার ‘গডফাদার’ ও ‘জনবিচ্ছিন্ন’ সংসদ সদস্যদের মনোনয়ন না দেয়ার সিদ্ধান্ত নিয়েছেন দলের সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যেসব এমপির বিরুদ্ধে এলাকায় খুন, দুর্নীতি, মাদক ব্যবসা, ঋণ খেলাপি, টেন্ডার-চাঁদাবাজিসহ দখলদারিত্বের মতো গুরুতর অভিযোগ উঠেছে তারা কেউ মনোনয়ন পাবেন না। সূত্র জানায়, তাদের সকলের আমলনামা যাচাই-বাছাই শেষে মনোনীতদের তালিকায় স্থান দেবেন দলের হাইকমান্ড। বাকিদের আগামী নির্বাচনে মনোনয়ন জুটছে না বলেই আভাস দিচ্ছেন ক্ষমতাসীন পার্টির নীতিনির্ধারকরা। দল ও সরকারের ইমেজ ক্ষুন্নকারীরা আছেন বাদ পড়ার তালিকায়।

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে জয়ের ধারা অব্যাহত রাখতে দলীয় সংসদ সদস্যদের নিয়ে ৩য় বারের মতো মাঠ জরিপের কাজ শুরু করেছে আওয়ামী লীগ। দলের সভাপতিমণ্ডলীর সদস্য অ্যাডভোকেট জাহাঙ্গীর কবির নানক এবং সাংগঠনিক সম্পাদক মির্জা আজম জানিয়েছেন, দলীয় সভাপতি শেখ হাসিনা নিজেই এই মাঠ জরিপের কাজটি তদারকি করছেন। এই মাঠ জরিপের প্রতিবেদনের ওপর ভিত্তি করেই তিনি আগামী নির্বাচনে প্রার্থী মনোনয়নের বিষয়টি চূড়ান্ত করবেন। #

বাংলাদেশের ভূয়সী প্রশংসায় ব্রাজিলের ফার্স্ট লেডি মিজ রোজাঞ্জেলা

ব্রাজিল: ব্রাজিলের ফার্স্ট লেডি মিজ রোজাঞ্জেলা লুলা ডি সিলভা (জানজা)-এর সঙ্গে সাক্ষাত করেছেন দক্ষিণ আমেরিকাতে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রদূত সাদিয়া ফয়জুননেসা। গত ৬ মার্চ ব্রাজিলের রাষ্ট্রপতি ভবন প্ল্যানালটো প্যালেসে দুপুর ২টায় এই সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, বর্তমান লুলা সরকার গত জানুয়ারী মাসে ব্রাজিলের ক্ষমতা গ্রহণের পর বাংলাদেশের রাষ্ট্রদূত সাদিয়া ফয়জুননেসাই সর্বপ্রথম রাষ্ট্রদূত যিনি ব্রাজিলের ফার্স্টলেডির সাথে সৌজন্য সাক্ষাতের আমন্ত্রণ পেলেন।



রাষ্ট্রদূত ব্রাজিলের সদ্য নির্বাচিত রাষ্ট্রপতি লুইজ ইনাসিও লুলা ডি সিলভা এবং ফার্স্ট লেডি মিজ রোজাঞ্জেলা লুলা ডি সিলভা-কে বাংলাদেশের রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর পক্ষ থেকে উষ্ণ শুভেচ্ছাবার্তা পৌছে দেন। এসময় নির্বাচনে জয়লাভ করা মাত্রই রাষ্ট্রপতি লুলাকে অভিনন্দন জানানোর জন্য ফার্স্ট লেডি রাষ্ট্রপতি লুলার পক্ষ হতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক ধন্যবাদ জানান এবং আশা প্রকাশ করেন যে রাষ্ট্রপতি লুলা ডি সিলভাঙ্কর নেতৃত্বকালীন সময়ে বাংলাদেশ ও ব্রাজিলের দ্বি-পাক্ষিক সম্পর্কের দৃশ্যমান অগগতি সাধিত হবে।

স্বাধীনতা সংগ্রামে ‘জাতির পিতা’ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অনবদ্য নেতৃত্ব ও তাঁর সুদীর্ঘ রাজনৈতিক সংগ্রামের ইতিহাস সম্পর্কে রাষ্ট্রদূত বিশদভাবে ফার্স্ট লেডিকে অবগত করেন। এসময় ল্যাটিন আমেরিকার কিংবদন্তী নেতা ফিদেল কাস্ত্রো কর্তৃক বঙ্গবন্ধুর হিমালয়সম তুলনা জেনে মিজ রোজাঞ্জেলা অভিভূত হন এবং বঙ্গবন্ধুর প্রতি তাঁর শ্রদ্ধাজ্ঞাপন করেন।

রাষ্ট্রদূত ফয়জুননেসা ফার্স্ট লেডি-কে ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধুর সপরিবারে নির্মম হত্যাকান্ডের বিষয়ে অবগত করলে ফার্স্ট লেডি মর্মাহত ও বাকরুদ্ধ হয়ে পড়েন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক নারীর ক্ষমতায়নকে কেন্দ্র করে গৃহীত দূরদৃষ্টি সম্পন্ন পদক্ষেপসমূহ এবং এর কার্যকরী ফলাফল নিয়ে রাষ্ট্রদূত ও ফার্স্ট লেডির মাঝে বিশদ আলোচনাকালে ব্রাজিলের ফার্স্ট লেডি বলেন “বাংলাদেশ নারীর ক্ষমতায়ন নিশ্চিতকরণে ব্রাজিল থেকে অনেক এগিয়ে আছেন’। ফার্স্ট লেডি প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষ নেতৃত্বের ভূয়সী প্রশংসা করেন এবং বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদানকারী নারীদের আন্তরিক অভিনন্দন জানান।

ফার্স্টলেডি রোজাঞ্জেলাকে জলবায়ু পরিবর্তন মোকাবেলা সংক্রান্ত বিভিন্ন ফোরামে বাংলাদেশের নেতৃস্থানীয় ও শক্তিশালী অবস্থানের বিষয়ে রাষ্ট্রদূত অবহিত করেন। এসময় ফার্স্টলেডি জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশের ঝুঁকিপূর্ণ পরিণতির বিষয়ে অবগত আছেন বলে জানান। এছাড়াও জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট ঝুঁকি হ্রাসে বাংলাদেশের অভিযোজন সক্ষমতার প্রশংসা করে জলবায়ু পরিবর্তন মোকাবেলা সংক্রান্ত সকল আন্তর্জাতিক ফোরামে ব্রাজিল বাংলাদেশের সাথে একযোগে কাজ করবে বলে ফার্স্টলেডি রোজাঞ্জেলা আশ্বস্ত করেন।

রাষ্ট্রদূত টেকসই উন্নয়ন, দারিদ্রমুক্তি, ক্ষুধা ও অপুষ্টি নিরসন, সামাজিক বৈষম্য, সামাজিক নিরাপত্তা বিষয়ে বাংলাদেশ ও ব্রাজিল সরকারের অভিন্ন অবস্থান সম্পর্কে ফার্স্টলেডি রোজাঞ্জেলাকে অবহিত করেন। গৃহহীন মানুষদের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার আশ্রয়ন প্রকল্প সম্পর্কে জেনে ফার্স্টলেডি অভিভূত হন। উল্লেখ্য, ব্রাজিলের ভূমিহীন দরিদ্রদের আবাসন নিশ্চিতকরণে ফার্স্ট লেডি মিজ রোজাঞ্জেলার ব্যাপক ভূমিকা রয়েছে।

ব্রাজিলিয়ান ফুটবলের প্রতি বাংলাদেশের ভালবাসা ও ব্রাজিলের ফুটবল দলের প্রতি অকুণ্ঠ সমর্থনের জন্য বাংলাদেশের জনগণকে ফার্স্ট লেডি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। বাংলাদেশের কুটির শিল্পের প্রসারের পাশাপাশি গ্রামীণ নারীদের স্বাবলম্বী এবং ক্ষমতায়নের মাধ্যম হিসেবে গ্রামবাংলার পটভূমিতে তৈরী হাতে বুনানো শাড়ি উপহার হিসেবে গ্রহণ করে ফার্স্টলেডি রোজাঞ্জেলা অভিভূত হন। তিনি বাংলাদেশের কৃষ্টি ও সংস্কৃতির প্রশংসা করে এ সম্পর্কে অধিকতর জানার আগ্রহ প্রকাশ করেন।



Khalil Biryani House

পবিত্র মাহে রমজানের

ইফতার ও সেহেরি পার্টি

বুকিং চলছে

জ্যামাইকা

১৬৭-২০ হিলসাইড এভিনিউ,
জ্যামাইকা, নিউইয়র্ক ১১৪৩২

(৯২৯) ৬০৮-০২২৯

ব্রঙ্কস

২০৬২ ম্যাকগ্র এভিনিউ,
ব্রঙ্কস, নিউইয়র্ক ১০৪৬২

(৬৪৬) ৭৬৩-৫০৭৩



সুস্বাদু খাবার
স্বাস্থ্যসম্মত খাবার
সার্টিফাইড শেফ

khalilsfood.com

+1 646-763-5073

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

ভোটারদের আস্থা ফেরাতে হবে

জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে সম্প্রতি হালনাগাদ ভোটার তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন (ইসি)। তালিকা অনুযায়ী, বর্তমানে দেশে ভোটার সংখ্যা ১১ কোটি ৯১ লাখ ৫১ হাজার ৪৪০। এর মধ্যে পুরুষ ৬ কোটি ৪ লাখ ৪৫ হাজার ৭২৪ জন এবং নারী ৫ কোটি ৮৭ লাখ ৪ হাজার ৮৭৯ জন। এছাড়া তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ৮৩৭ জন। তবে প্রতিবছর ভোটার তালিকায় নতুন মুখ যুক্ত হলেও বিগত কয়েক বছর ধরে নির্বাচনে ভোটার উপস্থিতি ও রাজনৈতিক দলের অংশগ্রহণ কমছে। দেখা গেছে, সর্বশেষ জাতীয় সংসদের ১০টি উপনির্বাচনে ভোট পড়েছে গড়ে মাত্র ৩০ শতাংশ। নির্বাচন নিয়ে ভোটারদের মধ্যে অনাগ্রহ কেন বাড়ছে, এ প্রশ্ন এড়িয়ে যাওয়া অনুচিত। জাতীয় সংসদ ও অন্যান্য ক্ষেত্রে জনপ্রতিনিধি নির্বাচনে ভোটারদের এমন ভোটকেন্দ্রবিমুখতা গণতন্ত্রের জন্য অশনিসংকেত বলে মনে করি আমরা।

বলার অপেক্ষা রাখে না, নির্বাচন প্রতিদ্বন্দ্বিতামূলক হলে তবেই সেখানে ভোটার উপস্থিতির আধিক্য পরিলক্ষিত হয়। কিন্তু দেশে গত দুটি জাতীয় নির্বাচনে এমনটি লক্ষ করা যায়নি। বস্তুত নির্বাচন মানে হচ্ছে যোগ্য প্রার্থী বেছে নেওয়ার সুযোগ। বিগত দুটি নির্বাচনে সেই সুযোগ না পাওয়ায় দেশের সাধারণ মানুষ হতাশ হয়ে ভোটকেন্দ্রে যাওয়ার আগ্রহ হারাচ্ছে কিনা, বিষয়টি খতিয়ে দেখা উচিত।

মূলত গণতান্ত্রিক পদ্প্রক্রিয়ায় অংশগ্রহণমূলক নির্বাচনের কোনো বিকল্প নেই। সব দলের অংশগ্রহণে দেশে একটি অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের নিশ্চয়তা পাওয়া গেলে মানুষ ভোটাধিকার প্রয়োগ করে যোগ্য প্রার্থী নির্বাচনে ভোটকেন্দ্রে হাজির হবে, এটি জোর দিয়ে বলা যায়। সে পরিস্থিতি তৈরি করতে হলে সবার আগে নির্বাচন সম্পর্কে মানুষের মনে আস্থা তৈরি করতে হবে। আর এক্ষেত্রে সরকার, দেশের রাজনৈতিক দলগুলো ও ইসির দায়িত্ব সর্বাধিক।

বাংলাদেশ উন্নয়নশীল রাষ্ট্রের স্বীকৃতি অর্জনের প্রক্রিয়ায় থাকলেও এ সত্য অস্বীকার করার উপায় নেই, বিগত ৫২ বছরেও দেশে কাঙ্ক্ষিত গণতন্ত্র প্রতিষ্ঠা না পাওয়ায় সর্বজনগ্রাহ্য নির্বাচন কমিশনও গঠন করা যায়নি। এ কারণে সাংবিধানিক প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও নির্বাচন কমিশনের ওপর অধিকাংশ মানুষ আস্থাশীল হতে পারেনি; বরং বিগত দিনগুলোয় প্রতিষ্ঠানটির কার্যকলাপ জনমনে নানা প্রশ্নের জন্ম দিয়েছে।

এ পর্যন্ত দেশে ১৩টি নির্বাচন কমিশন গঠিত হয়েছে। এর মধ্যে ৮টি কমিশন ১০টি জাতীয় সংসদ নির্বাচন পরিচালনা করেছে। এসব নির্বাচনের মধ্যে তত্ত্বাবধায়ক সরকারের সময় অনুষ্ঠিত চারটি নির্বাচন ছাড়া বাকি নির্বাচনগুলোর গ্রহণযোগ্যতা নিয়ে বিতর্ক রয়েছে। নির্বাচনী কাজে ক্ষমতাসীনদের যে কোনো ধরনের অযাচিত হস্তক্ষেপ মোকাবিলা করার দৃঢ়তা নির্বাচন কমিশনের থাকা প্রয়োজন হলেও হতাশাজনক হলো, একটি গণতান্ত্রিক দেশে যতটা শক্তিশালী নির্বাচনী ব্যবস্থা থাকা প্রয়োজন, তার ধারেকাছেও আমরা যেতে পারিনি।

এ অবস্থায় স্বাধীন, দৃঢ়চেতা এবং যে কোনো অন্যায়-অনিয়মের বিরুদ্ধে সোচ্চার থাকার মানসিকতাসম্পন্ন একটি নির্বাচন কমিশন প্রয়োজন। সরকার, রাজনৈতিক দল ও নির্বাচন কমিশনের সততা ও আন্তরিকতায় দেশের নির্বাচনী ব্যবস্থায় স্বচ্ছতা প্রতিষ্ঠিত হলে সাধারণ মানুষ ভোটদানে আগ্রহী হয়ে উঠবে, এতে কোনো সন্দেহ নেই।

পাকিস্তানী জাতীয়তাবাদ ও একাত্তরের যুদ্ধ

॥ সিরাজুল ইসলাম চৌধুরী ॥



একাত্তরের যুদ্ধের সময়ের মতো সমষ্টিগত দুঃসময় আমাদের জীবনে আর কখনো আসেনি। যুদ্ধটা ছিল রাজনৈতিক এবং তাতে জাতীয়তাবাদ নানাভাবে ও বিভিন্ন দিক দিয়ে পরীক্ষার সম্মুখীন হয়েছিল। বাঙালী জাতীয়তাবাদের শক্তি ওই সময়ে বিশেষভাবে প্রকাশ পায়, তার দুর্বলতাও যে ধরা পড়েনি এমনও নয়। বাঙালীর জাতীয়তাবাদের শক্তি ছিল ঐক্যে, দুর্বলতা ছিল নেতৃত্বের পেটি বুর্জোয়া চরিত্রে। বিপরীত পক্ষে পাকিস্তানী জাতীয়তাবাদও পরীক্ষা দিয়েছিল। তার দুর্বলতা ছিল অনৈতিকতায় ও অনৈকের। পাকিস্তানী জাতীয়তাবাদের কৃত্রিমতা তখন উন্মোচিত হয়ে যায়। ৫৬ জনের ওপর ৪৪ জন ঝাঁপিয়ে পড়েছিল; আক্রমণের চরিত্রটা ছিল গণহত্যার। পাকিস্তানী জাতীয়তাবাদের রক্ষকরা পরিণত হয়েছিল হানাদার ঘাতক ও দস্যুতে; তাদের অন্য কোনো জোর ছিল না অস্ত্রের জোর ছাড়া। নৈতিক জোর তো নয়ই। ওই যুদ্ধে ভারত যুক্ত হয়েছিল স্বাভাবিকভাবেই, তাদের তাগিদটাও জাতীয়তাবাদেরই ছিল। আমেরিকা, চীন, রাশিয়া-দের সংযোগটাও যে জাতীয় স্বার্থের বিবেচনার দ্বারা নির্ধারিত হয়েছিল, সে বিষয়েও সন্দেহ নেই।

আসলে বাংলাদেশের মানুষ তো একসময়ে পাকিস্তানী জাতীয়তাবাদকেই নিজেদের মধ্যে ধারণ করত। এমনকি একাত্তরের প্রথম দিকেও। ১ মার্চ ঢাকার স্টেডিয়ামে আন্তর্জাতিক ক্রিকেট খেলা চলছিল পাকিস্তানী টিমের সঙ্গে ইংল্যান্ডের এমসিসি টিমের; পরিবেশটা ছিল রীতিমতো উৎসবমুখর। স্টেডিয়াম ভর্তি বাঙালী দর্শকরা সবাই প্রবলভাবে পাকিস্তানী দলকে সমর্থন করছিল; কিন্তু ভরদুপুরে যে মুহূর্তে শোনা গেল গণপরিষদের অধিবেশন স্থগিত করা হয়েছে অমনি দৃশ্যপট সম্পূর্ণ বদলে গেল। স্টেডিয়াম মুখরিত হলো 'জয় বাংলা' ধ্বনিতে। আসন তছনছ করা, আগুন জ্বালানো-সব কিছু ঘটল। পাকিস্তানী খেলোয়াড়রা আক্রান্ত হলেন, আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর পাহারায় তাঁদের জান বাঁচিয়ে আশ্রয় নিতে হলো এমপি হোস্টেলে, মাস ঘুরতে না ঘুরতেই যে আবাসটি পরিণত হয়েছিল বাঙালি নির্যাতনের কেন্দ্রে। পরিবর্তনটা অবিশ্বাস্য মনে হলেও মোটেই অস্বাভাবিক ছিল না। পরিবর্তিত জাতীয়তাবাদের প্রতি অবিশ্বাস গভীর থেকে গভীরতর হচ্ছিল এবং আক্রমণের মুখে তা প্রতিরোধে পরিণত হয়েছিল। আক্রমণটা পাকিস্তানীরাই করেছে এবং কাজটা শুরু হয়ে গিয়েছিল সেই সাতচল্লিশ সালেই। পাকিস্তানের জন্মের পর থেকেই।

কিন্তু তবু সত্য তো এটাও যে একদা বাঙালী মুসলমানই পাকিস্তান প্রতিষ্ঠায় প্রধান ভূমিকা নিয়েছিল। তারা একই সঙ্গে বাঙালী ও মুসলমান ছিল। বাঙালীত্বটাই ছিল প্রধান, সেটিই ছিল স্বাভাবিক, তবে তারা নিজেদের মুসলমান পরিচয়টিকে সামনে নিয়ে এসেছিল রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠার আশায়। কিন্তু নতুন রাষ্ট্রের অভ্যুদয়ের সঙ্গে সঙ্গেই দেখা গেল তাদের স্বপ্ন আক্রান্ত হয়েছে। ওই আক্রমণের মুখেই তারা তাদের বাঙালী পরিচয়ের কাছে ফিরে গেছে, ওই পরিচয়টিকেই প্রধান করে তুলেছে। আক্রমণটি চূড়ান্ত রূপ নিয়েছিল ২৫ মার্চের মধ্যরাতে। অখন্ড পাকিস্তানকে ভেঙে ফেলার কাজটা বাঙালীদের হস্তক্ষেপের জন্য অপেক্ষা করেনি, পাকিস্তানী হানাদাররাই সেটা শুরু ও শেষ করেছে। বাঙালী মুসলমান কেন পাকিস্তানপন্থী হয়েছিল তার ব্যাখ্যা অস্পষ্ট নয়। 'দ্য মাইন্ড অব দি এডুকেটেড মিডল ক্লাস ইন দ্য নাইনটিনথ সেঞ্চুরি' নামের প্রবন্ধে জাতীয় অধ্যাপক রাজ্জাক দেখিয়েছেন যে শিক্ষিত হিন্দু মধ্যবিত্ত যেভাবে সাম্প্রদায়িক হয়ে উঠছিল, তাতে বিলম্বে উত্থিত শিক্ষিত মুসলিম মধ্যবিত্তের মধ্যে স্বাভাবিকভাবেই বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। সূত্রপাত ওই ঊনবিংশ শতাব্দীতেই, বিংশ শতাব্দীতে এসে দুই পক্ষের দূরত্ব বেড়েছে এবং মুসলিম মধ্যবিত্ত পাকিস্তানপন্থী হওয়া ছাড়া দৃষ্টিগ্রাহ্য গত্যন্তর দেখেনি।

সত্য এই যে জাতীয় মুক্তির জরুরি প্রশ্নটিকে সবাই সমান গুরুত্ব দিতে পারেনি। পাকিস্তান রাষ্ট্রে বসবাসকারী বাঙালিদের ওপর পাকিস্তানী জাতীয়তাবাদের প্রভাব ছিল; ছিল আচরণগত অভ্যাস, এমনকি ওই জাতীয়তাবাদে আস্থা যে ছিল না তা-ও নয়। যে জন্য দেখা যায় একাত্তরের আগে তো বটেই, পরেও স্থানে স্থানে পাকিস্তানী জাতীয়তাবাদের চিহ্ন রয়ে গেছে, বন্যার স্রোত নেমে গেলেও যেমন পানি আটকে থাকে এখানে-সেখানে। যেকোনো বিশ্বাসের পক্ষেই মানসিক সম্পত্তি ও আশ্রয়ে পরিণত হওয়াটা কোনো অসম্ভব ঘটনা নয়। দক্ষিণপন্থীরা পাকিস্তানী ভ্রান্তিতে পতিত হয়েছে, বামপন্থীদের একটি অংশকেও দেখা গেছে শ্রেণি প্রশ্নকে অগ্রাধিকার দিতে গিয়ে জাতি প্রশ্নকে পেছনে ঠেলে দিয়েছে। ফলে মুক্তিযুদ্ধে তাঁদের যেভাবে অংশগ্রহণ প্রত্যাশিত ছিল, সেভাবে তাঁরা অংশগ্রহণ করতে পারেননি। সেই সঙ্গে এটাও তো জানি আমরা যে মার্চ মাসের শেষ দিকে বাঙালীদের নেতা শেখ মুজিবুর রহমান এবং পাকিস্তানীদের হর্তাকর্তা ইয়াহিয়া খান যে দর-কষাকষি করছিলেন, সেটা পাকিস্তানকে ভাঙার জন্য ছিল না, ছিল তাঁকে বাঁচানোর জন্যই। সব কিছু মিলিয়ে-মিশিয়ে পাকিস্তানী জাতীয়তাবাদের বলয় থেকে বাঙালীর পক্ষে বের হয়ে যাওয়াটা সহজ ছিল না; মতাদর্শিক নিষেধটা নষ্ট হয়ে যায়নি, তার চেয়েও প্রবল ছিল রাষ্ট্রের নিষেধাজ্ঞা। মুজিবের পেছনে ছিল জনমতের অকুণ্ঠ সমর্থন, ইয়াহিয়ার হাতে ছিল আগ্নেয়াস্ত্র। জনমতের জন্য জায়গা করে দেওয়াটা হতো ন্যায়সংগত, সেটা ঘটেনি; অস্ত্র দমন করতে চেয়েছে জনমতকে। শেষ রক্ষা অবশ্য হয়নি; জনমতেরই জয় হয়েছে। কিন্তু অল্প সময়ের মধ্যে পাকিস্তানি জাতীয়তাবাদীরা হত্যা, লুণ্ঠন, ধর্ষণের যে মহোৎসব বসিয়েছিল, তার তুলনা ইতিহাসে বিরল।

একাত্তরের যুদ্ধের সময়ের মতো সমষ্টিগত দুঃসময় আমাদের জীবনে আর কখনো আসেনি। যুদ্ধটা ছিল রাজনৈতিক এবং তাতে জাতীয়তাবাদ নানাভাবে ও বিভিন্ন দিক দিয়ে পরীক্ষার সম্মুখীন হয়েছিল। বাঙালী জাতীয়তাবাদের শক্তি ওই সময়ে বিশেষভাবে প্রকাশ পায়, তার দুর্বলতাও যে ধরা পড়েনি এমনও নয়। বাঙালীর জাতীয়তাবাদের শক্তি ছিল ঐক্যে, দুর্বলতা ছিল নেতৃত্বের পেটি বুর্জোয়া চরিত্রে।

মানসিক আনুগত্যের ব্যাপারটা সামান্য ছিল না। ১৯৪৮-এর মার্চে জিন্নাহ ঢাকায় এসে উর্দুই একমাত্র রাষ্ট্রভাষা হবে এই ঘোষণা দিয়ে বাঙালির ঘৃণার পাত্রে পরিণত হয়েছিলেন। বিশেষ করে ছাত্রদের। কিন্তু তার পরও দেখা যাবে যে তিনি জাতির পিতা ও কায়েদে আজম রয়ে গেছেন, এমনকি ছাত্রদের একাংশের মধ্যেও। ফারুক আজিজ খান তখন সলিমুল্লাহ মুসলিম হলের আবাসিক ছাত্র। একাত্তরের অভিজ্ঞতাকে ভিত্তি করে স্প্রিং ১৯৭১ নামে তিনি একটি বই লিখেছেন। তাতে তিনি স্মরণ করেছেন যে জিন্নাহ মারা গেছেন, বিবিসিতে এই খবর শুনে মুসলিম লীগপন্থী পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্রলীগের সদস্যরা বামপন্থী হিসেবে পরিচিত ছাত্রদের ওপর এমনভাবে চড়াও হয় যেন জিন্নাহর মৃত্যুর জন্য বামপন্থীরাই দায়ী। মুনীর চৌধুরী তখন ওই আবাসিক হলে থাকতেন, তিনিও আক্রমণের শিকার হয়েছিলেন। পাকিস্তানপন্থীরা একাত্তরে কী করবে তার পূর্বাভাস উনপঞ্চাশেই পাওয়া গিয়েছিল। ফারুক আজিজ লিখেছেন যে আক্রমণকারীরা এমনকি তাঁর ওপরও ক্রুদ্ধ ছিল, যদিও বামপন্থী বলে তিনি পরিচিত ছিলেন না। কারণ? কারণ তিনি জিন্নাহর মৃত্যুতে যথোপযুক্ত পরিমাণে শোক প্রকাশে ব্যর্থ হয়েছিলেন। পাকিস্তানের আদত শত্রু বামপন্থীরাই, এই রকমের একটা বোধ পাকিস্তানপন্থীদের চেতনায় সানন্দে খেলাধুলা করত- এ ক্ষেত্রে পাকিস্তানী সামরিক এবং বেসামরিকদের ভেতর খুব যে একটা পার্থক্য দেখা গেছে তা নয়। তবে তাদের এই বোধ একেবারে যে অযৌক্তিক ছিল তা-ও নয়। পাকিস্তানী জাতীয়তাবাদের ভিত্তিতে ছিল ধর্ম, আর বামপন্থীরা ছিলেন ধর্মনিরপেক্ষ, তাঁদের 'নাস্তিক' বলারও রেওয়াজ ছিল। তা ছাড়া স্বাধীন বাংলাদেশের আওয়াজ যে বামপন্থীরাই প্রথমে তোলেন, এটাও তো ঐতিহাসিকভাবে সত্য। পাকিস্তানের নিপীড়নকারী ও অবৈজ্ঞানিক সত্তাটি তাদের কাছে স্পষ্ট না হয়ে পারেনি।

পাকিস্তান যে রাজনৈতিকভাবে যথেষ্ট শক্তসমর্থ হবে না এই বোধটা যাঁদের মধ্যে ছিল মোহাম্মদ আলী জিন্নাহ স্বয়ং তাঁদের একজন। যে জন্য তিনি ভরসা করতে চেয়েছিলেন সেনাবাহিনী ও অভিন্ন রাষ্ট্রভাষার ওপর। দেশ ভাগের সময় তাঁর বিশেষ উদ্বেগ ছিল সেনাবাহিনীর যথোপযুক্ত ভাগ পাওয়ার বিষয়ে। উপযুক্ত একটি সেনাবাহিনী তিনি পেয়েছিলেনও বৈকি। অফিসার ও সেনা উভয় গণনায়ই সেখানে ছিল পাঞ্জাবীদের একক আধিপত্য। রাষ্ট্রের রক্ষক হিসেবে অস্ত্রধারী সেনাবাহিনীই আবির্ভূত হয়েছিল। তবে রাষ্ট্রের ধ্বংসও তাদের হাতেই সম্পন্ন হয়েছে। তাঁর দ্বিতীয় ভরসা ছিল উর্দুকে রাষ্ট্রভাষা করার ওপর, বাঙালীরা সেটা মেনে নেয়নি; বাঙালী জাতীয়তাবাদের অপ্রতিহত বিকাশ ওই না মানা থেকেই শুরু। তারপর রাষ্ট্র চলে গেছে সেনাবাহিনীর হাতেই।

লেখক: ইমেরিটাস অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়

নামাজের সময়-সূচী

মার্চ	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯
ফজর	৫.৫৭	৫.৫৫	৫.৫৪	৫.৫২	৫.৫০	৫.৪৮	৫.৪৭
সূর্যোদয়	৭.১২	৭.১১	৭.০৯	৭.০৭	৭.০৬	৭.০৪	৭.০২
জোহর	১.০৬	১.০৬	১.০৫	১.০৫	১.০৫	১.০৫	১.০৪
আসর	৫.১৪	৫.১৫	৫.১৬	৫.১৭	৫.১৭	৫.১৮	৫.১৯
মাগরিব	৬.৫৯	৭.০১	৭.০২	৭.০৩	৭.০৪	৭.০৫	৭.০৬
এশা	৮.১৫	৮.১৬	৮.১৭	৮.১৮	৮.২০	৮.২১	৮.২২

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৫ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৬ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

মহাসমর শুরুর দুই মাস

॥ সালাহউদ্দিন বাবর ॥

দু'টি মাস, ফেব্রুয়ারী ও মার্চ; পরস্পর পিঠে পিঠে লাগানো দু'মাস। এই মাস দু'টির সাথে যেমন অনেক সাফল্যগাথা জুড়ে আছে, তেমনি রয়েছে ব্যথা-বেদনার অনেক পাঁচালী। বাংলাদেশের মানুষের কাছে এই দুই মাসের ৫৯ দিন যেমন অত্যন্ত স্পর্শকাতর এবং আবেগ আপ্লুত থাকে মানুষ; একই সাথে সীমাহীন ক্ষোভ-বিক্ষোভ উৎপাদন করে। যুগপৎ সুখ-স্মৃতি, সাফল্যের রঙে যেমন রঞ্জিত দিনগুলো, সেই সাথে ক্ষোভ, দুঃখ-বেদনা বঞ্চনায় নীলকণ্ঠ হয়ে থাকে এবং একসময় বজ্রনিনাদে ফেটে পড়ার ইতিহাস রয়েছে বহু গদ্যে-কাব্যে। এই মৃত্তিকার মানুষ প্রাণ বর্ষায় যেমন মাটি গলে কাদা হয়ে যায়, তেমনি হয় মানুষের মনও। আবার চৈত্রে সেটা লৌহ কঠিন হয়ে পড়ে। তেমনি এ জনপদের মন ও রূপ বদলায়। ফেব্রুয়ারি আমাদের ভাষা নিয়ে স্মৃতিবিজড়িত মাস, ভাষার মর্যাদার জন্য সংগ্রামের ও বিজয়ের মাস। আর মার্চ আমাদের স্বাধীনতা অর্জনের জন্য মুক্তিযুদ্ধ শুরুর মাস। মহাসমরের সূচনা হয় এই মাসে। এই দুই মাসের সাথেই তৎকালীন পাকিস্তানের শাসক নির্মমতার, যত পৈশাচিকতার অকল্পনীয় কান্ডও ঘটায়। উভয় মাসেই এ দেশের অকুতোভয় তরুণরা বুকের তাজা রক্তে রাজপথ, জনপদ ভিজিয়ে দিয়েছিল।

তবে দুঃখ হচ্ছে, এ দেশের রাজনীতির সাথে সংশ্লিষ্ট এক শ্রেণীর মানুষ গত অর্ধশতাব্দীর বেশি সময় ধরে এই ভূখন্ডের রাজনীতি, অর্থনীতি, সামাজিক, সাংস্কৃতিক থেকে যেমন বৈষম্য, দুরাচার, লুট-লুণ্ঠণ দূর করতে পারেনি, তেমনি পারেনি বৃহত্তর মানুষের সুখ-শান্তি-স্বস্তির ব্যবস্থা করতে। সর্বত্রই অপরিসীম ব্যর্থতা। এ যাবৎকালে যারাই যখন ক্ষমতায় এসেছেন তাদের নিষ্ক্রিয়তা, অদক্ষতা, বৈষম্যের যত বিষবৃক্ষ রোপণ করেছেন তারা। তাদের রোপিত বিষবৃক্ষের বিষবাষ্প সবকিছু ছারখার করে দিয়েছে। এজন্য তাদের হৃদয়ে কোনো অনুতাপ গ্লানি অনুশোচনা ও এতটুকু লজ্জা তাদের মনমগজে স্থান করে নিতে পারেনি। এক পরিসংখ্যানে দেখা যায়, বিগত ৫১ বছরের মধ্যে দেশের প্রায় ৫০ শতাংশ সময় ক্ষমতার চর্চা করেছে বর্তমান ক্ষমতাসীন শাসকবর্গ ও তাদের পূর্বসূরিরা। আর সিকি ভাগ সময় ক্ষমতায় ছিল এরশাদ সরকার। এই দুইয়ের অধীনে দেশ যেভাবে চলেছে সেটা বলতে গেলে দুঃশাসন, অক্ষমতাজনিত কারণে যত সব সমস্যায় দেশকে ভারাক্রান্ত করেছে, সেজন্য যে ভোগান্তি মানুষের তার বেশির ভাগ নিতে হবে সেই দুই সরকারের। তাদের কর্মপটুতা নিয়ে যা কথা বলা হলো কিন্তু তাদের বাকপটুতায় তারা তিলকে তাল করে নিজেদের সাফল্যকে উচ্চমাত্রায় নেয়ার ক্ষেত্রে অতুলনীয় যোগ্যতাই বহু সময় ধরে মানুষ দেখে আসছে। কিন্তু বাকপটুতায় তাদের যে যোগ্যতা বিপরীতে ঠিক ততটাই তারা পিছিয়ে রয়েছে কর্মপটুতায়। এমন শৈলীর অন্যতম একটি কারণ হচ্ছে শাসক দলের নেতা নির্বাচনের প্রক্রিয়ায় বড় ভুল পদক্ষেপ। দলের বিবেচনায় সেসব ব্যক্তির খুব গুরুত্ব দেয়া হচ্ছে না যারা বিদ্যাভাসে অধিকতর মনোযোগী, যারা সুষ্ঠু সঠিক পথে থেকে রাজনীতির মূল লক্ষ্য দেশ ও দেশের স্বার্থকে সর্বোচ্চ জ্ঞান করে। বরং তাদের নেতারা সেসব পাতি নেতাকেই বেছে নিতে পছন্দ করে, যারা মাঠে ময়দানে উপস্থিত থেকে গলাবাজি করে বেড়ায় এবং চাটুকারিতা করে নেতাদের মন তুষ্ট করে। অযোগ্য অক্ষমদের এটাই আসলে ওপরে ওঠার শর্টকাট পথ, অন্তত বাংলাদেশের জন্য বটেই।

জানা গেছে, আগামী ছয় মাসের মধ্যে অর্থাৎ আসছে সেপ্টেম্বর মাসের মধ্যে নির্বাচন কমিশন (ইসি) গাজীপুর, রাজশাহী, বরিশাল, খুলনা ও সিলেট সিটি করপোরেশনের নির্বাচন করিয়ে নিতে চায়। কিন্তু এসব নির্বাচনেই সব দলের বিশেষ করে বিএনপিসহ অন্যান্য আরো বেশ কিছু রাজনৈতিক সংগঠন পরিস্থিতি না পাল্টালে যে ভোটে অংশ নেবে এমন সম্ভাবনা কোথায়? ইতোমধ্যে সেইসব দল বলেই রেখেছে, বর্তমান সরকারের অধীনে আর কোনো গুরুত্বপূর্ণ নির্বাচনে তারা অংশ নেবে না। সে ক্ষেত্রে এই



পাঁচ সিটি করপোরেশনের নির্বাচন কী অংশগ্রহণমূলক হবে? যদি এতগুলো বিরোধী দল নির্বাচন বর্জন করে তবে জনগণ সে নির্বাচনে অংশগ্রহণ করার ব্যাপারে কোনো উৎসাহও বোধ করবে না। আর একটি বিষয় হচ্ছে, ইসি এ পর্যন্ত তাদের করানো কোনো নির্বাচনকেই ফলপ্রসূ, অর্থবহ ও অংশগ্রহণমূলক করার ব্যাপারে অবদান রাখতে পারেনি। সর্বশেষ কুমিল্লা সিটি করপোরেশনের নির্বাচনকে ইসি মানোত্তীর্ণ করতে পারেনি এই দেশে যেটা কোনো ইতিবাচক প্রভাব ফেলতে পারে। এখন যদি জাতীয় নির্বাচন নিয়ে তথা দ্বাদশ সংসদের নির্বাচনের আগে পাঁচ সিটিতে পূর্বে কোনো প্রহসনমূলক নির্বাচন হয় সেটা ডিসেম্বর মাসে যদি অনুষ্ঠিতব্য জাতীয় নির্বাচনে ক্ষমতার পালাবদলের সম্ভাবনা তৈরি করে, তবে সেই পাঁচ করপোরেশনের ফলাফলের ভাগ্যে কী ঘটতে পারে সেটা কে বলবে। এই পাঁচ নির্বাচনের জন্য ইসির কম টাকা খরচ হবার কথা নয়। তাই এখানে এত তাড়াহুড়ো না করে সময় থাকলে অপেক্ষা করা উচিত। কমিশনের সিইসিসহ অন্যান্য কমিশনার নিযুক্তি লাভের পর এ পর্যন্ত খুব কম সময় অতিবাহিত হয়নি। তার পরও তাদের গ্রহণযোগ্যতা নিয়ে সঙ্কট এখন অব্যাহত আছে। অর্থাৎ তাদের দায়িত্ব পালন কথাবার্তা নিয়ে প্রশ্ন জিজ্ঞাসার কোনো শেষ নেই। সেজন্য তাদের হিসাব করেই পা ফেলা উচিত, কেননা তাদের পূর্বসূরি দুই ইসি নিয়ে দেশের মানুষের অসন্তুষ্টির কোনো কমতি নেই। সেজন্য তর্কবিতর্ক এড়িয়ে চলাই হবে সঠিক কাজ।

ইসিকে অবশ্য গভীরভাবে ভাবতে হবে, শুধু দেশের মানুষ, রাজনৈতিক সংগঠনই নয় আন্তর্জাতিক বলয়, বিশেষ করে পশ্চিমের গণতান্ত্রিক বিশ্ব বাংলাদেশের গণতন্ত্র, মানবাধিকার সুশাসন নিয়ে খুব স্পর্শকাতর অবস্থানে রয়েছে। শুধু গণতন্ত্র নয় বাংলাদেশের যে অর্থনৈতিক নাজুক অবস্থা, তা থেকে বেল আউটে এর কর্মসূচির জন্য পশ্চিমের সহযোগিতা ভিন্ন দ্বিতীয় কোনো উৎসই নেই। যাদের কাছ থেকে প্রয়োজনীয় আর্থিক সহায়তা পাওয়া যেতে পারে, সেই পশ্চিমের আর্থিক সংগঠন আইএমএফ থেকেই কিছু সাহায্য পাওয়া গেছে। পশ্চিমের যারা দাতা দেশ তাদের কাছ থেকে সহায়তা পাওয়ার জন্য যে কিছু জেন্টেলমেন অ্যাগ্রিমেন্ট রয়েছে তার অন্যতম হচ্ছে, গণতন্ত্রের জন্য প্রতিশ্রুতিবদ্ধ হওয়া। আর গণতন্ত্রের প্রাণ হচ্ছে স্বচ্ছ অবাধ ও প্রশ্নমুক্ত নির্বাচন। সেখানে ইসির দায়িত্ব সর্বাধিক, তাদের ভূমিকা ইতিবাচক না হলে গণতন্ত্র শুধু বিনষ্টই হবে না, পশ্চিম সাহায্য করা থেকে হাত গুটিয়ে নিতে পারে।

আবার ফিরে আসি ফেব্রুয়ারি মার্চ প্রসঙ্গে। দূর সে অতীতে এই দুই মাসের আন্দোলন সংগ্রামের ফসলই হচ্ছে ভাষার স্বীকৃতি লাভ ও স্বাধীনতা অর্জন। এ কথা কেউ অস্বীকার করে না। ভাষার স্বীকৃতি অবশ্যই পাওয়া গেছে এবং স্বাধীনতাও অর্জিত হয়েছে। এতটুকু হলেই কী চলবে! ভাষার ব্যবহার বিকাশ না ঘটলে তা পূর্ণাঙ্গতা পেতে পারে কিভাবে। সর্বত্র ভাষার ব্যবহার হয়তো খুব কঠিন কাজ নয়, তথাপি ভাষার স্বীকৃতি লাভের পর বহু সময় অতিক্রান্ত হয়েছে বটে তবে সর্বত্র এখনো ভাষার ব্যবহার পূর্ণতা পায়নি। একই সাথে এ কথাও আমরা জানি, জ্ঞান-বিজ্ঞানের বিভিন্ন শাখায় এখনো বাংলায় কমই মৌলিক বই গবেষণা গ্রন্থ রচিত হয়েছে। অথচ বিশ্ব কিন্তু জ্ঞান গরিমা নিয়ে দ্রুত এগিয়ে গেছে ও যাচ্ছে। আমরা তা হলে জ্ঞান-বিজ্ঞানের একেবারে সাম্প্রতিক অগ্রগতি মাতৃভাষায় কিভাবে জানব? অতি দ্রুত যদি না অনুবাদ সাহিত্যের উন্নতি হয়, সে জন্য এ নিয়ে আন্দোলন জোরদার করতে হবে। ঠিক একইভাবে আমরা স্বাধীনতা পেয়েছি বটে, কিন্তু তা কেবল ভৌগোলিক সীমার মধ্যেই আজো ঘুরপাক খাচ্ছে। স্বাধীনতার যে মৌলিক প্রশ্ন তার সুরাহা আজো হয়নি। দেশের সব শ্রেণীর মানুষের জন্য অন্ন, বস্ত্র, শিক্ষা, স্বাস্থ্য ও বাসস্থান সংস্থান কি করা গেছে? আজো এই মৌলিক চাহিদার নাগাল পায়নি দেশের অসংখ্য মানুষ। সে লক্ষ্যেও আন্দোলন সংগ্রামের প্রয়োজন রয়েছে।

ঘুরেফিরে আবারো এই দুই বিষয়ের কথা বলতে হলে, এ কথাই প্রত্যয়ের সাথে উচ্চারণ করতে হবে, আমাদের দেশে জবাবদিহিতামূলক শাসনব্যবস্থা কায়েম হয়নি বলেই বহু বিষয়সহ আমাদের উপরি উক্ত দুই বিষয়ের প্রশ্নগুলোর যথাযথ নিষ্পত্তি হতে পারেনি। জবাবদিহিতামূলক সরকারব্যবস্থা কায়েমের একটি মাত্রই পথ। সেটা দেশে প্রকৃত গণতান্ত্রিক ব্যবস্থা কায়েম তথা প্রশ্নহীন নির্বাচনের মাধ্যমে যদি সরকার গঠন করা যায়।

ঘুরেফিরে আবারো এই দুই বিষয়ের কথা বলতে হলে, এ কথাই প্রত্যয়ের সাথে উচ্চারণ করতে হবে, আমাদের দেশে জবাবদিহিতামূলক শাসনব্যবস্থা কায়েম হয়নি বলেই বহু বিষয়সহ আমাদের উপরি উক্ত দুই বিষয়ের প্রশ্নগুলোর যথাযথ নিষ্পত্তি হতে পারেনি। জবাবদিহিতামূলক সরকারব্যবস্থা কায়েমের একটি মাত্রই পথ। সেটা দেশে প্রকৃত গণতান্ত্রিক ব্যবস্থা কায়েম তথা প্রশ্নহীন নির্বাচনের মাধ্যমে যদি সরকার গঠন করা যায়। তবে সেই সরকার অবশ্যই সংসদে নির্বাচিত সত্যিকার জনপ্রতিনিধিদের কাছে নিজেদের দায়-দায়িত্ব পালন করা নিয়ে জবাবদিহিতার অনুশীলন করতে বাধ্য থাকবে। সেভাবেই উপরি উক্ত দুই প্রশ্নের সুরাহা হবার পথ খুলবে। প্রতিটি গণতান্ত্রিক দেশে সংসদের কার্য পরিচালনার জন্য একটি কার্যপ্রণালী বিধি রয়েছে। সেই বিধিতে সরকারকে জবাবদিহি করানোর বহু পথ-পদ্ধতি থাকে। আমাদের এখানেও বিধান তেমন থাকলেও এর অনুশীলন নেই। আজকে যে সংসদ বিদ্যমান প্রকৃত পক্ষে সেটা একটি নির্বাচনী জোটের সদস্যদের নিয়েই গঠিত। তাই সেখানে কে কার জবাবদিহিতা করবে? এমন সব ব্যবস্থার অনুপস্থিতির জন্যই আমাদের এখানে গণতন্ত্রের পথযাত্রার যত ব্যত্যয় ঘটে চলেছে।

উপরে যে কথাগুলো বলা হয়েছে, গণতন্ত্র তথা এর অন্যতম অনুশীলন নির্বাচনকে প্রথমে প্রশ্নমুক্ত করা না গেলে সব অর্থহীন হবে। অথচ সরকার ও নির্বাচন কমিশন এই দুই প্রতিষ্ঠান নির্বাচনের সুষ্ঠু শৈলী অনুসরণ করতে আন্তরিক, এমন ধারণা পোষণ করার মতো পরিস্থিতি সৃষ্টি হয়নি। সেজন্যই দেশের ভাবমর্যাদা এখনো কালিমালিপ্ত হয়ে আছে। দেশের এসব নিয়ে কিছু কথা বলা যেতে পারে। সম্প্রতি একটি জাতীয় দৈনিকে খবর প্রকাশিত হয়েছে যে, 'বাংলাদেশের গণতান্ত্রিক সূচক ও নির্বাচনভিত্তিক গণতন্ত্রের সূচকে বাংলাদেশ পিছিয়েছে। সুইডেনভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান 'ভ্যারাইটিজ অব ডেমোক্রেসির (ভি-ডেম) প্রতিবেদনে বলা হয়েছে, লিবারেল ডেমোক্রেসি ইনডেক্স বা উদার গণতান্ত্রিক সূচকে ১৭৯ দেশের মধ্যে একধাপ পিছিয়ে বাংলাদেশের অবস্থান ১৪৭তম স্থানে এসে দাঁড়িয়েছে। স্কোর দশমিক ১১, যা গতবারের চেয়ে বেশ কমেছে, সেটা দশমিক ০২। শুধু নির্বাচন-ভিত্তিক গণতন্ত্রের সূচকেও বাংলাদেশের অবনমন ঘটেছে। এই সূচকে বাংলাদেশের বর্তমান অবস্থান ১৩১তম। স্কোর কমেছে দশমিক ০৩। গত বছরও বাংলাদেশে এসব মানদন্ডে পিছিয়ে ছিল।

অতি সম্প্রতিই এই প্রতিবেদনটি প্রকাশিত হয়েছে। ভি-ডেমের ২০২৩ সালের প্রতিবেদনের শিরোনাম যা ছিল, তার বাংলা করলে দাঁড়ায়, স্বৈরতান্ত্রিকীকরণের অদম্য। সে প্রতিবেদনে আরো কটু কথা আছে যেমন 'নির্বাচনভিত্তিক স্বেচ্ছাতন্ত্র'। এসব পরিস্থিতি থেকে উত্তরণের একমাত্র পথ হচ্ছে, নির্বাচনী ব্যবস্থার পরিশোধন বা উন্নয়ন। একই সাথে প্রকৃত গণতান্ত্রিক সমাজ বিনির্মাণের আর যেসব উপাত্ত রয়েছে তাকে ক্রমাগত উন্নয়নের দিকে নিয়ে যাওয়া। এ কাজে শাসক দল ও নির্বাচন কমিশনকেই প্রথমে এগিয়ে আসতে হবে। নির্বাচন ব্যবস্থার যে অবনমন ঘটছে, তার জন্য তাদেরই সব মহল থেকে এখন অভিযুক্ত করা হচ্ছে। তাই এই দুই গণতান্ত্রিক ও রাজনৈতিক প্রতিষ্ঠান এগিয়ে আসতে হবে। এ ক্ষেত্রে দ্বিতীয় কোনো পথ খোলা নেই। সম্মুখে কয়েকটি সিটি করপোরেশনের ও জাতীয় নির্বাচন অপেক্ষা করছে। তার আগে উল্লিখিত দুই সংগঠনকে সব নির্বাচন প্রশ্নমুক্তভাবে করার লক্ষ্যে একটি 'রোডম্যাপ' নিয়ে কাজ করতে এগিয়ে আসতে হবে। রাজপথে এখন গণতন্ত্রের জন্য যে আন্দোলন চলছে সেখান থেকে সহিষ্ণুতার অনুশীলন শুরু করা যেতে পারে। গণতন্ত্রের আত্মাস্বরূপ আন্তরিক অভিব্যক্তি এভাবে এগিয়ে যাক। শাসক দল এক এক ধাপ করে এগিয়ে যেতে পারে, তাহলেই গণতন্ত্রের প্রতি তাদের যে অঙ্গীকারের কথা ব্যক্ত করেন সেটা পরিপূর্ণতা লাভ করতে পারবে। তখন খুব স্বাভাবিক, বাংলাদেশের ললাটে যে কালো সিল পড়েছে সেটা ধুয়ে মুছে যেতে পারে।



প্রশ্নবিদ্ধ বিস্ফোরণ : দুর্ঘটনা বনাম নাশকতা

॥ রিন্টু আনোয়ার ॥

বাংলাদেশের বিভিন্ন জায়গার গত মাস কয়েকের বিস্ফোরণগুলোকে দ্রুত দুর্ঘটনা বলতে পারলেই যেন স্বস্তি একটা সময় যেখানে রিকশার টায়ার ফাটলেও বলা হতো নাশকতা বা নাশকতার চেষ্টা। বলা পর্যন্তই নয়, সমানে চলত অভিযান, ধরপাকড়। মামলা তো হতোই। এরপর তদন্তের নামে নাস্তানাবুদ করা। সেখানে সম্প্রতি দুর্ঘটনা বলে দেয়া হচ্ছে দ্রুত।

ঢাকার সায়েন্সল্যাব এলাকায় প্রিয়াঙ্গন মার্কেটের পাশের তিনতলা বাণিজ্যিক ভবনে বিস্ফোরণে তিনজন নিহত, আহত প্রায় ৫০। পুলিশ, র‍্যাব, বোমা নিষ্ক্রিয়করণ দলসহ কতো আয়োজন। শেষে জানানো হলো স্রেফ দুর্ঘটনা, নাশকতা নয়। কিছু সময়ের ব্যবধানে কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গা ক্যাম্পে বিস্ফোরণ-অগ্নিকান্ড। দুই হাজারের মতো ঘর পুড়ে যাওয়াও তেমন ঘটনা নয়, নাশকতা তাও নয়ই। ছোটখাটো এ ঘটনার আগে গত বছরের ২২ মার্চ উখিয়ার বালুখালীতে আগুনে পুড়ে মারা যায় ১৫ জন রোহিঙ্গা। তখন ১০ হাজারের মতো রোহিঙ্গার ঘর পুড়ে যায়। সেটির তুলনায় এটি ঘটনার মধ্যে পড়ে না। পঞ্চগড়ে কাদিয়ানিদের বাড়িঘর, দোকানপাটে হামলাও ঘটনা নয়? ব্রাহ্মণবাড়িয়ায় ওয়াজ থেকে বাড়ি ফেরার পথে বক্তার ওপর হামলা ও তার জিহ্বা কেটে নেয়ার চেষ্টাও দুর্ঘটনা, নাশকতা নয়। এর ফাঁকে বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের উপকূলীয় শহর চট্টগ্রামের সীতাকুন্ডে অক্সিজেন প্ল্যান্টে বিস্ফোরণে ৬-৭ জনের লাশ উদ্ধারও মামুলি হয়ে যাচ্ছে। ঢাকার সিদ্দিকবাজারের ঘটনাকে পাশাপাশি তুলনা করলে সীতাকুন্ডেরটিও ছোট ঘটনা।

ব্যাপকতা-ভয়াবহতা ও ধরন বিশ্লেষণে ঘটনা, দুর্ঘটনা, নাশকতা ভিন্ন জিনিস। আবার প্রতিটি নাশকতাই ঘটনা-দুর্ঘটনা। কোনো ঘটনাকে দুর্ঘটনা, দুর্ঘটনাকে নাশকতা বলা কাম্য নয়। এর বিপরীতটাও তাই। বিগত কয়েক বছরে বড় ধরনের বিস্ফোরণের খবর গণমাধ্যমের শিরোনাম হয়েছে। শুরুতে নাশকতা-ষড়যন্ত্রের কথা বলা হলেও পরে প্রথমত দায়ী করা হয়েছে জমে থাকা গ্যাসকে। দ্বিতীয়ত ভবন বা ফ্যাক্টরি মালিককে। এ ধরনের কয়েকটি দুর্ঘটনার তদন্ত এখনো শেষ হয়নি। যে ক'টির তদন্ত প্রতিবেদন সামনে এসেছে সেখানে বিস্ফোরণের পেছনে মূলত দায়ী করা হয়েছে ভবন বা প্রতিষ্ঠানের মালিককে। ঘটনার তদন্তে কর্তৃপক্ষের অবহেলা প্রকাশ্যে এলেও তাদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক কোনো ব্যবস্থা নেয়ার দৃষ্টান্ত কম।

সম্প্রতি এমন কী ঘটল যে আজ এখানে, কাল সেখানে গ্যাসের লিকেজ বেড়ে গেছে? চট্টগ্রামের সীতাকুন্ডে একটি বেসরকারি অক্সিজেন প্ল্যান্টে বিস্ফোরণের রেশ কাটতে না কাটতে ঢাকার সায়েন্স ল্যাবরেটরিতে একটি ভবনে বিস্ফোরণে প্রাণ যায় তিনজনের। এর দু'দিন পর পুরান ঢাকার সিদ্দিকবাজারে বহুতল ভবনে ভয়াবহ বিস্ফোরণ। সামান্য সময়ের ব্যবধানে তিনটি বিস্ফোরণের ঘটনা কাকতালীয় না এর পেছনে কিছু আছে? এ নিয়ে সন্দেহের দানা বাঁধছে জনমনে। প্রাথমিকভাবে গ্যাস বিস্ফোরণের কথা বললেও এর পেছনে অন্য কিছু আছে কি না সেটা কতটা আমলে নেয়া হচ্ছে, পরিষ্কার নয়।

শীত মৌসুমে অনেকে এসি বন্ধ রাখেন, আবার গরম শুরু হলে চালু করেন। এতে হঠাৎ বিস্ফোরণের একটা শঙ্কা থাকে। তাই বলে এমন সিরিজ বিস্ফোরণ? আবার মিথেন গ্যাস জমে এত বড় বিস্ফোরণ ঘটে চলছে, তা মানাও কষ্টকর। ঢাকা ও চট্টগ্রামের তিনটি বিস্ফোরণের ধরন একই। একই ধরনের বিস্ফোরণ সন্দেহ বাড়াচ্ছে। প্রাথমিক ধারণায় বলে দেয়া হচ্ছে, গ্যাস জমাট বাঁধার কারণে বিস্ফোরণ হয়েছে। সব দোষ গ্যাসের ওপর চাপানো অনেকটা একতরফা হয়ে যাচ্ছে। বিগত কয়েক বছরে এ ধরনের ছোট-বড় বিস্ফোরণের খবর গণমাধ্যমে শিরোনাম হয়েছে। প্রায় সব ক'টি বিস্ফোরণের ক্ষেত্রে দায়ী করা হয়েছে 'গ্যাস লিকেজ' বা 'জমে থাকা গ্যাস'কে। কোনো ঘটনাই তদন্তের বাইরে থাকছে না। কয়েকটি দুর্ঘটনার তদন্ত এখনো শেষ হয়নি। যে ক'টির তদন্ত প্রতিবেদন প্রকাশ হয়েছে সেখানে বিস্ফোরণের জন্য প্রধানত দায়ী করা হয়েছে ভবন বা প্রতিষ্ঠানের মালিককে। আর কারো দায় বা দায়িত্ব থাকতে নেই? কর্তৃপক্ষ বা তদন্তের মালিক-মোক্তারদের মতিগতি বলছে, আর কারো যেন দায়বদ্ধতা নেই।

এর আগে, ২০২১ সালের জুনে রাজধানীর মগবাজারে বিস্ফোরণের জন্যও দায়ী করা হয়েছিল তিন তলা ভবনের নীচতলায় জমে থাকা গ্যাসকে। অথচ ওই ঘটনায় ভবনের নিচতলায় কোনো গ্যাস সংযোগ পাওয়া যায়নি, গ্যাস সিলিন্ডারও অক্ষত ছিল।সে সময় বিশেষজ্ঞরা বলেছিলেন, তারা সেখানে মিথেন গ্যাসের গন্ধ পেয়েছেন যা পয়ঃনিষ্কাশন লাইন থেকে লিক হতে পারে। এর আগের বছর ২০২০ সালের সেপ্টেম্বরে নারায়ণগঞ্জের ফতুল্লায় একটি মসজিদে বিস্ফোরণ ৩৪ জনের মৃত্যুর ঘটনার পোস্টমর্টেমও ছিল এমনই। তদন্ত সংস্থা সিআইডি বিস্ফোরণের কারণ উদঘাটন করে জানিয়েছিল, মসজিদের ভেতরে গ্যাস লাইনের লিকেজ দিয়ে বের হয়ে আসা গ্যাসের ওপর বিদ্যুতের স্পার্ক পড়তেই বিস্ফোরণ ঘটেছে। প্রতিটি দুর্ঘটনায় তদন্ত কমিটি গঠন এক ধরনের রুটিন ওয়ার্ক। এ কমিটিকে রিপোর্ট দিতে সময় বেঁধে দেওয়া হয়। অনেক সময় তদন্ত প্রতিবেদন দিতে দীর্ঘ সময় চলে যায়। নানা ঘটনার তোড়ে মানুষও ঘটনা ভুলে যায়। এর মাঝে প্রতিবেদনে তদন্তের ফলাফল সামনে এলেও দুর্ঘটনার সব দায় বর্তায় কোনো ব্যক্তি, ভবন মালিক, কারখানা মালিকের ওপর। তার মানে গ্যাসের লিকেজের জন্য এরাই দায়ী। ভবন করতে যে ফায়ার সার্ভিস, সিটি বা পৌর কর্তৃপক্ষের নকশা পাস করানো হয় তা আলোচনার বাইরেই থেকে যায়। কোনো ভবনের নকশা অগ্নি-নিরাপত্তা মেনে করা হয়েছে কিনা, আগুন নেভানোর মতো প্রয়োজনীয় যন্ত্রপাতি আছে কিনা, সেই সাথে কেমিক্যাল মজুদ বা কারখানার লাইসেন্স দেয়ার সময় পর্যাপ্ত নজরদারি ছিল কিনা তাও উহ্য থেকে যায়।

কোনো ভবনে অবৈধ বিদ্যুৎ আর গ্যাসের সংযোগ কিভাবে এলো, এই অক্সিজেন কারখানা নিয়ম মেনে পরিচালিত হচ্ছিল কিনা, কন্টেইনার ডিপোতে কিভাবে এত কেমিক্যালের মজুদ হলো- এসব প্রশ্নও সামনে আসে না। এসব বিষয় তদারকির কি কোনো সরকারি কর্তৃপক্ষ নেই? কর্তৃপক্ষের তো অভাব নেই। নইলে ভবন বা কারখানা করতে গেলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, সিটি করপোরেশন, জেলা প্রশাসন, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বিস্ফোরণ পরিদফতর, পরিবেশ অধিদফতরসহ নানান জায়গায় ধরনা দিতে হয় কেন? কোনো কোনোটিতে ব্যাংক এবং ইন্স্যুরেন্স কোম্পানিও দায়বদ্ধ থাকছে। কিন্তু, অঘটন ঘটলে ভবন বা প্রকল্পের মালিক ছাড়া আর কারো নাম আসে না। যাদের গাফিলতি থাকতে পারে তাদেরই তদন্ত কমিটিতে রাখা আরেক পরিহাস। আবার গাফিলতির অভিযোগে কোনো মালিককে গুরুতর শাস্তির আওতায় আনার নজিরও কম। আলোচিত ও বড় ঘটনা ছাড়াও প্রতিনিয়ত ছোটখাটো অসংখ্য বিস্ফোরণ ঘটছে। হতাহতের সংখ্যাও বাড়ছে পাল্লা দিয়ে। চোখসহ শরীরের বিভিন্ন অঙ্গ হারিয়ে মানবেতর জীবনযাপন করছেন ভুক্তভোগীরা। বিস্ফোরক আইন ও নীতিমালার তোয়াক্কা না করে বিভিন্ন দাহ্যপদার্থ রাখা ছাড়াও এসব দুর্ঘটনার বড় একটি অংশ পুরনো গ্যাসলাইন লিকেজ ও এসি থেকে হচ্ছে। মেকানিকদের অদক্ষতায় অনেক সময় বড় দুর্ঘটনা ঘটছে। তারা বলছেন, গ্যাসের লিকেজ ও এসি-ফ্রিজের ছোটখাটো ত্রুটি সারাতে অনেকেই মেকানিক ডেকে আনেন। মেকানিকদের সঠিক কারিগরি জ্ঞান না থাকার কারণে বেশির ভাগ সময়ই মেরামতের পরও ত্রুটি থেকে যায়, যে কারণে এসব জায়গায় বারবার বিস্ফোরণ ঘটে। তা ছাড়া গ্যাস ও বিদ্যুতের লাইন নিয়মিত পরীক্ষা না করার কারণেও দুর্ঘটনা ঘটতে পারে। বিল্ডিং কোডে এ সম্পর্কে গাইডলাইন দেয়া আছে। চাইলে বিস্ফোরক পরিদফতরও গাইডলাইন দিতে পারে। তাই বারবার অগ্নিকান্ড, বিস্ফোরণের মতো ঘটনাগুলোকে শুধুই দুর্ঘটনা বলা যায় না। চট্টগ্রামের সীতাকুন্ড, ঢাকার সায়েন্স ল্যাব, সিদ্দিকবাজারসহ সাম্প্রতিক ঘটনাগুলো কোনো কিছুর ইঙ্গিত কিনা, অবশ্যই ভেবে দেখার বিষয়। সন্দেহ করার যথেষ্ট কারণ রয়েছে।

রাজধানী ঢাকাসহ দেশের কয়েকটি শহরের কিছু এলাকা বিস্ফোরণোন্মুখ। পুরান ঢাকার অবস্থা বেশি ঝুঁকিপূর্ণ। সেখানে পুরনো ইউটিলিটি সার্ভিস, তার সাথে মিশ্র ধরনের, এমন সব পণ্যের গুদাম আছে। দাহ্য, বিপজ্জনক পদার্থ সেখানে গুদামজাত করা হয়। রাস্তাঘাটও সরু। ঢাকা শহর গড়ে তোলাই হয়েছে অপরিকল্পিতভাবে। এখানে ভূগর্ভস্থ পয়োবর্জ্য লাইন, বিদ্যুৎ লাইন, গ্যাসের লাইন- কোন্টা কোন দিক দিয়ে গেছে তা অনেকের জানা নেই। যেকোনো সময় যেকোনো জায়গায় দুর্ঘটনার ব্যবস্থা হয়েই আছে। এ মুহূর্তে বড় ভূমিকম্প আঘাত হানলে মালুম করা যাবে। তাই বলে আমাদের সেই পর্যন্ত অপেক্ষা করতে হবে?

লেখক: সাংবাদিক ও কলামিস্ট

শীত মৌসুমে অনেকে এসি বন্ধ রাখেন, আবার গরম শুরু হলে চালু করেন। এতে হঠাৎ বিস্ফোরণের একটা শঙ্কা থাকে। তাই বলে এমন সিরিজ বিস্ফোরণ? আবার মিথেন গ্যাস জমে এত বড় বিস্ফোরণ ঘটে চলছে, তা মানাও কষ্টকর। ঢাকা ও চট্টগ্রামের তিনটি বিস্ফোরণের ধরন একই। একই ধরনের বিস্ফোরণ সন্দেহ বাড়াচ্ছে। প্রাথমিক ধারণায় বলে দেয়া হচ্ছে, গ্যাস জমাট বাঁধার কারণে বিস্ফোরণ হয়েছে।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ। ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ
অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।

অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'
আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এসে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।
তাছাড়া ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।
বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনানে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।
দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হয়ে আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিতে পারেন এবং ৫ বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।
আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?
* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিস্ট্রাকচারাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে ধরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।
Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

মাহে রমজান ২০২৩-এ টাইম টেলিভিশন এর বিশেষ আয়োজন

QIRAAT COMPETITION 2023
LIGHT OF QURAN

পবিত্র মাহে রমজান উপলক্ষে টাইম টেলিভিশন নিউ ইয়র্কে অবস্থিত বাংলাদেশী পরিচালিত সকল মসজিদ/মাদ্রাসা থেকে নতুন প্রজন্মের অংশগ্রহণে আয়োজন করেছে ক্বিরাত প্রতিযোগীতার। অংশগ্রহণে আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে আগামী ১৫ মার্চ ২০২৩ এর মধ্যে নাম রেজিস্ট্রেশন করার আহ্বান জানানো হচ্ছে। বয়সসীমাঃ ন্যূনতম ৮ বছর থেকে অনুর্ধ ১৬ বছর। অংশগ্রহণে আগ্রহী প্রতিযোগীর নাম, জন্মতারিখ ও ঠিকানা সংশিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক জমা দেওয়ার অনুরোধ করা যাচ্ছে। প্রতিটি প্রতিষ্ঠান হতে সর্বোচ্চ ৩ জন প্রতিযোগী রেজিস্ট্রেশন করতে পারবে।

● প্রথম পুরস্কারঃ ২০০০ ডলার ● দ্বিতীয় পুরস্কারঃ ১৫০০ ডলার ● তৃতীয় পুরস্কারঃ ১০০০ ডলার
● চতুর্থ পুরস্কারঃ ৭৫০ ডলার ● পঞ্চম পুরস্কারঃ ৫০০ ডলার

এছাড়াও সকল প্রতিযোগিকে বিশেষ পুরস্কার ও সনদ প্রদান করা হবে।

রেজিস্ট্রেশন এর জন্য যোগাযোগঃ
ফোন/এসএমএসঃ +1(718) 482-9923
+1 (718) 482-1169
ই-মেইলঃ timetvusa@gmail.com
চিঠি পাঠাবার ঠিকানাঃ
Time Television 36-50 38th St,
Long Island City, NY 11101

আয়োজনে
TiME television

পৃষ্ঠপোষকতায়

প্রতিযোগিতাটির সবগুলো পর্ব
টাইম টেলিভিশন -এ সম্প্রচারিত হবে।

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।

এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

40-19 73rd St. Woodside, NY 11372
Tel: 718-701-2666

রুমী ডেন্টাল ল্যাব



আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।



Princeton Court Building
35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372
(Bet. 35th & 37th Avenue)

Tel: 718-672-0209, 718-414-4760

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Alam Podiatry, P.C.

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।	বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে *প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়*	ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহের আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ইউএসসিআইএস সন্তানের স্ট্যাটাস সংরক্ষণ এ্যাক্ট (সিএসপিএ) এর নীতিমালা সময়োপযোগী করেছেঃ

ইউএসসিআইএস গত মাসে তার পলিসি ম্যানুয়াল সময়েঅপযোগী করেছে। এতে বলা হয়েছে, যখন একজন অনাগরিকের জন্য সন্তানের স্ট্যাটাস প্রটেকশন এ্যাক্টে (সিএ-পিএ) আইন সম্মতভাবে অগ্রাধিকার ক্যাটাগরিতে পার্মানেন্ট রেসিডেন্টের জন্য আবেদনকারীর ক্ষেত্রে ইমিগ্র্যান্ট ভিসা পাওয়া যাবে। ২০২৩ সালের ফেব্রুয়ারী মাসের ১৪ তারিখে বা তার পূর্বে যারা আবেদন করেছেন, তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

যদি আপনার স্ট্যাটাস অ্যাডজাস্টমেন্টের আবেদন প্রত্যাখ্যাত হয়, অথচ আপনি মনে করেন এই নীতিমালায় সিএসপিএ আবেদনকারীর বয়স ২১ বছরের নিম্ন হবে আপনি আপনার আবেদন পুনরায় চালু করার জন্য মোশন ফাইল করতে পারেন। মনে রাখতে হবে যে, সিদ্ধান্ত গ্রহণের ৩০ দিনের মধ্যে মোশনের জন্য ফাইল করতে হবে। যদি মোশন ফাইল করতে, ৩০ দিনের বেশি লেগে যায় সেক্ষেত্রে আপনাকে প্রমাণ করতে হবে যে, আপনার বিলম্বের কারণ যুক্তিসঙ্গত এবং পরিস্থিতি আপনার নিয়ন্ত্রণের বাইরে ছিলো। অসময়ে মোশন আবেদনের বিষয়টি ইউএসসি-সআইএস ক্ষমাও করে দিতে পারেন। মনে রাখতে হবে আপনাকে অবশ্যই মোশন ফাইল করার জন্য আই-২৯০ ফরম সাবমিট করতে হবে। সেই সাথে আপনাকে ফাইলিং ফিস দিতে হবে। ইমিগ্রেশন তখনই আপনার আবেদন গ্রহণ করবে, আপনি যদি যথাযথ ফাইলিং ফিস দিয়ে থাকেন। ফিস দিতে অপারগ হলে আপনাকে সেক্ষেত্রে ফিস মওকুফের জন্য আবেদন করতে হবে। সঠিক ফাইলিং ফিস জানতে ইউএসসি-সআইএস এর ওয়েব সাইট ভিজিট করুন।

চাইল্ড স্ট্যাটাস পটেকশন এ্যাক্ট (সিএসপিএ) এর ব্যাক গ্রাউন্ডঃ

ইমিগ্রেশন এ্যান্ড ন্যাশনালিটি এ্যাক্ট (আইএনএ) ব্যাখা মতে চাইল্ড অবিবাহিত এবং এলপিআর স্ট্যাটাস অনুমোদনের পূর্বেই তার বয়স ২১ হতে হবে। যাতে ইমিগ্রেশনের কাছে সে আর শিশু বলে বিবেচিত নয়। এরকম পরিস্থিতিতে সাধারণত 'বয়স অত্যন্ত' ধরা হয়। সেক্ষেত্রে তাকে নতুন করে আবেদন করতে হবে। এবং এমন অবস্থায় গ্রিনকার্ড পাওয়া আরও বিলম্বিত হতে পারে। এমনকি আপনি গ্রিনকার্ড নাও পেতে পারেন।

কংগ্রেস স্বীকার করেছে যে, অনেক শিশুই ইউএসসিআইএস'র দীর্ঘ ব্যাকলগের কারণে বয়সোতীর্ন হয়ে যাচ্ছে। সেকারণে শিশুদের বয়সোত্তীর্ন থেকে সুরক্ষা দিতে সিএসপিএ প্রবর্তন করেছে। সিএসপিএ ২০০২ সালের ৬ আগস্ট থেকে কার্যকর হয়েছে।

সিএসপিএ শিশুর সংজ্ঞা পরিবর্তন করেনি। তার জায়গায় সিএসপিএ এমন একটি পদ্ধতি গ্রহণ করেছে, যাতে করে ইমগ্রেশনের লক্ষ্য পূরণে তারা শিশুর সংজ্ঞা পূরণ করতে পারে। ইমিগ্রেশন সিএসপিএ বয়স'কে শিশুর বয়স হিসেব করেছে। এর ফলে অনেকে ২১তম জন্ম বার্ষিকী পালন করার পরও শিশু (চাইল্ড) বলে শ্রেণীবদ্ধ হবে।

ইউএসসিআইএস কোভিড-১৯ এর কারণে যে সু-বিধা দিয়েছিলো, তার মেয়াদ আরও বাড়িয়েছেঃ

ইউএস সিটিজেনশীপ এ্যাক্ট ইমিগ্রেশন সার্ভিস (ইউএসসিআইএস) কোভিড-১৯ সময়ে ঘোষিত কতিপয় সুবিধা ২০২৩ সালের ২৩ মার্চ পর্যন্ত বর্ধিত করেছে। ইউএসসিআইএস নিশ্চিত যে, এটাই হবে সুবিধা বৃদ্ধির শেষ ব্যবস্থা।

এই ঘোষণা অনুযায়ী আবেদন জমা দেয়ার শেষ তারিখ ২০২৩ সালের ২৩ মার্চের আগে এই সুবিধা ছিলো ২০২০ সালের ১ মার্চ পর্যন্ত। নতুন কন্ডিনিয়োশন টু রিকোয়েস্ট এভিডেন্স (এন-১৪), নোটিশ অব ইনটেন্ট টু টেম্পোরারি প্রটেক্টেড স্ট্যাটাস

মোশানস টু রিওপেন এন-৪০০ পারসুয়েস্ট টু ৮ সিএফআর ৩৩৫.৫, রিসিট অব ডেরোগেটারি ইনফরমেশন আফটার গ্র্যান্ট।

এ রকম অনুরোধ উপরে উল্লেখিত তারিখ বা চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পূর্বে পেলে ইউএসসিআইএস সেই অনুরোধ বিবেচনা করবে।

এছাড়া যদি নিচের কারণগুলো যেমন ন্যাচ-রালাইজেশন প্রক্রিয়া এন-৩৩৬ ফরম বা (আইএনএ ধারার অধীন) ফরম আই-২৯০ বি, আবেদনের জন্য যা আবশ্যকঃ

রিকোয়েস্ট ফর এভিডেন্স (আরএফই)

নোটিশ অব ইনবেষ্টঃ ডিনাই (এনওয়াইডি)

নোটিশ অব ইনটেন্ট টু রিভোক অব রিসাইড (এনঅব আইআর)

নোটিশ অব ইনটেন্ট টু টার্মিনেন্ট রিজওনাল সেন্টার্স



মোশন বা আপিল এর অনুরোধ থাকে তবে ইউএসসিআইএস বিবেচনা করবেঃ

সিদ্ধান্ত গ্রহণের তারিখ থেকে ৯০ দিনের মধ্যে ফরমটি যদি দাখিল করা হয়,

ইউএসসিআইএস সিদ্ধান্তটি যদি ২০২১ এর ১ নভেম্বর থেকে ২০২৩ এর ২৩ মার্চের মধ্যে গ্রহণ করে থাকে।

নোটঃ ইউএসসিআইএস'র সিদ্ধান্ত যে চূড়ান্ত তারিখ রয়েছে তা খেয়াল করতে হবে চূড়ান্ত সময় সীমার পূর্বে উত্তর দিতে না পারলে আপনাকে ইউএসসিআইএস এর সঙ্গে যোগাযোগ করে নিশ্চিত হতে হবে যে, কোভিড-১৯ এর কারণে যে ৬০ অথবা ৯০ দিনের অতিরিক্ত সময় বাড়ানো হয়েছে, সেই মতে আপনি সেই সুযোগ লাভের যোগ্য।

মার্চ ২০২৩ ভিসা বুলেটিন

ফ্যাসিলি স্পন্সরড অগ্রাধিকারঃ

প্রথম (এফ-১) ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্রও কন্যাগণঃ ডিসেম্বর ১, ২০১৪।

দ্বিতীয়ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী, সন্তান এবং অবিবাহিত পুত্র ও কন্যাগন

এ. (এফ-২এ) পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের সন্তানঃ চলতি।

বি. (এফ-২বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র ও কন্যাগণঃ (২১ বছর বয়সী বা ততোর্ধ)ঃ সেপ্টেম্বর ২২, ২০১৫।

তৃতীয়ঃ এফ-৩) ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র ও কন্যাগণঃ নভেম্বর ২২, ২০০৮।

চতুর্থঃ (এফ-৪) বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই ও বোনেরাঃ মার্চ ১২, ২০০৭।

এ ব্যাপারে বিস্তারিত জানতে ইউএস স্টেট ডিপার্টমেন্টের ওয়েব সাইট দেখুন।

বিস্তারিত জানতে ইউএস স্টেট ডিপার্টমেন্টের ওয়েব সাইট দেখুন।

সর্বশেষ আবারো আপনাদের সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানাঃ ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোনঃ ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্সঃ ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইলঃ kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

সরকার বিরোধিতার জাপা স্টাইল

॥ সাইফুর রহমান তপন ॥

জাতীয় সংসদের বিরোধী দল জাতীয় পার্টির (জাপা) নেতৃবৃন্দ ঘোষণা দিয়েছেন, তাঁরা সরকারের সমালোচনা অব্যাহত রাখবেন। ২৬ ফেব্রুয়ারী দলটির কো-চেয়ারম্যান, প্রেসিডিয়াম সদস্য ও সংসদ সদস্যদের যৌথ সভা থেকে এ সিদ্ধান্ত এসেছে (সমকাল ২৭ ফেব্রুয়ারী, ২০২৩)।

সংসদের ভেতরে বা বাইরে বিরোধী দল সরকারের সমালোচনা করবে–এটাই স্বাভাবিক। সংসদীয় রাজ-নীতিতে বিরোধী দলের প্রধান কাজই হলো সরকারের নীতি ও কার্যক্রমের ভুলত্রুটি ধরিয়ে দেওয়া। জনস্বার্থের পক্ষে হানিকর সরকারি পদক্ষেপের বিরুদ্ধে প্রতিবাদ জানানো; প্রয়োজনে সংসদের ভেতরে-বাইরে প্রতিরোধ গড়ে তোলা। এ দিক থেকে বিচার করলে জাপা নেতৃবৃন্দের ওই ঘোষণা অভিনব কিছু নয়। তারপরও এ নিয়ে মানুষের মাঝে কৌতূহল জাগার কারণ সম্ভবত গত অক্টোবর থেকে ফেব্রুয়ারির প্রথম সপ্তাহ পর্যন্ত দলটির 'দুর্যোগপূর্ণ' পরিস্থিতি।

স্মরণ করা যেতে পারে, দলীয়প্রধানের উপদেষ্টা পদ থেকে জাপার সাবেক সাংসদ জিয়াউল হক মৃধাকে অব্যাহতি দেওয়ায় গত সেপ্টেম্বরে তিনি এর এখতিয়ার চ্যালেঞ্জ করে নিম্ন আদালতে যান। সেই মামলায় জাপা চেয়ারম্যান হিসেবে জি এম কাদেরের দায়িত্ব পালনের ওপর নিষেধাজ্ঞা দেওয়া হয়। জি এম কাদের এ আদেশের বিরুদ্ধে জেলা জজ আদালতে গিয়ে নিরাশ এবং তারপর হাইকোর্টে যান। সেখানে তিনি জাপা চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালনের অধিকার ফিরে পেলেও প্রতিপক্ষের আপিলের ভিত্তিতে চেম্বার জজ তা আবার স্থগিত করেন। বিষয়টা নিয়মিত শুনানির জন্য আপিল বিভাগে গেলে আদালত চেম্বার জজের দেওয়া স্থগিতাদেশ বহাল রেখে আবার-যদিও একটা নির্দিষ্ট সময়ের মধ্যে–বিষয়টি ফয়সালার জন্য জেলা জজের কাছে পাঠান। জেলা জজ আদালত তার গত ১৯ জানুয়ারী প্রদত্ত রায়ে উক্ত নিষেধাজ্ঞা বহাল রাখেন। ফলে জি এম কাদেরকে আবার হাইকোর্টের দ্বারস্থ হতে হয়, যেখানে গত ৫ ফেব্রুয়ারী নিষেধাজ্ঞাটি উঠে যায়। অক্টোবর থেকে ফেব্রুয়ারী–এ চার মাস জি এম কাদেরকে শুধু রাজনৈতিক নির্বাসনেই থাকতে হয়নি, ভাঙনের দ্বারপ্রান্ত থেকে দলকে ফিরিয়ে আনার সংগ্রামও করতে হয়েছে। এ সময়ে অনেকটা বিনা মেঘে বজ্রপাতের মতো জাপার প্রধান পৃষ্ঠপোষক-যিনি তার ভ্রাতৃবধূও বটে–বেগম রওশন এরশাদ, ব্যাংককে চিকিৎ-সাধীন থাকলেও, দলের কেন্দ্রীয় কাউন্সিল অনুষ্ঠানের ঘোষণা দেন। এমনকি জি এম কাদেরকে বাদ দিয়ে কাউন্সিল প্রস্তুতি কমিটিও তৈরি করে ফেলেন। দৃশ্যত এর পাল্টা পদক্ষেপ হিসেবে, জি এম কাদের–সংসদের বিরোধীদলীয় উপনেতা–অনেকটা তলবি সভার মতো করে বিরোধীদলীয় নেতা রওশনকে ছাড়াই জাপা সংসদীয় দলের সভা করেন এবং সে সভার সিদ্ধান্ত হিসেবে তাঁকে সংসদের বিরোধীদলীয় নেতা রূপে স্বীকৃতি দিতে স্পিকারকে চিঠি দেন। এ নিয়ে দু'পক্ষের মধ্যে বাগ্‌যুদ্ধও চলে কিছুদিন। এক পর্যায়ে, অবশ্য, অনুমিতভাবেই সরকারি দলের নেতারা দৃশ্যপটে আসেন এবং বিগত তিনটি জাতীয় নির্বাচনে তাদের প্রধান সহায়ক শক্তিকে অখন্ড রাখার ব্যবস্থা করেন। 'অসুস্থ' রওশনও দ্রুত দেশে ফিরে খোদ প্রধানমন্ত্রীর মধ্যস্থতায় দেবরের সঙ্গে বৈঠকে বসেন।

উল্লেখ্য, ২০১৪ সালের নির্বাচনের কাল থেকে দলের নীতি ও গতি নির্ধারণে বিশেষ ভূমিকার জন্য রওশন এরশাদ সরকারপন্থি পরিচিতি পেয়েছেন; যার মামলা জি এম কাদেরকে তিন মাস ভুগিয়েছে সেই মৃধাও রওশনপন্থি বলে পরিচিত। অন্যদিকে, এক সময় এ সরকারের মন্ত্রিত্ব বরণ করলেও, জি এম কাদের অন্তত ২০১৪ সাল থেকে চান যে জাপা নিজের মতো চলুক। বিশেষত ২০১৯ সালে এরশাদের মৃত্যুর কারণে দলের চেয়ারম্যান পদে অভিষেকের পর থেকে জি এম কাদের সরকারের সঙ্গে জাপার দূরত্ব প্রদর্শনে সচেষ্ট। সাম্প্রতিক সময়ে সরকারের বিভিন্ন নীতি ও পদক্ষেপের বিরুদ্ধেও জি এম কাদের-রওশনের ভাষায়–'বিএনপি'র মতো সমালোচনামুখর।

সংসদে প্রধান বিরোধী দলের নেতা হিসেবে তাঁর এ অবস্থান স্বাভাবিক হলেও, সরকার আগামী জাতীয় সংসদ সামনে রেখে জি এম কাদেরের অবস্থান সম্পর্কে দৃশ্যত চিন্তিত হয়ে পড়ে। অনেকের ধারণা, এর সঙ্গে জাপা নিয়ে রওশ-নপন্থিদের আকস্মিক তৎপরতার একটা যোগসূত্র আছে; জি এম কাদেরের বিরুদ্ধে মৃধার মামলাও এ থেকে বিচ্ছিন্ন কিছু নয়। মৃধা নিজেও বলেছেন–জি এম কাদেরকে থামাতে তিনি যে আপিল বিভাগ পর্যন্ত গিয়েছেন তাতে রওশনের সম্মতি ছিল।

প্রশ্ন হলো, আদালতের আদেশে নিষেধাজ্ঞামুক্ত হতে না হতেই জি এম কাদের যে বললেন, জাপা স্বতন্ত্র অবস্থান রেখে নিজস্ব রাজনীতি করবে; কারও দালালি করবে না; তা বাস্তবে কতটুকু প্রতিফলিত হবে? এর আগেও প্রথমে অনড় থেকেও রংপুর-৩ আসন–এরশাদ নিজে যেখান থেকে সর্বশেষ সাংসদ হয়েছিলেন–রওশনের সন্তান সাদ এরশাদকে ছেড়ে দিতে জি এম কাদের যে সমঝোতায় বাধ্য হয়েছিলেন, তার নেপথ্যে ক্ষমতাসীন দল বা সরকারের প্রভাব কাজ করেছে বলে আলোচনা রয়েছে। এছাড়া সর্বশেষ সমঝোতার অংশ হিসেবেই জিএম কাদের ও রওশন গত ১ জানুয়ারি ঢাকায় দলের প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনা সভায় এবং ৯ জানুয়ারী এক যৌথ বিবৃতিতে পরিষ্কারভাবে বলেছেন–আগামী সংসদ নির্বাচন বয়কট তো নয়ই বরং ৩০০ আসনে জাপা প্রার্থী দেবে। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে এই ঘোষণা যেমন বিএনপি ও তার মিত্রদের জন্য অস্বস্তিকর, তেমনই ক্ষমতাসীন দলের জন্য স্বস্তিকর।

আরও উল্লেখ্য, জি এম কাদের স্বতন্ত্র পথের কথা বললেও–এবং অন্তত দৃশ্যত ২০০৮ সালের নির্বাচনকে ঘিরে গঠিত আওয়ামী লীগ-জাপা মহাজোট অস্তিত্বহীন হলেও–জাপা কিন্তু এখনও ক্ষমতার ভাগ নেওয়ার চেষ্টা কম করছে না। বিএনপি সাংসদদের পদত্যাগের কারণে অনুষ্ঠিত সংসদীয় উপনির্বাচনসমূহে জাপা আসন ছাড়ের ব্যাপারে শাসক দলের কাছে দেনদরবার করেছে–এমন খবর সংবাদমাধ্যমেই দেখা গেছে। ঠাকুরগাঁও-৩ আসনে ওয়ার্কার্স পার্টির প্রার্থীকে হারিয়ে জাপা প্রার্থী যে জয়ী হলেন তার পেছনেও ছিল স্থানীয় আওয়ামী লীগের ভূমিকা। তারা হাতুড়ির বদলে লাঙ্গল সমর্থন করেছিল। এ নিয়ে ইতোমধ্যে ওয়ার্কার্স পার্টির শীর্ষ নেতৃত্বের রাগ-ক্ষোভও দেখা গেছে। এমনকি সর্বশেষ সংসদের সংরক্ষিত নারী আসনে–যেখানে শাসক দলের সমর্থন পেয়ে জাসদ প্রার্থী সাংসদ হলেন, সেখানেও জাপা সরকারের সমর্থন চেয়ে দেনদরবার করেছে।

জাতীয় পার্টির এই স্টাইলের সরকার বিরোধিতা আপাতত সুবিধাজনক হলেও দীর্ঘমেয়াদে দলটির ক্ষতিই করছে। বিরোধী দল হিসেবে বিএনপি যখন প্রায় নিষ্ক্রিয় ছিল তখন জাপার জন্য–প্রায় একই ধরনের সমর্থক গোষ্ঠী থাকায়–বিএনপির জায়গাটা কিয়দংশে হলেও দখলের সুযোগ ছিল। কিন্তু ক্ষমতার গর্ভে জন্ম নেওয়া জাপা তখন স্বভাবমতো ক্ষমতার খুদকুঁড়ো কুড়ানোয় ব্যস্ত ছিল। এখন পড়ে গেছে শাঁখের করাতের নিচে। সরকারের লেজুড়বৃত্তি চালিয়ে গেলে দলটি অদূরভবিষ্যতে অস্তিত্ব সংকটে পড়তে পারে; আবার সরকারবিরোধী অবস্থানের ফসলও নিজেদের নয়, প্রধানত বিএনপির ঘরে চলে যেতে পারে।

লেখক: সহকারী সম্পাদক, সমকাল

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.
917-282-9256
Moin Choudhury, Esq
Email: moinlaw@gmail.com
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Timothy Bompart
Attorney at Law
Moin Choudhury
Attorney at Law
Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

শিল্প খাতের ভবিষ্যৎ নিয়ে ভাবতে হবে

॥ মুঈদ রহমান ॥

রাজনীতি ও অর্থনীতি বিষয় বিবেচনায় পৃথক হলেও প্রায়োগিক ক্ষেত্রে একটি অপরটির পরিপূরক। তবে এক্ষেত্রে অর্থনীতিকে নিয়ন্ত্রণ করে রাজনীতি। কোনো দেশের অর্থনৈতিক পরিস্থিতি নির্ভর করবে সেদেশের জাতীয় রাজনীতির দৃষ্টিভঙ্গির ওপর। যদি রাজনীতিতে জনগণের কল্যাণ-ভাবনা নিহিত থাকে, তবে সেদেশের অর্থনৈতিক সমৃদ্ধির সুফল সাধারণ মানুষ ভোগ করার সুযোগ পাবে।

আর যদি রাজনীতি হয় কায়েমি গোষ্ঠীকেন্দ্রিক, তাহলে উন্নয়নের সুফল ভোগ করবে একটি ক্ষুদ্র শ্রেণি। আমাদের বর্তমান রাজনৈতিক কর্মকান্ড বা কর্মসূচি কতটা জনবান্ধব সে প্রশ্ন তো থেকেই যায়। তারপরও বলছি, শুধু যদি কায়েমি স্বার্থেও রাজনীতি পরিচালিত হয়, তাতেও অর্থনীতির দিকে নজর দিতে হবে। কেননা, উৎপাদন ব্যবস্থা সচল থাকলেই কেবল শোষণ করার সুযোগ থাকে, উৎপাদন প্রক্রিয়া ব্যাহত করে মুনাফা করা যায় না। সুতরাং, বর্তমান সময়ের রাজনৈতিক প্রতিশ্রুতি যদি জনবান্ধব না হয়ে গোষ্ঠীবান্ধবও হয়, তারপরও দেশের শিল্প খাতের দিকে নজর বাড়াতে হবে। কোনো শাসকগোষ্ঠী যদি বৈষম্যহীন সমাজব্যবস্থার পরিবর্তে বৈষম্যমূলক সমাজ প্রতিষ্ঠাতেও নিষ্ঠাবান হয়, সেটিও শিল্পায়নের মাধ্যমেই করতে হবে।

অর্থনীতির বাইরে এখন রাজনীতিই বেশি দৃশ্যমান। যতই জাতীয় সংসদ নির্বাচন এগিয়ে আসছে, ক্ষমতাসীন ও ক্ষমতাপ্রত্যাশী দলের মধ্যে বিরোধ ততই বাড়ছে। এর মধ্যে অসহায় হয়ে পড়েছে সাধারণ মানুষ। দ্রব্যমূল্যের চাপে তাদের জীবন যায় যায়; বেকারত্বের অভিশাপে যুবকদের মাঝে দেখা দিয়েছে হতাশা। কিন্তু সরকার ও বিরোধীদের বক্তব্য-বিবৃতিতে এসব গুরুত্বপূর্ণ বিষয়ের কোনো উপস্থিতি আমরা লক্ষ করছি না। গণতন্ত্রের নামে বুর্জোয়াদের মধ্যে কেবলই ক্ষমতার লড়াই চলছে। জনদুর্ভোগের কারণে সরকারের প্রতি মানুষের অসন্তুষ্টি বাড়ছে বটে, তবে বিরোধী দলকেও সেভাবে আস্থায় নিতে পারছে না। অন্যদিকে বুর্জোয়াদের বাইরে তৃতীয় রাজনৈতিক শক্তির বিকাশও কাঙ্ক্ষিত মাত্রায় হয়নি। তাই সহজেই বলা যায়, দুর্ভোগ থেকে জনগণের আশু মুক্তির কোনো সম্ভাবনা নেই। এ কথা মেনে নিয়েই বলছি, বুর্জোয়াদের এ আস্ফালনকে, এ উচ্ছ্বাসকে টিকিয়ে রাখতে হলে অর্থনীতির চাকা সচল রাখতে হবে। এটি তাদের স্বার্থেই করতে হবে। কিন্তু সেদিকেও খুব একটা নজর আছে বলে মনে হয় না।

গত ৫ মার্চ যুগান্তর একটি গুরুত্বপূর্ণ প্রতিবেদন প্রকাশ করেছে। এর শিরোনামটি ছিল, 'অনিশ্চিত গন্তব্যে শিল্প খাত'। নির্বাচনি হাওয়ায় বিষয়টি কতটা গুরুত্ব পাবে তা নিয়ে সংশয় আছে। তবে নীতিনির্ধারকদের সুদৃষ্টি প্রত্যাশা করছি। আমাদের অর্থনৈতিক সংকট কেবল করোনা বা ইউক্রেন-রাশিয়া যুদ্ধের কারণে নয়; বরং ২০২০ সালের আগে থেকেই অর্থনীতির বিভিন্ন খাতে নানা সমস্যা বিরাজ করছিল। দেশে সর্বপ্রথম করোনা শনাক্ত হয় ২০২০ সালের ৮ মার্চ। তারপর থেকে এর প্রকোপ শুরু হয়। এরপর ২০২২ সালের ফেব্রুয়ারী থেকে শুরু হয় রাশিয়া-ইউক্রেন যুদ্ধ, যা এখনো চলমান। এ তিন বছরে বৈশ্বিক ও অভ্যন্তরীণ সংকট চরম আকার ধারণ করেছে। অতিমারি ও যুদ্ধের কারণে আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেল ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের পাশাপাশি বৃদ্ধি পায় শিল্পের যন্ত্রপাতি ও কাঁচামালের দাম। স্বাভাবিকভাবেই এ অপ্রত্যাশিত দাম বৃদ্ধির কারণে আমদানি ব্যয় বহুলাংশে বেড়ে যায়। অন্যদিকে অভ্যন্তরীণভাবে স্থানীয় মুদ্রায় ডলারের দাম বেড়ে যায়। স্থানীয় মুদ্রা হিসাবে টাকার অবমূল্যায়ন দাঁড়ায় প্রায় ২৬ শতাংশে। একদিকে আমদানি ব্যয়বৃদ্ধি, বিপরীতভাবে রপ্তানি ও রেমিট্যান্স কমতে থাকায় ডলার সংকটে পড়ে বাংলাদেশ। দেশের ডলার সংকটের প্রায় পুরো প্রভাব পড়ছে শিল্প খাতে, এমনকি তা এ খাতের ভবিষ্যৎকে অনিশ্চয়তার মধ্যে ঠেলে দিয়েছে।

আমাদের দেশে ডলার সংকটের শুরুটা মূলত ২০২১ সালের আগস্ট থেকে। এরপর সংকট আরও ঘনীভূত হতে হতে ২০২২ সালের মে মাসে তা প্রকট আকার ধারণ করে। এমন পরিস্থিতিতে সরকারের পক্ষে আমদানিতে কড়াকড়ি নিয়ন্ত্রণ আরোপের বাইরে কিছু করার ছিল না। এ পণ্য আমদানিতে ব্যাপক কড়াকড়ি আরোপ শুরু হয় ২০২২ সালের জুলাই থেকে। সেপ্টেম্বরে এসে ডলারের সংস্থান ছাড়া এলসি খোলা বন্ধ করে দেওয়া হয়। এ সময় বাংলাদেশ ব্যাংকও জরুরি কিছু পণ্য বাদে সব ধরনের পণ্য আমদানিতে বৈদেশিক মুদ্রার রিজার্ভ থেকে ডলারের জোগান বন্ধ করে দেয়। চলতি অর্থবছরের জুলাই-জানুয়ারি সময়ে আমদানির এলসি খোলা কমেছে ২৫ শতাংশ। আমদানি বেড়েছে ৩ শতাংশ। এর মধ্যে রপ্তানিমুখী শিল্পের কাঁচামাল আমদানির এলসি খোলা কমেছে ৩৫ দশমিক ২৩ শতাংশ, আমদানি কমেছে ৫ দশমিক ১৩ শতাংশ। রপ্তানিমুখী শিল্পের কাঁচামাল আমদানি ব্যাহত হওয়ার প্রভাব আগামীতে রপ্তানিতে নেতিবাচক প্রভাব ফেলবে এবং এর ফলে রপ্তানি আয় আরও কমে যেতে পারে। কেন্দ্রীয় ব্যাংকের প্রতিবেদন বলছে, রপ্তানি শিল্পের কাঁচামাল আমদানির জন্য গত জানুয়ারী মাসে ১০২ কোটি ডলারের এলসি খোলা হয়। পরবর্তী সময়ে ফেব্রুয়ারিতে তা কমে দাঁড়ায় ৯০ কোটি ডলারে। ধারণা করা হচ্ছে, মার্চে এ এলসির পরিমাণ আরও কমে গিয়ে ৭১ কোটি ডলার হতে পারে। আগে রপ্তানির অর্থে কাঁচামাল আমদানি করেও বাড়তি কিছু থাকত। এখন বাড়তি কিছু তো থাকছেই না, অধিকন্তু রপ্তানিকারকদের বৈদেশিক মুদ্রায় ঋণ নিতে হচ্ছে। ফলে রপ্তানির টাকা দিয়ে আমদানির ব্যয় মেটানো সম্ভব হচ্ছে না। সেক্ষেত্রে একমাত্র নির্ভরতা রেমিট্যান্স। এই রেমিট্যান্স প্রবাহের গতিও সন্তোষজনক নয়, কারণ এ খাতেও চলছে মন্দা। গত অর্থবছরে রেমিট্যান্স কমেছিল ১৫ শতাংশ। ধারণা করা হচ্ছে, এ বছর রেমিট্যান্স কিছুটা বাড়তে পারে। কিন্তু সেই সম্ভাবনা হলো ১৫ শতাংশ কমার পর ৪ শতাংশ বৃদ্ধি। বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদন থেকে দেখা যায়, রপ্তানি ছাড়াও শিল্পের অন্যান্য খাতেও কাঁচামালের সংকট চলছে। অনেক প্রতিষ্ঠান আছে, যারা মধ্যবর্তী কাঁচামাল আমদানি করে পূর্ণাঙ্গ পণ্য তৈরি করে। এসব মধ্যবর্তী কাঁচামাল আমদানির এলসি কমেছে ৩৩ দশমিক ৩০ শতাংশ, আমদানি কমেছে ১৮ দশমিক ৫৬ শতাংশ। এর মধ্যে রড ও ইস্পাতের মতো ভারী শিল্পও রয়েছে। এ ভারী শিল্পের কাঁচামাল আমদানির পরিমাণ কমেছে ৭০ শতাংশ, এলসি খোলা কমেছে ৬০ শতাংশ। ফলে এসব শিল্প এখন কাঁচামাল সংকটে ভুগছে। ওষুধ শিল্পও সংকট থেকে মুক্ত নয়। এ খাতে আমদানি কমেছে ১২ শতাংশ আর এলসি কমেছে ২২ শতাংশ।

আর্থিক সংকট আঘাত হেনেছে উৎপাদনের ওপর। উল্লেখযোগ্য হারে প্রবৃদ্ধি কমে গেছে শিল্পের উৎপাদনে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) তথ্যমতে, ২০২১-২২ অর্থবছরের সেপ্টেম্বরে শিল্পোৎপাদনের সূচক বেড়েছিল ৫০৬ পয়েন্ট। চলতি অর্থবছর, অর্থাৎ ২০২২-২৩ অর্থবছরের সেপ্টেম্বরে উৎপাদন সূচক বেড়েছে ৪৯৬ পয়েন্ট। উল্লিখিত সময়ে শিল্পের প্রধান ১১টি খাতের মধ্যে ৬টিতে উৎপাদন কমেছে। এর মধ্যে পোশাক খাতে কমেছে ২ দশমিক ২১ শতাংশ, বস্ত্র খাতে ৩ দশমিক ৬ শতাংশ, খাদ্যে ৮ দশমিক ২৫ শতাংশ, অধাতু খনিজ পণ্যে ২ দশমিক ০৮ শতাংশ, রাসায়নিক পণ্যে ৫০ এবং মেটাল পণ্যে কমেছে ১৬ শতাংশ। তাছাড়া ছোট শিল্পে গত অর্থবছরের এপ্রিল-জুনের তুলনায় চলতি অর্থবছরের জুলাই-সেপ্টেম্বরে উৎপাদন কমেছে ১০ শতাংশেরও বেশি।

একদিকে শিল্পের কাঁচামাল আমদানিতে ব্যয় বেড়েছে, অন্যদিকে বেড়েছে উৎপাদন খরচ। গত বছরের জুন থেকে ফেব্রুয়ারি পর্যন্ত বিদ্যুতের দাম তিন দফায় ১৫ শতাংশ বাড়ানো হয়েছে। দুদফায় গ্যাসের দাম বাড়ানো হয়েছে ১০০ থেকে ৩০০ শতাংশ। আর এক দফায় জ্বালানি তেলের দাম বাড়ানো হয়েছে ৪২ থেকে ৫২ শতাংশ। যেহেতু এসব পণ্য শিল্পোৎপাদনের অপরিহার্য উপকরণ, তাই উৎপাদন খরচ বেড়ে গেছে। আর এর প্রভাবে উৎপাদিত পণ্যের দাম বেড়ে গেছে। এ বেড়ে যাওয়ার পরিমাণটা উল্লেখযোগ্য। শিল্পে উৎপাদন খরচ বেড়ে যাওয়ায় পণ্যভেদে দাম বেড়েছে ১৫ থেকে ৫০ শতাংশ। একদিকে পণ্যের দাম বৃদ্ধি ঘটেছে, অন্যদিকে কমে গেছে ভোক্তার ক্রয়ক্ষমতা। বেসরকারি গবেষণা সংস্থাগুলো বলছে, ভোক্তার ব্যয় বেড়েছে ১০ শতাংশেরও বেশি। কিন্তু সরকারি প্রতিষ্ঠান বিবিএস বলছে, ভোক্তার ব্যয় বেড়েছে সাড়ে ৮ শতাংশ। একই সূত্র বলছে, এর বিপরীতে ভোক্তার আয় বেড়েছে ৭ শতাংশ। এ হিসাবকে মেনে নিলেও বলতে হয়, আয়ের তুলনায় ব্যয় বেড়েছে, যা সামগ্রিক চাহিদা কমিয়ে দিয়েছে। এর প্রভাব পড়েছে খাদ্য, শিল্প ও বিলাসী পণ্যে। এর ফলে উদ্যোক্তারা উৎপাদিত পণ্য কাঙ্ক্ষিত পরিমাণে বিক্রি করতে পারছেন না।

সুতরাং, রাজনীতির মাঠ যতই সরগরম হোক, অর্থনীতির উষ্ণতা কমতির দিকে। মুখের বুলি দিয়ে রাজনীতির কাজ করা যায়; কিন্তু অর্থনীতির চাকা চালু রাখতে কার্যকর কর্মপন্থা নির্ধারণ করতে হয়। আমার মনে হয় না ক্ষমতাসীন ও ক্ষমতাপ্রত্যাশীদের সেদিকে বিশেষ নজর আছে। আমরা ডলার সংকটের অজুহাতে শিল্পের যন্ত্রপাতি ও কাঁচামাল আমদানি কঠোর করেছি; তিন বছরে মাত্র সাড়ে ৪ বিলিয়ন ডলার ঋণপ্রাপ্তির মিনতিতে আইএমএফকে তুষ্ট করতে দফায় দফায় জ্বালানি তেল, গ্যাস ও বিদ্যুতের দাম বাড়িয়ে মানুষের জীবনকে দুর্বিষহ করে তুলেছি। অথচ গড়ে প্রতিবছর যে ৮ বিলিয়ন ডলার পাচার হয়ে যাচ্ছে, তার কোনো সুরাহা করতে পারছি না। এ কারণে চলমান রাজনীতির ওপর মানুষের তেমন আস্থা নেই বলেই মনে হয়। তবে একথা ঠিক, মন্দার দীর্ঘসূত্রতার কারণে দেশের শিল্প খাতে যদি কোনো বিপর্যয় নেমে আসে, তাহলে ক্ষমতাসীনরাও স্বস্তিতে থাকতে পারবেন না, অন্যদিকে কেউ ক্ষমতায় গিয়েও টিকতে পারবেন না। তাই সবাইকে শিল্পের ভবিষ্যৎ নিশ্চিত করার প্রয়াস নিতে হবে।

লেখক: অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ইসলামী বিশ্ববিদ্যালয়



ঋণ করে ঘি খেয়ে বিপাকে পাকিস্তান

॥ সাব্বির আহমেদ ॥

তীব্র অর্থনৈতিক সংকট চলছে পাকিস্তানে। বৈদেশিক মুদ্রার রিজার্ভ নেমে গেছে ৩ বিলিয়ন ডলারের নিচে, যা দিয়ে মাত্র ১৮ দিনের পণ্য আমদানির দায় মেটানো যায়। ডলারের বিপরীতে ২ মার্চ পাকিস্তানি মুদ্রার দাম ছিল ২৮১ দশমিক ৪ রুপি। ডলারের দাম বেড়ে যাওয়ায় বাড়াতে হয়েছে জ্বালানি তেলের দাম; সঙ্গে সঙ্গে বেড়ে গেছে অন্য সবকিছুর দাম। এমনিতেই দেশটিতে পর্যাপ্ত বিদ্যুৎ উৎপাদনের ব্যবস্থা নেই; যা আছে তাও চালানো যাচ্ছে না ডলার নেই বলে। ঘণ্টার পর ঘণ্টা বিদ্যুৎ নেই, পেট্রোল পাম্পে তেল নেই, ওষুধসহ অনেক নিত্যপ্রয়োজনীয় পণ্য উৎপাদনের কাঁচামাল নেই। অনেক কারখানা পুরোপুরি, কোনো কোনোটা আংশিক বন্ধ থাকছে। প্রধান খাদ্যশস্য গমের দাম গত বছরের তুলনায় দেড় গুণ বেড়েছে। শাকসবজি, মাংস, পেঁয়াজ, মরিচ, ভোজ্যতেল–সবকিছুর দাম আকাশ ছুঁয়েছে।

দেশটিতে মুদ্রাস্ফীতি ৫৮ বছরের মধ্যে সর্বোচ্চ। খাদ্য মূল্যস্ফীতি ফেব্রুয়ারি মাসে ৪৫ শতাংশ ছাড়িয়েছে। পণ্যের উৎপাদন আর চাহিদা দুই-ই কমে গেছে। কাজ হারাচ্ছে মানুষ। অনেক শিক্ষার্থী এখন স্কুলে না গিয়ে কিছু আয় করে পরিবারের রুটি জোগাড়ের চেষ্টা করছে। আনুষ্ঠানিকভাবে এখনও দেউলিয়া ঘোষিত না হলেও দেশটির প্রতিরক্ষামন্ত্রী খাজা আসিফ ফেব্রুয়ারী মাসে বলেছেন, 'ইতোমধ্যে পাকিস্তান দেউলিয়া হয়ে গেছে।' গত সাত দশকে সংবিধানকে পাশ কাটানো এবং আইনের শাসন প্রতিষ্ঠা করতে না পারাকে তিনি এই দেউলিয়া হওয়ার কারণ হিসেবে উল্লেখ করেছেন।

পাকিস্তানে তীব্র অর্থনৈতিক সংকট এবারই প্রথম নয়। গত ৬৪ বছরে ২২ বার আইএমএফ পাকিস্তানকে খাদে পড়ে যাওয়া থেকে রক্ষা করেছে। তবে এবারের পরিস্থিতি আগের যে কোনো সংকটের চেয়ে খারাপ। সংকট কাটাতে দরকার ডলার। আইএমএফ নতুন করে ঋণ চুক্তি নিয়ে আলোচনা করতে এসেছিল। তাদের শর্তাবলি মানতে পাকিস্তান রাজি না হওয়ায় আইএমএফ ফিরে গেছে। পাকিস্তান ভেবেছিল অতীতের বন্ধু ও পাওনাদাররা আরও ডলার দেবে। প্রধানমন্ত্রী বিভিন্ন দেশে ঘুরেছেন ডলারের জন্য; কেউ রাজি হয়নি। খালি হাতে ফিরে এসে তিনি আইএমএফের শর্ত মানতে রাজি হয়েছেন। আবার আলোচনা শুরু হয়েছে।

পাকিস্তানের এমন পরিস্থিতির মূল কারণ বুঝতে হলে ফিরে যেতে হবে ইতিহাসের কাছে। ১৯৪৭ সালে ভারতভাগের সময় দেশটি পেয়েছিল ১৭ শতাংশ আয়ের উৎস আর ৩৩ শতাংশ সেনাবাহিনী। বর্তমান পৃথিবীর সপ্তম বৃহৎ সেনাবাহিনী নিয়ে এবং ষষ্ঠ পরমাণু শক্তি হিসেবে গর্ব করে দেশটি। এই গর্বই কাল হয়েছে পাকিস্তানের জন্য। ৭৫ বছরের স্বাধীন দেশটিকে রাজনীতিবিদ নয়, বাস্তবিক অর্থে একচ্ছত্র শাসন করেছে ও করছে সেনাবাহিনী। যে ধরনের সরকারই ক্ষমতায় থাকুক না কেন–রাষ্ট্র, সরকার, বিচার বিভাগ, নির্বাচন কমিশন সবকিছু চলেছে সেনাবাহিনীর তর্জনী হেলনে। তাদের ইচ্ছেমতো চলেছে রাজনীতি, অর্থনীতি। এখনও চলছে। এই দুর্দিনেও শুল্কমুক্ত গাড়ি আমদানি করছেন সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যরা। সাধারণ মানুষ খেতে পাক কি না-পাক, বুলেটপ্রুফ গাড়ি তাঁদের চাই। সেনাবাহিনীর সঙ্গে সঙ্গে ধনী থেকে ধনীতর হয়েছে অভিজাত শ্রেণি।

পাকিস্তানের সেনাবাহিনীকে তুষ্ট রাখতে ব্যর্থ হয়ে গদি ছাড়া হয়েছেন এককালের পশ্চিমাদের প্রিয় পাত্র, বিশ্বনন্দিত ক্রিকেটার ইমরান খান। তাঁর ক্ষমতা হারানোর আরেকটি কারণ–মার্কিন পন্থা ছেড়ে চীন-রাশিয়ার দিকে ঝোঁকা। মার্কিনদের অনুগত সেনাবাহিনী ইমরানের এই বেলাইনে চলা পছন্দ করেনি। ইমরানই প্রথম পাকিস্তানি নেতা, যিনি উপলব্ধি করেছেন আফগানিস্তান যুদ্ধে আমেরিকার তাঁবেদারি করে ৮০ হাজার পাকিস্তানির জীবনদানের অসারতা। এ কথা তিনি জনসমক্ষে বলেছেনও বহুবার। তিনিই প্রথম কোনো পাকিস্তানি নেতা, যিনি আমেরিকা ও সেনাবাহিনীর বিরুদ্ধে মুখ খুলেছেন।

পাকিস্তানের রাজনীতিবিদ হোক আর সরাসরি সেনা শাসন হোক–যে যখন ক্ষমতায় এসেছে, সে তখন ক্ষমতা উপভোগ করেছে। জনগণের জন্য কিছুই করেনি। ১৯৯৩ থেকে ২০২০–এই ২৭ বছরের মধ্যে তাদের অর্থনীতি মাত্র দু'বার ৬ শতাংশের বেশি প্রবৃদ্ধি অর্জন করেছে স্বৈরশাসক পারভেজ মোশাররফের সময়ে। ২০০১ সালে সেপ্টেম্বরে আমেরিকার পেন্টাগন আর টুইন টাওয়ারের ওপর আল কায়দা হামলা চালালে আফগানিস্তানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে আমেরিকা। ওয়াশিংটনের সঙ্গে ইসলামাবাদের তখন গলায় গলায় খাতির। আফগান যুদ্ধে আমেরিকার ঘাঁটি হিসেবে ব্যবহৃত হতে থাকে পাকিস্তান; সে সুবাদে ডলারের ঢল নামে। বেসরকারি খাতও ব্যাপক বিনিয়োগ করে। হাতে অযাচিত বাড়তি নগদ এলে যা হয় তাই হয়েছে। ক'দিন ফুর্তি-ফার্তা করে আবার যে পাকিস্তান, সেই পাকিস্তান। থেকে গেল মৌলবাদ আর জঙ্গিবাদ। জাতিসংঘের তালিকায় রয়েছে পাকিস্তানের ১৫০টি ছোট-বড় জঙ্গি গোষ্ঠী। এখন পাকিস্তানের সব অঞ্চলে প্রায় প্রতি সপ্তাহে ছোট-বড় জঙ্গি হামলা হয়–মানুষ মরে পড়ে থাকে মসজিদে, বাজারে, স্কুলে। জঙ্গিবাদে বলির সংখ্যা বছরে কয়েক হাজার।

চীনের সঙ্গে সিপ্যাক চুক্তি করার পর পাকিস্তানে আরেকবার বাতাসে ডলার উড়েছে। তাও ধরে রাখা যায়নি। যাবে কী করে? তাদের কোনো অর্থনৈতিক পরিকল্পনা নেই যে! দেশটা সবসময় রপ্তানি থেকে আমদানি বেশি করেছে। অর্থাৎ ধার করে ঘি খেয়েছে। বিভিন্ন দেশ ও আন্তর্জাতিক সংস্থার কাছ থেকে বেশুমার ঋণ করেছে। তাদের বৈদেশিক ঋণের পরিমাণ দেশজ আয়ের ৮৯ শতাংশ। আগামী কয়েক মাসের মধ্যে তাদের ২২ বিলিয়ন ডলার শুধু ঋণের কিস্তিই দিতে হবে। দেশটি আইএমএফের সঙ্গে যে ২২টি ঋণ চুক্তি করেছে, তার একটির শর্তও পূরণ করেনি। ঋণ নেওয়ার সময় তারা অনেক কাগুজে পরিকল্পনা বানায়। টাকা পাওয়ার পর তা আর বাস্তবায়ন করে না।

পাকিস্তানে সরকার এসেছে, সরকার গেছে। তারা শুধু দুর্নীতি করেছে, সেনাবাহিনী আর অভিজাতদের সম্পদের পাহাড় বানানোর সুযোগ করে দিয়েছে। সাধারণ মানুষের জন্য কাজ করেনি। দারিদ্র্য, শিক্ষা, স্বাস্থ্য, মানবসম্পদ উন্নয়ন–সবকিছুতেই প্রতিবেশীদের চেয়ে অনেক পিছিয়ে। হয়তো এবারও আইএমএফ পাকিস্তানকে খাদের কিনারা থেকে উদ্ধার করবে। কিন্তু এভাবে আর কত দিন? দিন বদলাতে হলে তাদের রাজনৈতিক সচেতনতা দরকার; জেগে ওঠা দরকার; শাসকগোষ্ঠীর অনাচারের বিরুদ্ধে প্রতিরোধ করা দরকার। পাকিস্তানিদের চেতনা ফেরানোর চেষ্টা কিছুদিন ধরে ইমরান খান করছেন। সমাজের সচেতন অংশ তাতে তাৎক্ষণিক সাড়াও দিয়েছে। কিন্তু সেনাবাহিনী ও অভিজাততন্ত্র এখন তাঁকেই নিশ্চিহ্ন করে দিতে চাইছে।

লেখক: কলাম লেখক ও চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট

Popular Tax Services
পপুলার ইনকাম ট্যাক্স সার্ভিসেস
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
Call/Text (347)-666-7862 & Call (718)-426-9453
Email: populartaxservices@gmail.com
Personal Income Tax Preparation for all industries:
■ All types of W2 & 1099 Income Tax Filing
■ Specialization in Uber Lyft & Rideshare Driver Tax Filing
■ Homeowners & Stock Market Trader Tax Filing
We provide Remote Personal Income Tax Filing
সঠিক, দ্রুত, সুনিপুন এবং
আইন সম্মত সার্ভিসে আমরা বিশ্বাসী
কম খরচে সততা ও বিশ্বস্ততা সহিত ট্যাক্স
ফাইলিং এর জন্য আমাদের সাথে যোগাযোগ করুন
tax refund
Nahian Howladar Emon
BBA IO Psychology Baruch College
New York State Tax Preparer
(347)-666-7862
(718)-426-9453
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)
OPEN 7 DAYS
Road Lesson Local & Highway
5 Hours Class Certificate (Zoom Class)
Road Test Appointment
Car for Road Test
আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
6 Hours DDC Class
Good For TLC
718-426-9453, 917-301-2063
Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.
আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)
❑ আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
❑ আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
❑ পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
❑ পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
❑ আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।
ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি
37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া
যোগাযোগ :
267-249-7687,
610-352-7123
Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

বাংলা পত্রিকা পড়তে
ভিজিট করুন
banglapartikausa.com



Grand Opening & Dua Mahfil

Date
Saturday
March18th, 2023
Time: 12:00PM
Venue
78-04, 31st Ave
E. Elmhurst, NY

Honorable Chief Guest

MR. ERIC ADAMS, MAYOR OF NEW YORK CITY

Guest Speakers

ISLAMIC SCHOLARS OF NORTH AMERICA.

Dear Brothers And Sisters.

Assalamu Alaikum.

On behalf of the islamic center of jackson heights inc, we would like to invite you all to the opening ceremony and **Dua Mahfil** of our newly built **Abu Huraira Mosque** at 78-04 31st Avenue, East Elmhurst, NY 11370.

Your attendance at the opening ceremony will give us great pleasure. We sincerely hope that all of you will join us at this auspicious and historic event.

Jäjäk Alläh Khäyer
Khadem committee

lunch will be served Insha Allah

Mohammed A Rauf
President
(917) 470-0011

Nobi Hossain
General Secretary
(917) 929-7733

Moin Choudhury, Esq
Member, Board of Trustee
(917) 282-9256

ISLAMIC CENTER OF JACKSON HEIGHTS INC.

MASJID ABU HURAIRA

78-04 31st Ave., East Elmhurst, NY 11370, Tel: 718-424-8502, 917-579-7528
E-mail: info@masjidabuhuraira.com www.masjidabuhuraira.com

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কাস্টমারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MBPPD
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

গ্রেটার বাফেলোর বাংলাদেশী কমিউনিটি সহ অন্যান্য খবর জানতে
বাফেলোর প্রথম এবং একমাত্র বাংলা সংবাদপত্র
বাফেলো বাংলা
পড়ুন
www.buffalobangla.com

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

চিত্রে টাইম টিভি স্টুডিওতে ‘শনিবারের বিকেল’ মিট এন্ড গ্রীল উইথ তিশা-ফারুকী’





















চিত্রে টাইম টিভি স্টুডিওতে ‘শনিবারের বিকেল’ মিট এন্ড গ্রীল উইথ তিশা-ফারুকী’













‘তিশা-ফারুকী’কে নিয়ে অন্যরকম আড্ডা

(প্রথম পাতার পর)

মোস্তফা সারোয়ার ফারুকী । টাইম টিভি স্টুডিওতে এসে, প্রবাসে এমন একটি বিশ্বমানের বাংলাদেশী টিভি চ্যানেল এবং মেধাবী ব্রডকাস্টিং টিম দেখে তিনি তার আনন্দ প্রকাশ করেছেন ।

নিউইয়র্কে ফারুকী’র আগমনে বৃস্পতিবার রাতে টাইম টেলিভিশন-এর পক্ষ থেকে আয়োজন করা হয় বাংলাদেশে মুক্তি না পাওয়া ‘শনিবার বিকেল’ নিয়ে অন্যরকম ‘মিট এন্ড গ্রিট উইথ তিশা এন্ড ফারুকী’ । এই আয়োজনে বিশেষ সহযোগিতায় ছিলো নিউইয়র্কের সাপ্তাহিক প্রথম আলো । বাংলা পত্রিকা’র সম্পাদক ও টাইম টিভি’র পরিচালক মোস্তফা ফারুকীকে স্বাগত এবং ফুলেল শুভেচ্ছা জানান । দর্শকদের উপস্থিতিতে ফারুকী এই অনুষ্ঠানে অংশ নেন । আর শনিবারের বিকেল-এর মূখ্য নায়িক তিশা জুমে যোগ দেন বাংলাদেশ থেকে ।

অনুষ্ঠানে জনপ্রিয় অভিনেত্রী তিশাও প্রবাসের জনপ্রিয় বাংলা টিভি চ্যানেল, টাইম টেলিভিশনকে শুভেচ্ছা জানান । সাক্ষাৎকার, আলাপচারিতা, আমন্ত্রিত অতিথিদের সাথে প্রশ্নোত্তর, টিভি দর্শকদের সাথে প্রশ্নোত্তর । সবমিলিয়ে এই অনবদ্য অনুষ্ঠানটি সেদিন লাইভ উপভোগ করেছিলেন বিশ্বজুড়ে টাইম টেলিভিশন-এর অগনিত দর্শক ।

উল্লেখ্য, পরিচালক মোস্তফা সারোয়ার ফারুকী নিউইয়র্ক-কানাডা সফরে এসেছেন তার বহুল আলোচিত ‘শনিবার বিকেল’ সিনেমাটি নিয়ে । গত ১০ মার্চ উত্তর আমেরিকায় মুক্তি পেয়েছে সিনেমাটি ।

দর্শকদের অভিমত মোস্তফা সারোয়ার ফারুকী একটি নাম, যে নামের সাথে জড়িয়ে আছে বিরাট সাফল্যের অধ্যায়, নতুন প্রজন্মের কাছে যে নাম বিরাট এক উন্মাদনা । বিদেশী সংস্কৃতির আগ্রাসনে আমাদের নিজস্বতা যখন হারিয়ে যেতে বসেছিলো, মোস্তফা সারোয়ার ফারুকী তখন বাংলাদেশের নাটক, মেগা সিরিয়াল, চলচ্চিত্রে যোগ করেছিলেন আধুনিক এবং স্বকীয় একটি ধারা । ‘শনিবার বিকেল’ সিনেমাটি মুক্তির আগের দিন, টাইম টেলিভিশন এর স্টুডিও থেকে বিশেষ এই অনুষ্ঠানে, প্রবাসী বাঙালিদের হলে যেয়ে সিনেমাটি দেখতে আমন্ত্রণ জানান মোস্তফা সারোয়ার ফারুকী ।

টাইম টেলিভিশন-এর সিনিয়র নিউজ প্রেজেন্টার দিমা নেফারতিতি’র প্রাণবন্ত উপস্থাপনায় অনুষ্ঠানে আবু তাহের ছাড়াও তিশা-ফারুকীর সাথে প্রশ্নোত্তর পর্বে অংশ নেন প্রথম আলোর সম্পাদক ইব্রাহীম চৌধুরী, এটর্নী মঈন চৌধুরী । এছাড়াও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ শুভেচ্ছা বক্তব্য রাখেন । এদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন বিশিষ্ট ব্যবসায়ী কাজী হেলাল, খলিল বিরিয়ানী হাউজের কর্ণধার খলিলুর রহমান, স্মার্ট টেক সলিউশন-এর অন্যতম পরিচালক আব্দুস সোবহান, আকাশ হোম কেয়ার এবং আশা সোস্যাল এডাল্ট ডে কেয়ার-এর সিইও আকাশ রহমান ও চেয়ারওম্যান এশা রহমান, টিভি ব্যক্তিত্ব শামীম শাহেদ প্রমুখ । অনুষ্ঠানটি রাত সোয়া ১০টা থেকে রাত সাড়ে ১১টা পর্যন্ত সরাসরি সম্প্রচার করা হয় ।



মায়ের অপেক্ষায় কন্যার মরদেহ

(প্রথম পাতার পর)

শেষ নি:শ্বাস ত্যাগ করেন (ইন্নানিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজেউন)। জানা গেছে, তিন বেশ কিছুদিন ধরে শারীরিকভাবে অসুস্থ ছিলেন। ঘটনারদিন তিনি তাদের জ্যামাইকাস্থ বাসায় ঘুমের মধ্যেই হার্ট অ্যাটাকের শিকার হন এবং মৃত্যুবরণ করেন বলে ধারণা করা হচ্ছে। তার বয়স হয়েছিলো ৩৪ বছর। তার আকস্মিক মৃত্যুর খবরে কমিউনিটিতে শোকের ছায়া নেমে এসেছে। খবর ইউএনএ'র।

নিউইয়র্ক সিটির কুইন্স বরোর জ্যামাইকার ১০৪-০৬ ১৬৯ষ্ট্রীট ঠিকানার একটি বাড়ীর তিন তলায় বসবাসকারী নারমিনরা তিন ভাই-বোন। তার এক ভাই ক্যালিফোর্নিয়া বসবাস করেন। অপর ভাই আর মায়ের সাথে নারমিন নিউইয়র্কে বসবাস করতেন। তার মা ও বাবা বর্তমানে বাংলাদেশে অবস্থান করছেন।

নারমিন রহমানের মৃত্যুর খবরে পুলিশ কল করা হলে সিটি পুলিশ এসে বৃহস্পতিবা রাতেই নিয়ে যায়। বর্তমানে তার মরদেহ ফিউনেরাল হোমে রাখা হয়েছে। এই রিপোর্ট লেখা পর্যন্ত তারমরদেহ নিউইয়র্কে নাকি বাংলাদেশে দাফন করা হবে সেব্যাপারে কোন সিদ্ধান্ত হয়নি। কমিউনিটির নেতৃবৃন্দ দেশে ও প্রবাসে তার পরিবারের সাথে যোগাযোগ রক্ষা করে চলেছেন।

প্রবীন প্রবাসী কমিউনিটির পরিচিত মুখ নাসির আলী খান পল বার্তা সংস্থা ইউএনএ প্রতিনিধিকে জানান, নারমিন রহমান ব্যক্তিগত জীবনে একজন রেজিস্টার্ড নার্স ছিলেন। তাদের দেশের বাড়ী দিনাজপুর। ইতিপূর্বে নারমিন কোভিড ও জন্ডিসে আক্রান্ত হয়ার পর শারিরীকভাবে মারাত্মক অসুস্থ হয়ে পড়ে এবং কিডনী জনিত নানা সমস্যা দেখা দেয়। বর্তমানে সে বাসায় থেকেই চিকিৎসা নিচ্ছেলো।

পল খান জানান, নারমিন রহমানের মা ডা. নার্গিস রহমানের সাথে আমার দেশে কথা হয়েছে। তার সিদ্ধান্ত মোতাবেক নিউইয়র্কেই নারমিনের মরদেহ দাফন করা হবে। ডা. নার্গিস রহমান আগামী ১৪ মার্চ মঙ্গলবার নিউইয়র্ক ফিরবেন।

নারমিন রহমান বিপা, ড্রামা সার্কলের সাংস্কৃতিক অনুষ্ঠান ছাড়াও শো টাইম মিউজিকের বিভিন্ন অনুষ্ঠানে চঞ্চলা হরিনীর মতো নেচে মঞ্চ আলোকিত করে দর্শক-শ্রোতাদের মুগ্ধ করতেন।

এদিকে কমিউনিটির পরিচিতি মুখ নারমিন রহমানের আকস্মিক মৃত্যুতে প্রবীণ প্রবাসী নাসির আলী খান পল, সাংবাদিক শেখ সিরাজুল ইসলাম, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার ও সাধারণ সম্পাদক সানি মোল্লা, সাংবাদিক-লেখিকা মনিজা রহমান, নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক মোহাম্মদ কাশেম, শিল্পকলা একাডেমী নিউইয়র্কের সভাপতি মনিকা রায়, সাংস্কৃতিক কর্মী মোহর খান প্রমুখ গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন।

ওয়াশিংটনে হামলার ঘটনায় ট্রাম্প

(প্রথম পাতার পর)

এমন বিস্ফোরক মন্তব্য করেছেন তার আমলের এ ভাইস প্রেসিডেন্ট।

২০২০ সালের প্রেসিডেন্ট নির্বাচনে বর্তমান প্রেসিডেন্ট বাইডেনের কাছে ট্রাম্প হেরে যাওয়ার পর এ ফল প্রত্যাখ্যান করে ট্রাম্প। পরে ট্রাম্পকে ক্ষমতায় টিকিয়ে রাখতে আইনসভা কংগ্রেসে আক্রমণ করে ট্রাম্প সমর্থকরা। যেহেতু ভাইস প্রেসিডেন্ট সাংবিধানিকভাবে সিনেটের প্রেসিডেন্টের দায়িত্ব পালন করেন। পরিপ্রেক্ষিতেই পেন্স প্রেসিডেন্ট নির্বাচনের ইলেক্টোরাল কলেজের ভোট চূড়ান্তভাবে তিনিই অনুমোদন করেছিলেন। এ জন্য ট্রাম্পের চরম ক্ষোভ পেন্সের প্রতি। ফল ঘোষণার পর বাইরে অবস্থান করা সমর্থকদের আক্রমণ করার জন্য ট্রাম্প কয়েকটি টুইটারে বার্তা দিয়েছিলেন। সেখানে ভোট জালিয়াতির অভিযোগ এনে রিপাবলিকানদের আক্রমণ করার আহ্বান জানিয়েছিলেন ট্রাম্প। এর পরও তৎকালীন ভাইস প্রেসিডেন্ট পেন্স চূড়ান্তভাবে ফল ঘোষণা করেন। এতে পেন্সের কঠোর সমালোচনাও করেছিলেন ট্রাম্প। এদিন প্রেসিডেন্ট ট্রাম্প ভুল পথে ছিলেন।

সম্প্রতি ওয়াশিংটন ডিসিতে বার্ষিক নৈশভোজে সাংবাদিকদের এসব কথা বলেন ট্রাম্প প্রশাসনের এ ভাইস প্রেসিডেন্ট পেন্স। তিনি আরও বলেন, নির্বাচনের ফল পাল্টানোর অধিকার ছিল না আমার। এর পরও ট্রাম্পের অশালীন কথাবার্তা আমার পরিবার ও ওয়াশিংটন ডিসির প্রত্যেককেই ব্যথিত করেছিল। আমি বিশ্বাস করি, একদিন ইতিহাস ডোনাল্ড ট্রাম্পকে জবাবদিহির আওতায় নিয়ে আসবে।

তিনি বলেন, সেদিন যা ঘটেছে তা অত্যন্ত অপমানজনক। আমি যতদিন বেঁচে থাকব সেদিনের ঘটনা কখনই ভুলব না। এর আগে নভেম্বরে গণমাধ্যমে এক সাক্ষাৎকারে তার পরিবারকে হুমকির অভিযোগ এনেছিলেন ট্রাম্পের বিরুদ্ধে এ ভাইস প্রেসিডেন্ট।

এদিকে ২০২৪ সালে প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকানে মনোনয়ন পাওয়ার জন্য চেষ্টা করছেন। সূত্র : সিএনএন।

বিশ্বচ্যাম্পিয়নদের হারিয়ে ইতিহাস

(প্রথম পাতার পর)

হাতে রেখে সিরিজ নিজেদের করে নিয়েছে টাইগাররা। রোববার (১২ মার্চ) ইতিহাস গড়ার দ্বারপ্রান্তে থেকে মিরপুরে দ্বিতীয় টি-টোয়েন্টিতে মাঠে নামে বাংলাদেশ। সিরিজের দ্বিতীয় ম্যাচে ইংল্যান্ডকে ৪ উইকেটে হারিয়ে ইতিহাস গড়লো বাংলাদেশ। ইংল্যান্ডই একমাত্র টেস্ট খেলুড়ে দল যাদের বিরুদ্ধে কোনো ফরম্যাটেই সিরিজ জিততে পারেনি বাংলাদেশ। যেই ফরম্যাটে সবচেয়ে নড়বড়ে সেই ফরম্যাটেই বিশ্বচ্যাম্পিয়নদের বিপক্ষে সিরিজ জিতল টাইগাররা।

চট্টগ্রামে প্রথম টি-টোয়েন্টিতে যেন এক বদলে যাওয়া বাংলাদেশকে দেখেছিল ভক্ত-সমর্থকরা। আত্মপ্রত্যয়ী টাইগাররা দ্বিতীয় ম্যাচে জয় তুলে নেওয়ার লক্ষ্য নিয়ে মিরপুরের শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে বিকেল ৩টায় থ্রি লায়ন্সদের মুখোমুখি হয়।

টস জিতে ইংল্যান্ডকে ব্যাটিংয়ে পাঠায় বাংলার কাপ্তান সাকিব আল হাসান। টস হেরে ব্যাট করতে নেমে ধুকতে থাকে ইংল্যান্ড। স্পিনার মেহেদী মিরাজের ক্যারিয়ার সেরা বোলিংয়ে মাত্র ১১৭ রানেই গুটিয়ে যায় ইংল্যান্ড। ৪ ওভার বল করে মাত্র ১২ রান খরচায় ৪ ইংরেজ ব্যাটারকে সাজঘরে ফেরান মিরাজ।

১১৮ রানের ছোট লক্ষ্য তাড়া করতে নেমে শুরুতেই দুই ওপেনার লিটন ও রনিকে হারিয়ে বিপাকে পড়ে বাংলাদেশ। তবে বাংলাদেশকে ম্যাচ থেকে ছিটকে যেতে দেননি ওয়ান ডাউনে নামা নাজমুল হাসান শান্ত। ম্যাচের গতি বুঝে ব্যাট চালিয়ে বাংলাদেশকে জয়ের পথেই রাখেন শান্ত।

তৌহিদ হৃদয়, মেহেদী মিরাজ আর শেষ দিকে তাসকিনের সঙ্গে ছোট ছোট জুটি গড়ে বাংলাদেশের জয় নিশ্চিত করে মাঠ ছাড়েন এই ব্যাটার। ৪৭ বলে ঠান্ডা মাথার ৪৬ রান করে অপরাজিত থাকেন শান্ত।

ইংল্যান্ডের বিপক্ষে টি-টোয়েন্টিতে এই প্রথম দ্বিপক্ষীয় সিরিজ খেলতে নামে বাংলাদেশ। এর আগে ইংলিশদের বিপক্ষে টি-টোয়েন্টিতে অভিজ্ঞতা বলতে সর্বসাকুল্যে একটি ম্যাচ। ২০২১ টি-টোয়েন্টি বিশ্বকাপের সেই ম্যাচে ৮ উইকেটে হেরেছিলো বাংলাদেশ। ইংল্যান্ডের বিপক্ষে টি-টোয়েন্টিতে প্রথম দ্বিপক্ষীয় সিরিজ খেলতে নেমেই সিরিজ নিজেদের করে নিলো টাইগাররা।



BANGLADESH-AMERICAN CAR & LIMOUSINE ASSOCIATION, INC.
বাংলাদেশ-আমেরিকান কার ও লিমোজিন এসোসিয়েশন, ইনক

A Non Political, Not for Profit, Service-Oriented Organization

নব নির্বাচিত কার্যকরী কমিটি ২০২৩-২০২৪-এর

অভিষেক ও সাংস্কৃতিক অনুষ্ঠান

তারিখঃ
১৭ই মার্চ ২০২৩, শুক্রবার
স্থানঃ গুলশান টেরেস
60-15 37th Avenue
Woodside NY 11377
সময়ঃ সন্ধ্যা ৭:০০টা

সুধী,
আস্‌সালামু আলাইকুম। আগামী ১৭ই মার্চ ২০২৩, শুক্রবার বাংলাদেশ-আমেরিকান কার ও লিমোজিন এসোসিয়েশন ইনক-এর নব নির্বাচিত কার্যকরী কমিটির অভিষেক ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
উক্ত অনুষ্ঠানে আপনি / আপনারা স্বপরিবারে আমন্ত্রিত।



সঙ্গীত পরিবেশনায়ঃ তানভীর শাহীন, শাহ মাহবুব, তাহমিনা মীম

আমন্ত্রণেঃ

মোঃ শাহাদত হোসেন
আহ্বায়ক, ৯১৭-৪৯৫-৫৫৭৮

মাহমুদ ফারুকী
প্রধান সমন্বয়কারী, ৭১৮-৭০৮-৯০২১

সাদী মিন্টু
সদস্য সচিব, ৭১৮-৮২০-৩৬১৯

এ জে এম হাসান জাহাঙ্গীর
যুগ্ম আহ্বায়ক

মোঃ শাহাদৎ হোসেন
সমন্বয়কারী

পারভেজ আলম, যুগ্ম সদস্য সচিব
আব্দুল করিম দুলাল, যুগ্ম সদস্য সচিব

মোঃ নওশেদ হোসেন
সভাপতি
৬৪৬-৩৩৮-২২৪৫

শাওন হোসেন মৃদুল (রতন)
সাধারণ সম্পাদক
৭১৮-৮৬৪-৩৬৯২

নবনির্বাচিত কার্যকরী কমিটি
২০২৩-২০২৪


মোঃ তোফাজ্জেল হোসেন
সভাপতি


মোঃ কামরুল ইসলাম
সিনিয়র সহ-সভাপতি


মোঃ সাদী মিন্টু
সহ-সভাপতি


মোঃ জালাল উদ্দীন
সহ-সভাপতি


মোঃ মাহমুদ ফারুকী
সহ-সভাপতি


আঃ মতিন হাওলাদার
সহ-সভাপতি


মোস্তফা জামান শামিম
সহ সভাপতি


শাওন হোসেন মৃদুল
সাধারণ সম্পাদক


মোঃ পারভেজ আলম
যুগ্ম সাধারণ সম্পাদক


কানাই লাল সাহা (দিলীপ)
কোষাধ্যক্ষ


ফিরোজ উদ্দিন রাজীব
সহ কোষাধ্যক্ষ


মোঃ শাহাদাৎ হোসেন
সাংগঠনিক সম্পাদক


মোহাম্মদ শাহ
সহ সাংগঠনিক সম্পাদক


রমজান খান তপন
দপ্তর সম্পাদক


মোঃ কামাল হোসেন
সাংস্কৃতিক সম্পাদক


আব্দুল করিম দুলাল
প্রচার ও প্রকাশনা সম্পাদক


মোঃ সাইফুল আমিন
ক্রীড়া সম্পাদক


মোঃ সাদিকুর রহমান
আপ্যায়ন সম্পাদক


কাজল ইসলাম তাজল
কার্যকরী সদস্য


মোঃ শাহাদাৎ হোসেন
কার্যকরী সদস্য


এ জি এম হাসান জাহাঙ্গীর
কার্যকরী সদস্য


ভজন কুমার সরকার
কার্যকরী সদস্য


ফিরোজ আহমেদ
কার্যকরী সদস্য

উপদেষ্টা পরিষদ ২০২৩-২০২৪


আবু রব বাবুল
উপদেষ্টা


মহিউদ্দিন দেওয়ান
উপদেষ্টা


রুহুল আমিন সিদ্দিকী
উপদেষ্টা


শাহজাহান নজরুল
উপদেষ্টা


শমসের আলী
উপদেষ্টা


মোঃ নওশেদ হোসেন
উপদেষ্টা


ফেরদৌস ওয়াহিদ
উপদেষ্টা



নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার

(শেষের পাতার পর)

অনুষ্ঠিত হবে। এতে ক্লাব সদস্য ছাড়াও আমন্ত্রিত অতিথিরা অংশ নেবেন। ক্লাবের কার্যকরী পরিষদের সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। সভায় আসন্ন গ্রীষ্মকালে বনভোজন আয়োজনের বিষয়ও আলোচিত হয়। খবর ইউএনএ'র।

জ্যাকসন হাইটসের একটি রেষ্টুরেন্টে রোববার (১২ মার্চ) অপরাহ্নে অনুষ্ঠিত প্রেসক্লাবের কার্যকরী পরিষদের সভায় সভাপতিত্ব করেন সভাপতি আবু তাহের। সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক মনোয়ারুল ইসলাম। সভায় কার্যকরী পরিষদের অন্যান্য কর্মকর্তাদের মধ্যে ডা. ওয়াজেদ এ খান, মমিন মজুমদার, রশীদ আহমদ, এস এম সোলায়মান, মাহাথীর ফারুকী, ফরিদ আলম ও এবিএম সালাহউদ্দিন আহমেদ উপস্থিত ছিলেন।

সোসাইটির গঠনতন্ত্র সংশোধনী কমিটি গঠিত

(শেষের পাতার পর)

করেন বাংলাদেশ সোসাইটির সভাপতি মোহাম্মদ রব মিয়া। সাধারণ সম্পাদক মো. রুহুল আমিন সিদ্দিকীর পরিচলনায় সভায় অন ্যান্যের মধ্য সিনিয়র সহ-সভাপতি মোঃ মহিউদ্দিন দেওয়ান, সহ-সভাপতি ফারুক চৌধুরী, সহ-সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম চৌধুরী, কোষাধ্যক্ষ মোঃ নওশেদ হোসেন, সাংগঠনিক সম্পাদক আবুল কালাম ভূঁইয়া, সাংস্কৃতিক সম্পাদক ডা. শাহনাজ আলম লিপি, সাহিত্য সম্পাদক ফয়সল আহমদ, জনসংযোগ ও প্রচার সম্পাদক রিজু মোহাম্মদ, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক মাইনুল উদ্দিন মাহবুব, স্কুল ও শিক্ষা সম্পাদক প্রদীপ ভট্টাচার্য, কার্যকরী সদস্য- মোঃ আখতার বাবুল, মোঃ সাদী মিন্টু ও সুশান্ত দত্ত।

সভায় অন্যান্য সিদ্ধান্তের মধ্যে সংগঠনের গঠনতন্ত্রকে আরো যুগোপযোগী এবং শক্তিশালী করার লক্ষ্যে সাত সদস্য বিশিষ্ট গঠনতন্ত্র সংশোধনী কমিটি উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে সর্বসম্মতিক্রমে গঠন করা হয়। কমিটির সদস্যরা হলেন সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক এ কে এম ফজলে রাব্বী, সাবেক নির্বাচন কমিশনার আনোয়ার হোসেন, খোকন মুশারফ ও আজি-জুর রহমান, চিটাগাং এসোসিয়েশন ইউএসএ'র সাবেক সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান, সোসাইটির সিনিয়র সহ-সভাপতি মো: মহিউদ্দিন দেওয়ান এবং সহ-সভাপতি ফারুক চৌধুরী। এছাড়াও এই কমিটিকে যে কোন প্রয়োজনে সব সময় সহযোগিতা করবেন সোসাইটির সভাপতি ও সাধারণ সম্পাদকসহ কার্যকরী পরিষদের সদস্যবৃন্দ।

গঠিত কমিটিকে যুক্তিযুক্ত সময়ের মধ্যে সংবিধানের বিভিন্ন ধারা উপধারা সংশোধনের মাধ্যমে গঠনতন্ত্রকে আরো যুগোপযোগী এবং শক্তিশালী করার লক্ষ্যে তাদের মতামত খসড়াভাবে তুলে ধরবেন কার্যকরী পরিষদের কাছে। তারপর পরবর্তীতে বিশেষ সাধারণ সভার মাধ্যমে কার্যকরী পরিষদ ও গঠনতন্ত্র সংশোধন কমিটি সোসাইটির আজীবন ও নিয়মিত সাধারণ সদস্যদের কাছে তুলে ধরবে এবং তাদের মতামতের ভিত্তিতে তা পাস হলে সংশোধিত গঠনতন্ত্রটি পরবর্তীতে সোসাইটির সকল কর্মকান্ডের ব্যবহার করা হবে।

এদিকে গত ৫ মার্চ রোববার সোসাইটির নিয়মিত কার্যকরী কমিটির মিটিং শেষে নবগঠিত গঠনতন্ত্র সংশোধনী কমিটির সদস্যরা সোসাইটির কর্মকর্তাদের সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হন। এ সময় তারা কার্যকরী পরিষদের সকল সদস্যদের কাছে গঠনতন্ত্র সংশোধনের ব্যাপারে নানা বিষয় নিয়ে আলোচনা এবং সোসাইটির কর্মকর্তাদের সহযোগিতা কামনা করেন। একই সাথে শিগগিরই পত্র-পত্রিকার মাধ্যমে সকল প্রবাসীদের কাছেও গঠনতন্ত্র সংশোধনের ব্যাপারে মতামত চাওয়া হবে বলে জানানো হয়।

গঠনতন্ত্র সংশোধনী কমিটির সদস্যদের সৌজন্য সাক্ষাৎকালে সোসাইটির সভাপতি তাদেরকে বলেন বিভিন্ন সময়ে গঠনতন্ত্রের নানা ফাকফোকর এবং নানা অপব্যাখ্যা দিয়ে সোসাইটির কার্যক্রম বাধাগ্রস্ত করে আসছে একটি মহল। দীর্ঘদিন গঠনতন্ত্রে কোন সংশোধনী আনা হয়নি তাই বর্তমান সময়ের সাথে তাল মিলিয়ে চলা যায় এ ধরনের কিছু সংশোধনী গঠনতন্ত্রে আনা একান্ত প্রয়োজন। কার্যকরী কমিটির পক্ষ থেকেও আপনাদের কিছু মতামত দেওয়া হবে এবং প্রবাসীদের কাছ থেকে কোন মতামত আসলে সেগুলোও আপনারা বিবেচনায় নিয়ে গঠনতন্ত্রকে আরো শক্তিশালী করার মাধ্যমে এই প্রবাসের মাদার সংগঠনটির ভিত আর মজবুত করার আহবান জানাচ্ছি। -প্রেস বিজ্ঞপ্তি।

বাড়ী ক্রয়ের প্রস্তুতি

(শেষের পাতার পর)

নূন্যতম জানা থাকা প্রয়োজন। তানাহলে আর্থিক ক্ষতির সমস্যা সহ নানা সমস্যায় পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। একজন বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন চালানোর যোগ্যতা থাকলেই তিনি বাড়ী ক্রয়ের জন্য প্রস্তুত বলেই ধরে নেয়া যায়। মনে রাখতে হবে ছোট-খাটো অনেক কাজ থাকে যা মালিক নিজেই করতে পারেন। তানাহলে একদিকে বাড়ীর যেমন সঠিকভাবে খাকবে না, তেমনী বাড়ীর মূল্যও কমে যাবে।

হঠাৎ ঘরের তালা নষ্ট হয়ে যেতে পারে, বাথরুমে সমস্যা দেখা দিতে পারে। বৈদ্যতিক কানেকশনে সমস্যা দেখা দিতে পারে। ইত্যাদি ছোট-খাটো সমস্যাগুলো বড় সমস্যার সৃষ্টি করতে পারে। তাই সংশ্লিস্ট বাড়ীর মালিককে ছোট-খাটো কাজ নিজেকেই করতে হতে পারে। এক্ষেত্রে ইউটিউবের সাহায্য নেয়া যেতে পারে। প্রয়োজনে বন্ধু-বান্ধবের সাহায্য নেয়া যেতে পারে। তবে সর্বোত্তম হচ্ছে বাড়ী ক্রয়ের অগে বা বাড়ীর মালিক হওয়ার পূর্বে বাড়ী সুন্দর ও ভালো রাখার ছোটখাটো সমস্যাগুলো আগেভাগেই জেনে নেয়া ভালো।

নিউইয়র্কে আপনার ক্রেডিট স্কোর, ক্রেডিট রিপেয়ার, মর্টগেজ সহ বাড়ী ক্রয়-বিক্রয়ে আমরা পরামর্শ দিয়ে থাকি। প্রয়োজনে কল করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)



মসজিদ আবু হুরায়রা'র গ্র্যান্ড ওপেনিং ১৮ মার্চ

(শেষের পাতার পর)

শনিবার। ৭৮-০৪ ৩১ এভিনিউ ইস্ট এলহার্স্ট, নিউইয়র্ক ১১৩৭০ ঠিকানায় প্রতিষ্ঠিত মসজিদ ভবনটির গ্র্যান্ড ওপেনিং উপলক্ষ্যে ঐদিন বেলা ১২টায় এক দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

এতে প্রধান অতিথি থাকবেন নিউইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডামস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। আলোচক থাকবেন কানাডার বিশিষ্ট ইসলাসিক স্কলার মোহাম্মদ আসলামউদ্দিন আল আজহারী ও নিউইয়র্কের দারুস সালাম মসজিদের খতিব মওলানা আব্দুল মুকিত। এতে সভাপতিত্ব করবেন 'মসজিদ আবু হুরায়রা'র খতিব মোহাম্মদ ফায়েক উদ্দিন।

মসজিদ পরিচালনা কমিটির সভাপতি মোহাম্মদ এ রউফ, বোর্ড অব ট্রাষ্টির সদস্য এটর্নী মঈন চৌধুরী এবং জেনারেল সেক্রেটারী নবি হোসাইন অনুষ্ঠানটি সফল করার জন্য সকলের প্রতি অনুরোধ জানিয়েছেন।

খুশকি দূর করতে মেথি

(শেষের পাতার পর)

কমাতেও কার্যকর মেথি। জেনে নিন কিভাবে মেথি ব্যবহার করবেন চুলে। মেথির যেকোনো প্যাক তৈরির আগে সারা রাত ভিজিয়ে রেখে পরদিন বেটে নিতে হবে।

১। মেথি বেটে টক দই মিশিয়ে চুলে লাগান। শুকিয়ে গেলে ধুয়ে ফেলুন।

২। বাটা মেথির সাথে লেবুর রস মিশিয়ে চুলের গোড়ায় লাগান। ৩০ মিনিট পর ধুয়ে ফেলুন শ্যাম্পু দিয়ে।

৩। মেথি ও ডিমের প্যাক বানিয়ে ব্যবহার করতে পারেন চুলে। এ জন্য মেথি বেটে ডিমের কুসুম মেশান। চুলের আগা থেকে গোড়া পর্যন্ত লাগান মিশ্রণটি। শুকিয়ে গেলে শ্যাম্পু করে নিন। মিলবে উপকার।

৪। মেথি বেটে সরাসরিও লাগাতে পারেন চুলে। শুকিয়ে গেলে শ্যাম্পু করে নিন। মিলবে উপকার।

৫। মেথি বেটে নারিকেল তেল মিশিয়ে চুলে লাগান। কিছুক্ষণ পর ভেষজ শ্যাম্পু দিয়ে ধুয়ে নিন।

বাংলাদেশ ট্যাক্সি সোসাইটি অব ফিলাডেলফিয়া'র

(শেষের পাতার পর)

আগামী ২ (দুই) বৎসরের জন্য কার্যকরী কমিটি ও নির্বাচন কমিশনারবৃন্দ নির্বাচিত হন।

প্রধান নির্বাচনী কমিশনার মোঃ রাশেদ জানান, এবারের নির্বাচনে দু'টি প্যানেল অংশগ্রহণ করে। একটি প্যানেলে লড়ে 'টিপু-মিঠু পরিষদ' অপর প্যানেলে লড়েন 'মাহবুব-মহিউদ্দিন পরিষদ'। সকাল ১১টা থেকে ভোট গ্রহন শুরু হয়ে চলে রাত ৮টা পর্যাপ্ত চলে।

উল্লেখ্য, ২০০৭ সালে কয়েকজন উদ্যোগী ট্যাক্সি চালকদের মধ্যে সেবা ও বিভিন্ন সুযোগ সুবিধা দেয়ার সংকল্পে প্রতিষ্ঠা করেন বাংলাদেশ ট্যাক্সি সোসাইটি অব ফিলাডেলফিয়া যা 'বিটিএসপি' নামে সর্বাধিক পরিচিত। সময়ের বিবর্তনে আজ এই সংগঠনটি সার্বজনীন রূপ ধারন করে ফিলাডেলফিয়ার সর্ববৃহৎ বাংলাদেশী সংগঠন হিসেবে পরিচিতি লাভ করেছে। সংগঠনটির গঠনতন্ত্র অনুযায়ী দ্বি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠানের বাধ্যবাধকতায় ২০২৩-২০২৪ এই দুই বছরের জন্য কার্যকরী পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয় রোববার।

নির্বাচনে বিটিএসপি'র কার্যকরী পরিষদের ১৯টি পদের বিপরিতে 'টিপু-শামীম-বাবু-মিঠু পরিষদ' থেকে ১৯জন প্রার্থী ও ৫জন নির্বাচন কমিশনার সহ সর্বমোট ২৪জন এবং 'মাহবুব-মহিউদ্দিন পরিষদ' থেকে ১৮জন প্রার্থী ও ৫জন নির্বাচন কমিশনার সহ সর্বমোট ২৩জন প্রার্থী প্রতিদ্বন্দ্বীতা করেন।

এদিকে এই নির্বাচনকে কেন্দ্র করে গোটা ফিলাডেলফিয়ার বাংলাদেশী কমিউনিটিতে উৎসব উৎসব ভাব বিরাজ করে। উৎসবের আমেজ শুধু প্রার্থী ও ভোটারদের মধ্যেই সীমাবদ্ধ ছিলো না, এই আমেজ ছিলো সাধারণ প্রবাসীদের মধ্যেও। এই রিপোর্ট লেখা পর্যন্ত ভোট গণনা চলছিলো।

ড. সিদ্দিকের বিরুদ্ধে ওসমান সিদ্দিকের

(প্রথম পাতার পর)

বিরুদ্ধে মানহানি মামলার হুমকি দিয়ে লিগ্যাল নোটিশ পাঠিয়েছেন বাংলাদেশী বংশোদ্ভূত কূটনীতিক ওসমান সিদ্দিক। র‍্যাবের ওপর নিষেধাজ্ঞা আরোপে নোবেল বিজয়ী অর্থনীতিবিদ প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস ও যুক্তরাষ্ট্রের প্রতিনিধি হিসেবে বিভিন্ন দেশে দায়িত্ব পালনকারী বাংলাদেশী বংশোদ্ভূত রাষ্ট্রদূত (কূটনীতিক) ড. ওসমান সিদ্দিকের হাত রয়েছে বলে সম্প্রতি নিউ-ইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেটের এক সভায় বক্তৃতাকালে ড. সিদ্দিকুর রহমান অভিযোগ করেন। এই সভায় পররাষ্ট্রমন্ত্রী ড. একে আব্দুল মোমেন প্রধান অতিথি ছিলেন। সভায় প্রদত্ত ড. সিদ্দুকুর রহমানের বক্তব্য যুক্তরাষ্ট্রের বাংলা ভাষাভাষী বিভিন্ন মিডিয়া আউটলেট এবং ঢাকার নিউজ পোর্টালে প্রকাশিত হয়। কনস্যুলেটের সভায় তিনি বলেন, ড. ইউনূস ও ড. ওসমান সিদ্দিকের কারণেই যুক্তরাষ্ট্র সরকার র‍্যাবকে নিষিদ্ধ করেছে। এ বক্তব্যকে অসত্য ও বিভ্রান্তিকর আখ্যায়িত করে ড. ওসমান সিদ্দিক-এর আইনজীবী কার্ল এইচ জোসেফ-ব্লাক লিগ্যাল নোটিশ পাঠান ড. সিদ্দিকুর রহমান বরাবর। সেই নোটিশের অনুলিপি হোয়াটসআপ যোগে পররাষ্ট্রমন্ত্রী ড. একে আব্দুল মোমেনের কাছে পাঠানো ছাড়াও ই-মেইলযোগে যুক্তরাষ্ট্রের ট্রেজারি ডিপার্টমেন্ট, ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাস এবং নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেটে পাঠানো হয়েছে।

লিগ্যাল নোটিশে বলা হয়, বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. একে আব্দুল মোমেন এবং ওয়াশিংটনে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরানের উপস্থিতিতে ড. সিদ্দিকুর রহমান মিথ্যা ও বানোয়াট বক্তব্য দিয়েছেন। এতে অ্যাটর্নি জোসেফের ক্লায়েন্ট ড. ওসমান সিদ্দিকের মানহানি হয়েছে। মিস্টার ওসমান সিদ্দিক সাবেক চ্যান্সেলর ওসমান গনির সন্তান ও ক্লিনটন প্রশাসনের আমলে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব পালন করেছেন।

উল্লেখ্য, তিনি বাংলাদেশের সাবেক শিক্ষামন্ত্রী ও বিএনপি নেতা ড. ওসমান ফারুকের ছোট ভাই ড. ওসমান সিদ্দিক। লিগ্যাল নোটিশে বলা হয়, আগামীতে ওসমান সিদ্দিকের বিরুদ্ধে এ ধরনের মানহানিকর ও অসম্মানজনক বক্তব্য প্রদান থেকে ড. সিদ্দিকুর রহমানকে অবশ্যই বিরত থাকতে হবে।

রোজার আগেই অস্থির নিউয়র্কের বাজার

(প্রথম পাতার পর)

তবে মূল্যছাড়ের এ ঘোষনা বাস্তবে কতটা কার্যকর আছে বাজারে, এমন প্রশ্নের জবাবে পেন্ডোরার বাক্স খুলে দিলেন ক্রেতারা। মূল্যছাড়ের আড়ালে কতিপয় ব্যবসায়ী মূল্য বাড়ানোর অসাধু কৌশলে গ্রাহকদের প্রতারিত করছে বলে অভিযোগ তুললেন তারা।

অপরদিকে ভোক্তারা জানান, নিউয়র্কে বাংলাদেশী ও ইন্ডিয়ান গ্রোসারি শপগুলোতে খাদ্যপণ্যের দাম ক্রমাগত বাড়ছে। এতে হাফিয়ে ওঠেছেন কম আয়ের মানুষেরা। তারা কোনভাবেই আয়-ব্যায়ের ভারসাম্য মেলাতে পারছেন না। তবে, দোকানীরা যথারীতি দাবী করেছেন, রমজান উপলক্ষে তারা কিছু কিছু পণ্যের দাম কমিয়ে এনেছেন।

পবিত্র রমজানের প্রায় দু সপ্তাহ বাকি থাককেই ইফতার ও সেহরি পণ্যগুলোর দাম অনেকেরই নাগালের বাইরে চলে গেছে বলেও অভিযোগ ভোক্তাদের।

টাইম টিভি'র ক্বিরাত প্রতিযোগীতা আয়োজন

(প্রথম পাতার পর)

পরিচালিত সকল মসজিদ/মাদ্রাসা থেকে নতুন প্রজন্মের অংশগ্রহণে আযয়োজন করেছে ক্বিরাত প্রতিযোগীতার। অংশগ্রহণে আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে আগামী ১৫ মার্চ বুধবার ২০২৩-এর মধ্যে নাম রেজিস্ট্রেশন করার আহ্বান জানানো হচ্ছে। বয়সসীমাঃ ন্যূনতম ৮ বছর থেকে অনুর্ধ ১৬ বছর। অংশগ্রহণে আগ্রহী প্রতিযোগীর নাম, জন্মতারিখ ও ঠিকানা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক জমা দেওয়ার অনুরোধ করা যাচ্ছে। প্রতিটি প্রতিষ্ঠান হতে সর্বোচ্চ তিন জন প্রতিযোগী রেজিস্ট্রেশন করতে পারবে। রেজিস্ট্রেশন এর জন্য যোগাযোগঃ ফোন/এসএমএসঃ +১ (৭১৮) ৪৮২-৯৯২৩ অথবা +১ (৭১৮) ৪৮২-১১৬৯. আয়োজনে TIME television ই-মেইলঃ timetvusa@gmail.com চিঠি পাঠাবার ঠিকানাঃ Time Television 36-50 38th St, Long Island City, NY 11101.

Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
MIRZA M ZAMAN
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

COMPUTER IT TRAINING
& JOB PLACEMENT
MyTechUSA
"YOUR DREAM BECOME TRUE"
Why "MyTechUSA"
- We "MyTechUSA" Company is taking our community members IT career dream on our Shoulder to make it real!
- After Job Placement we provide continuous support to our students while they are on the Job!
- Our courses are very much affordable! We Pay $500 referral bonus.
- We don't leave our students alone OR leave them behind from the beginning till the end of the course!

DATABASE → ADMINISTRATION
→ ENGINEERING
Microsoft
SQL Server
ORACLE
Azure
mongoDB.
NoSQL
Please Contact:
Zia Uddin Ahamed
CEO & President
Phone: 347-597-0885
571-208-5450
813-767-4600
E-mail: ziaahamed@ymail.com

Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com

PEOPLE TECH
DevOps
Scrum Master
& Product Owner
(100% Scholarship for Training & Job Placement, Condition applied)
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing (QA) Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us

VIVID MORTGAGES® INC.

Crystal Clear Loans®

আপনার স্বপ্নের বাড়ি



ট্যাক্স রিটার্ন ছাড়াই
১ বছর ট্যাক্স রিটার্ন
তুলনামূলক সুদের হার
সর্বনিম্ন ৩.৫% ডাউন পেমেন্ট

আমরা ইসলামিক লোন করি

বিনামূল্যে পরামর্শ ও প্রি-এপ্রুভালের জন্য যোগাযোগ করুন
হোপ সেকিজি **NMLS# 244341**

Phone: 718-831-2800, Fax: 718-831-2100, Toll Free 800-880-8557

hope@vividmortgages.com
www.vividmortgages.com

VIVIDMORTGAGES

YOUR DREAM HOUSE



No Tax Returns
1 Year Tax Return
Copmpetitive Interest Rates
Down Payment
as low 3.5%

For Free consultation & Pre-Approval

Hope Sekezi : NMLS # 244341

Phone: 718-831-2800, Fax: 718-831-2100, Toll Free 800-880-8557

hope@vividmortgages.com www.vividmortgages.com

211-35 Jamaica Ave. Queens Village, NY 11428

REGISTERED MORTGAGE BROKER NYS DEPARTMENT OF FINANCES SERVICES NMLS # 1279925
ALL LOANS APPROVED THROUGH 3RD PARTY PROVIDERS

EQUAL HOUSING OPPORTUNITY

vividmortgages is registered Traders of vivid mortgage Inc All rights reserved

অরক্ষিত গ্যাসের উৎস নিয়ে সচেতন না হলে সামনে বিপদ

ঢাকা ডেস্ক: 'দেশের বিভিন্ন এলাকায় কয়েকটি বিস্ফোরণের ঘটনার পর এর পেছনে কেউ কেউ নাশকতার আশঙ্কা করছেন। তবে আমাদের বিস্ফোরক বিশেষজ্ঞদের তদন্তে এ ধরনের কোনো আলামত পাওয়া যায়নি। সায়েন্স ল্যাবরেটরি ও সিদ্দিকবাজারের বিস্ফোরণস্থলে মিথেন গ্যাসের উপস্থিতি পেয়েছি। প্রাথমিক তদন্তের পর এটা বলতে পারি, বদ্ধ ঘরে জমে থাকা গ্যাস থেকেই বিস্ফোরণের সূত্রপাত। সিদ্দিকবাজারে যে ভবন থেকে বিস্ফোরণ, এর বেজমেন্টে বাণিজ্যিক গ্যাসের লাইন ছিল। অরক্ষিত গ্যাসলাইনের উৎস নিয়ে সচেতন না হলে সামনে আরও বড় বিপদের মুখোমুখি হতে হবে।'

বৃহস্পতিবার (৯ মার্চ) দেওয়া সাক্ষাৎকারে এমন মন্তব্য করেন ঢাকা মহানগর পুলিশের সিবিআরএন ও বোমা নিষ্ক্রিয়করণ দলের প্রধান অতিরিক্ত পুলিশ সুপার রহমত উল্লাহ চৌধুরী। বোমা বিশেষজ্ঞদের আন্তর্জাতিক প্ল্যাটফর্ম ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অব বম্ব টেকনিশিয়ান অ্যান্ড ইনভেস্টিগেটরসের (আইএবিটিআই) সদস্যও তিনি।

রহমত উল্লাহ বলেন, যে কোনো বিস্ফোরণের পর প্রথম এর যথাযথ তদন্ত শুরু করা জরুরি। কারণ চিহ্নিত করা না গেলে পরবর্তী দুর্ঘটনার ক্ষেত্র প্রস্তুত থাকে। অবহেলা ও গাফিলতির দায়িত্ব কারও এড়ানো উচিত হবে না। অনেকের প্রশ্ন, হঠাৎ কেন এমন ধারাবাহিক বিস্ফোরণ? এর উত্তরে তিনি বলেন, শুষ্ক মৌসুমে সাধারণত অগ্নিসংযোগ ও বিস্ফোরণ বেশি ঘটে। এটা তো অস্বীকার করা যাবে না, ঢাকায় আমরা এক ধরনের বোমার ওপর বসবাস করছি। শীতকালে সাধারণত বাসাবাড়ি ও বাণিজ্যিক প্রতিষ্ঠানে এসি-ফ্যান দীর্ঘ সময় বন্ধ থাকে। ঢাকায় অসংখ্য ভবন রয়েছে, যেখানে সারাবছর বাতাস প্রবাহের কোনো ব্যবস্থা থাকে না। হঠাৎ গরম শুরু হলে অনেকেই এসি বা অন্য যে কোনো বৈদ্যুতিক সরঞ্জাম সংস্কার না করে চালু করেন। তখন যে কোনো উৎস থেকে অগ্নিস্ফুলিঙ্গ হয়ে দুর্ঘটনা ঘটে। এটা অবশ্যই মানতে হবে, ভবনের আন্ডারগ্রাউন্ডে গ্যাস সংযোগ রাখা যাবে না। এমনকি ভবনের গ্যাস, স্যুয়ারেজ লাইন ও পানির লাইন পাশাপাশি রাখা বিপজ্জনক।

রহমত উল্লাহ চৌধুরী বলেন, সিদ্দিকবাজারের ঘটনাস্থলে কয়েক ফুট উচ্চতার গ্যাসের স্তর ছিল। সাধারণত কোনো বদ্ধ ঘরে ৫ থেকে ১১ শতাংশ মাত্রার মিথেন গ্যাস থাকলে সেখানে যে কোনো সময় বিস্ফোরণ ঘটতে পারে। এ ধরনের বিস্ফোরণ যে কোনো মানুষ ইচ্ছা করলেই ঘটাতে পারে না। বিস্ফোরণের জন্য তিনটি বিষয় একযোগে কাজ করে। তা হলো বদ্ধ ঘরে গ্যাসের ক্লাউড জমা হতে হবে; থাকবে অক্সিজেনের উপস্থিতি; পাশাপাশি স্ফুলিঙ্গের কোনো উৎস থাকবে। কোনো নাশকতাকারীর পক্ষে এই বিষয়গুলো এক করা প্রায় অসম্ভব। শুধু বাংলাদেশ কেন, বিশ্বে এ ধরনের বিস্ফোরণ মনুষ্য সৃষ্টিজনিত হয়েছিল- এমন নজির খুঁজে পাওয়া যায় না। যুক্তরাষ্ট্রসহ বিশ্বের অনেক দেশ থেকে বিস্ফোরণের ওপর আমরা প্রশিক্ষণ নিয়েছি। বিদেশি বোমা বিশেষজ্ঞদের সঙ্গে প্রায়ই অভিজ্ঞতা বিনিময় হয়। বাংলাদেশে বিস্ফোরণের ঘটনাগুলোর অধিকাংশ গ্যাসের সোর্স থেকে হয়ে থাকে- এ ব্যাপারে তাঁরাও একমত পোষণ করেছেন। সম্প্রতি ঘটে যাওয়া কোনো দুর্ঘটনাস্থলে বিস্ফোরকের আলামত পাওয়া যায়নি। ইম্প্রোভাইজড এক্সপ্লোসিভ ডিভাইস (আইইডি) ব্যবহার করেও কেউ নাশকতা করলে সেখানে অবশ্যই বিস্ফোরকের মেটাল জাতীয় আলামত থাকবে।

আন্তর্জাতিক এই বোমা বিশেষজ্ঞ আরও বলেন, সিদ্দিকবাজারের ঘটনার সঙ্গে আগের বেশ কয়েকটি বিস্ফোরণের ধরনের মিল রয়েছে। এর মধ্যে একটি হলো মগবাজারের বিস্ফোরণ। নারায়ণগঞ্জের একটি মসজিদেও ভয়াবহ বিস্ফোরণে অনেকে হতাহত হয়েছিলেন। দুর্ঘটনা এড়াতে নাগরিকদের সচেতন হওয়া জরুরি। বাড়ি নির্মাণের ক্ষেত্রে বিল্ডিং কোড অবশ্যই মানতে হবে; কেউ না মানলে কর্তৃপক্ষকে মানানোর ব্যবস্থা করতে হবে। যে কোনো ভবনে মানসম্পন্ন ইলেকট্রনিকস সামগ্রী ব্যবহার নিশ্চিত করা। ভবনের সেপটিক, পানির ট্যাঙ্ক নিয়মিত পরিষ্কার করা দরকার। যেসব জায়গায় গ্যাস জমে থাকতে পারে, সেখানে ভেন্টিলেশনের ব্যবস্থা করা। রান্নাঘরের জানালা অবশ্যই খোলা রাখা। প্রয়োজনে 'ফোর্স ভেন্টিলেশনের' ব্যবস্থা করা।

রহমত উল্লাহ চৌধুরী আরও বলেন, সিদ্দিকবাজারের বিস্ফোরণের বিশেষ বৈশিষ্ট্য হলো বেজমেন্ট থেকে সূত্রপাত। নিচে ভেন্টিলেশন না থাকায় বিস্ফোরণে বেজমেন্টসহ দুটি তলা ধ্বংসস্তূপে পরিণত হয়। বেজমেন্ট থেকে চাপটা মূলত ওপরের দিকে প্রবাহিত হয়। করোনার পর অনেক মানুষ নিজ বাসাবাড়িতে পালস অক্সিমিটার ও প্রেশার মাপার মেশিন রাখছেন। নাগরিকদের কাছে এই অনুরোধ- গ্যাস পরিমাপের জন্য অল্প টাকায় যন্ত্র কিনতে পাওয়া যায়। নিজেরাও অনেক সময় সেটার মাধ্যমে ঘরে কোনো অরক্ষিত সূত্র থেকে গ্যাস জমা হচ্ছে কিনা, সেটা মেপে দেখতে পারেন।

তিনি আরও বলেন, প্রতিটি বিস্ফোরণের পেছনে পরিবেশগত দায় অবশ্যই রয়েছে। গ্যাস সংযোগ আছে- এমন কক্ষে বায়ু চলাচলের ব্যবস্থা আমরা রাখি না। দুর্ঘটনা এড়াতে জরুরি হলো প্রাইমারি ও সেকেন্ডারি ভেন্টিলেশনের ব্যবস্থা রাখা। এ ছাড়া ক্ষয়প্রাপ্ত, বিনষ্ট ও পরিত্যক্ত গ্যাসের পাইপলাইন পরিবর্তন, মেরামত ও প্রয়োজনে অপসারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধিবিধান অনুসরণ করতে হবে।

এবার রেড কার্পেটের জায়গা নিলো শ্যাম্পেন রঙের কার্পেট

বর্ণাঢ্য আয়োজনে অস্কার অ্যাওয়ার্ড মনোনয়ন

বাংলা পত্রিকা ডেস্ক: বর্ণাঢ্য আয়োজনে রোববার ক্যালিফোর্নিয়ার লস অ্যাঞ্জেলেসে বিতরণ হলো ৯৫তম অস্কার পুরস্কার অ্যায়ার্ড। বিশ্বের সিনেমাপ্রেমীদের জন্য সবচেয়ে বড় আয়োজন 'অস্কার' পুরস্কার বিরতরী অনুষ্ঠান। চোখ ধাধানো এবারের অয়োজনও ছিলো জাকজমকপূর্ন। আর অস্কার মঞ্চে উপস্থিত সকলকে মাতিয়ে রাখার জনপ্রিয় সঞ্চালক জিমি কিমেল। এনিয়ে তৃতীয়বারের মতো অস্কার সঞ্চালনা করলেন হলিউডের জনপ্রিয় সঞ্চালক, অভিনেতা জিমি কিমেল। এদিকে গত বছর অস্কারের মঞ্চে ঘটে যাওয়া বিব্রতকর ঘটনা এড়াতে এবার সব ধরনের প্রস্তুতি ছিলো। অস্কারের মঞ্চে ছিলো 'ক্রাই-সিস টিম'। যেকোনো অপ্রতীতিকর ঘটনা এড়ানোই ছিলো এই টিমের কাজ। তবে এবারের আয়োজনে এন্টারটেইনমেন্ট ইন্ডাস্ট্রির পার্টি বা অ্যাওয়ার্ড ফাংশনগুলোর সমার্থক হিসেবে পরিচিত 'রেড কার্পেট' ছিলো না। রেড কার্পেটের জায়গায় এবার ছিলো শ্যাম্পেন রঙের কার্পেট।



প্রকাশনা অনুষ্ঠান



বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের মাউন্টেন ব্যাটালিয়ন কমান্ডার

আবু জাফর মাহমুদের

প্রবন্ধ সংকলণ জয় বাংলা জয়বাংলাদেশ

১৮ মার্চ ২০২৩, শনিবার। বিকেল ৫টা।
জুইস সেন্টার, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক-১১৩৭২



“আমরা আমাদের পতাকা তৈরি করেছি, জাতীয় সঙ্গীত নিয়েছি। এটি আমরা পেরেছি বলেই সারা পৃথিবীতে যত বাঙালি, আমরাই তাদের নেতা। গুরুত্বপূর্ণ বিষয় হলো, রাষ্ট্র কি গড়ি নাই? আমাদের কি রাষ্ট্র নাই? তাহলে জয় বাংলা শ্লোগানের সঙ্গে সঙ্গে কেন আমরা ধ্বনি তুলছি না ‘জয় বাংলাদেশ’ শ্লোগানের।
আমি সর্বোচ্চ জোর দিয়ে বলতে চাই, দেশপ্রেম যদি থেকে থাকে, দেশের প্রতি যদি দরদ থাকে, তাহলে অবশ্যই বলতে হবে ‘জয় বাংলাদেশ’। এই ব্যাপককতা সম্পন্ন, পরিপূর্ণ একটি শ্লোগানের বিকল্প যদি কিছু থাকে, কেউ যদি আবিস্কার করতে পারেন, চিন্তায় আনতে পারেন, আমি বলবো সেটিই হোক রাষ্ট্রের শ্লোগান। বাংলাদেশের শ্লোগান ‘জয় বাংলাদেশ’।”

জয়বাংলাদেশ

জয় বাংলাদেশ ইনক

BANGLA CDPAP SERVICES

ALEGRA® HOME CARE INC.
Care With Love Is Humanity

সাহিত্য সাময়িকী

আমাদের অনিশ্চয়তা
মঈনুস সুলতান

বসে ছিলাম নিরিবিলি কস্তুরি রেস্তোরাঁর ছায়াচ্ছন্ন বারান্দায়
বিকেল ছিলো নির্ভার-অন্তরঙ্গতার মৃদু সম্ভাবনায় প্রসন্ন,
টেবিলে চিনিগুঁড়া চালের সৌরভ ছড়ানো শুভ্র অন্ন,
বহুদিন পর চোখে পড়লো- চেনা মশলায় জারিত ব্যঞ্জন
স্রোতের সঞ্জীবনে ভেসেছিল যুগল দুটি গ্রহ অলকনন্দায়,
গালগল্পে বাঙময় হয়ে ওঠেছিল বেকা উপত্যকার অলিভ বন
নাগরিক প্রতিবেশে ছিলো না শরীর জুড়ানো সিগ্ধ হাওয়া,
মনে পড়ে হয়তো -মোহনায় এসেও ভিন্ন পথে ফিরে যাওয়া;

কাকতালে জোটে গিয়েছিল অনিকেত এক চিত্রপ্রদর্শনী
ফিরে তাকাও....চিন্তা করো-আটপৌরে বাতাবরণে ঝুলছে.....
রোদশায়রের ছিটা লাগা- রঙ্গে রেখায় কান্তি-চঞ্চল বিস্তরণ.....
পানপাত্রে বেভুল বিকালের বিমূর্ত সঞ্জিবনী,
দেয়ালে ঝুলেছিল স্বয়ং মকবুল ফিদা-
বুঝতে পেরো, কাছে থেকেও ক্ষণতরে সুদূর হাওয়ার দ্বিধা
শুভ্রনীল যে শিশু উদ্ভিদের পত্রালিতে ঝরেছিল স্নেহের রূপালি ঝারি,
প্রজাতির সঠিক শিরোনাম না জেনেও তাকে বলা চলে বিকালের কস্তুরিলতা
উদবেগ ছিলো বটে অশেষ- চিত্রের রঙরেখায় তৈরী হয়েছিল শুকসারি,
তবে-কেটে গিয়েছিল ক্ষণতরে.. আমাদের অনিশ্চয়তা ।

অন্য তুমি
রেজা শামীম

তোমাকে সম্ভবত রূপকথার গল্পে মানায়
নিদেনপক্ষে মারকেজের মায়াবাস্তব গল্পে
দালি'র পেইন্টিং এর মত তুমি পরাবাস্তব ।
তোমাকে প্রতিবেশী ভেবে প্রেমে পড়ে পাড়ার প্রেমিক,
সুলভ ভেবে ঘরে তোলে ঘরামী ।
মূলত কেউ তোমাকে পায় না ।

স্বপ্ন বা তার কাছাকাছি কোন অবচেতনে তুমি থাকো
তোমাকে দূরের ভেবে কেউ দুরবীনে রাখে চোখ
তোমাকে নির্দিষ্ট গন্তব্য জেনে কেউ নামে চেনা পথে
তথাপি কেউ তোমার কাছে পৌঁছাতে পারে না ।

অথচ ব্রহ্মচারী আমি কি অবলীলায় জানি
কোন জলের ঘুঙ্ঘুর তোমাকে পলকা নাচায়,
কোন ঘাসের নোলক নাকে পরিয়ে দিলে
তিরতির কেঁপে ওঠে তোমার অধরা অধর ।
কি নামে ডাকলে তোমায়
চাপিয়ে দেয়া অবগুণ্ঠন ছিঁড়ে বহুদিন পর
হাওয়ায় ওড়াও তোমার অরণ্য খোলা চুল ।

মনের ভিতর
আশরাফুল মোসাদ্দেক

এ পরিবর্তনশীল সময়ের পর্বটি ছিল দারুণ
মধ্যাহ্নে আমরা প্রবিষ্ট হয়ে যাই এক শূন্য অঞ্চলে
চোখগুলো বিনিময় করে নিষ্কাম এবং কামজ প্রেম
আমদের হাতে মোটেও ছিল না অফুরন্ত অবসর

চুম্বন ও আদরের সেই শূন্য টগবগে করিডোরে
ঘটনাটি বন্দি করে জীবনব্যাপি আকাঙ্খা
এটি আমার ইচ্ছা ছিল যা প্রয়োজনে পরিবর্তিত হয়েছিল
প্রয়োজন পরে নেয় চাহিদার লালরঙ পলো শার্ট

সেই থেকে মনের ভেতরে একটা বিশেষ ঘর হয়
যেখানে এক মোমবাতি জ্বলার জন্য প্রতীক্ষায় আছে

রাস্তা আমার বাড়ি হয়ে গেছে
এইচ বি রিতা

রুজভেল্টের রাস্তায় হাঁটছি দুই যুগ, বাতাসের সাথে
এলো চুল, উড়ছে ঈগল ডানায় উন্মোচিত পৃথিবীকে
সহ্য করার সম্ভাবনা নিয়ে ।

এখানে প্রতিনিয়ত দৃশ্যপট বদলায়, পাহাড় থেকে
ঘূর্ণায়মান পাহাড়ে, ধুলোময় মরুভূমি থেকে সবুজে
রাস্তার বাঁকে-প্রতিটি বাঁকের সাথে একটি বিস্ময়
অথচ, রাস্তার সৌন্দর্য আমাকে কখনো ছেড়ে যায় না
বরং, বাড়ন্ত ঝুলেপড়া খোলা চোখে তা আলিঙ্গন করি ।

আমি শহর ছেড়েছি, বেহালার সিম্ফোনিতে দায়বদ্ধ
জীবনের যন্ত্রণা ছেড়েছি
রুমালে বাঁধা সুখটুকুর গল্প এবং অভিজ্ঞতায়
এই খোলা রাস্তায় আমি ঘুরে বেড়াই, মুক্ত ও জীবন্ত হয়ে
জানি, রাস্তা অনিশ্চিত, গন্তব্য নয়
আমি যাত্রায় বিশ্বাস করি ।

এ রাস্তায় আমি হাঁটতে থাকি, শেষ- চোখে পড়ে না
কারণ রাস্তা আমার বাড়ি হয়ে গেছে
এবং জীবনের অ্যাডভেঞ্চার, কিঞ্চিৎ অরুণিমা ।

মর্নিং গ্লোরি
সাজু কবীর

গুলিবিদ্ধ সবুজের আহত পাঁজরে
ব্যথাতুর রাত,
চারিদিকে শুধু ঝাঁক ঝাঁক সাদা আঁধারের
ধারাপাত ।

বুট ও বুলেটের দানবিক উল্লাসে
উথালপাথাল,
শান্তির পতাকাবাহী পদ্মা, মেঘনা
ও যমুনার জল ।

সংশপ্তক লাল আগুনের
প্রণয়মুখর প্লাবন,
একটি ফুলকে বাঁচানোর জন্য একশেষ
আয়োজন ।

বিজয়ী ষোল'র ঘরে লাল সবুজের
কাব্য গীতিময়,
অবশেষে কলাপাতা-রোদে নাকালের
সকাল বিজয় ।

কখনো কখনো
দিলীপ কির্ত্তুনিয়া

মানুষের মুখের কথা ভালো লাগে না ।
বই পুস্তকে লেখা মুদ্রিত ভাষা টানে ।
মানুষের মুখের ছবিও পর্দা ঘেরা হয়
আড়ালে ঠেলে ফেলতে ইচ্ছে করে ।
তখন মুখের ছবি জলরঙে আঁকা
চোখের সামনে এনে দেয় তৃপ্তি ।

অসুখ অসুস্থতা এনে দেয়
এই যে মানুষ নড়ে চড়ে
ছুটে এসে ঘাড়ে হাত রাখে
ডাক দেয় জিহ্বার উত্তাপে ।

মনে হয় মানুষকে এড়িয়ে শান্তি
একার কাছে বসতে ইচ্ছে করে ।

মানুষের অংশ গ্রহণে সবুজ খুঁজে পাই না ।
মানুষের হাতের কাজ নান্দনিক শিল্পকর্ম
কীর্তি বা যোগ্যতার স্বাক্ষর ভাষায় বা রঙে
কাঠামোয় বা আল্পনায়
নিজেকে ভেজাতে ভালো লাগে ।

আমার জন্মভূমির মাটি
সাইফউদ্দিন আহমেদ বাবর

একদিন আমিও ভাসবো আকাশে,
বিমানের ভেতর বসে
ছোট্ট জানালা দিয়ে,
সাদা কালো মেঘ বিদীর্ণ করে দেখবো
নীল আকাশ,
কিংবা রাতের আকাশে
দেখবো কিছু চন্দ্র কিছু তারা ।

একদিন আমিও প্রবাসের মাটি ছেড়ে
শূন্যে উড়ে গিয়ে স্পর্শ করবো
আমার জন্মভুমির মাটি, ধুলো, কাদা ।

একদিন আমার পায়েও আদর দিবে
বাড়ির আঙ্গিনার দুর্বা ঘাস,
আমার আলতো স্পর্শে লজায়
গুটিয়ে যাবে লজ্জাবতী লতা,

একদিন আমিও ডুব সাঁতারে করবো
পুকুরের এপার থেকে ওপার ।

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	87-54 168th Street, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	859 Fillmore Ave
Jackson Heights, NY 11372	Jamaica, NY 11432	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549



‘ফ্যাশন আইকন’ হিসেবে সম্মাননা লাভ দুজনের, সঙ্গে মিম

বিনোদন ডেস্ক: চিত্রনায়ক ফেরদৌস বহুবার জাতীয় চলচ্চিত্র পুরস্কার ছাড়াও বলা যায় দেশের প্রথিতযশা সব সংগঠন থেকেই তিনি অভিনয়ে শ্রেষ্ঠত্বের জন্য পুরস্কৃত হয়েছেন। অন্য দিকে তারিনও জাতীয় পুরস্কার পাওয়ার পাশাপাশি বিভিন্ন সংগঠন কর্তৃক পুরস্কৃত হয়েছেন। কিন্তু এবার তারা দু’জন ‘ফ্যাশন আইকন’ হিসেবে প্রথমবার সম্মাননা লাভ করেছেন। গত ২৭ ফেব্রুয়ারী রাজধানীর বসুন্ধরার আইসিসিবি-হল টুতে অনুষ্ঠিত ‘আজোয়া নিবেদিত গল্পওয়ালা সম্মাননা ও ফ্যাশন শো-২০২৩’-এ ফেরদৌস ও তারিন ‘ফ্যাশন আইকন’ সম্মাননা লাভ করেন। এই সময়ে তাদের সাথে ছিলেন মিম। মিমও একই অনুষ্ঠানে একজন র‍্যাম্প মডেল হিসেবে হেঁটেছেন এবং ‘পরাণ’ সিনেমাতে অভিনয়ের জন্য শ্রেষ্ঠ অভিনেত্রীরও পুরস্কার লাভ করেন। ফেরদৌস বলেন, ‘এর আগে তো আসলে জাতীয় চলচ্চিত্র পুরস্কারসহ দেশের নানান সংগঠন কর্তৃক অভিনয়ে শ্রেষ্ঠত্বের জন্য সম্মাননা লাভ করি। কিন্তু এবার ক্যাটাগরিটি ছিল ভিন্ন। যখন আমাকে গল্পওয়ালারের কর্ণধার মো: সামছুল হুদা এই প্রস্তাবটি দেন যে- আপনি এবং তারিন ফ্যাশন আইকন হিসেবে পুরস্কৃত হবেন। তখনই আমার কাছে মনে হয়েছে কত ধরনের পুরস্কারই তো আমরা নিয়ে থাকি। আমার কাছে কেন যেন মনে হয়েছে এই পুরস্কারটি গ্রহণ করতে পারি। যথারীতি মুক্তিযোদ্ধা মন্ত্রী ও আজোয়ার কর্ণধার নূসরাত শারমিনের হাত থকে এই সম্মাননা গ্রহণ করে। আমার কাছে মুহূর্তটি স্মরণীয় হয়ে থাকবে। আমার জন্য সবাই দোয়া করবেন।’

আর বিয়ে করতে চান না রাখি সাওয়ান্ত

বিনোদন ডেস্ক: বলিউডের আলোচিত নাম রাখি সাওয়ান্ত। কিছু দিন পর পর বিতর্কিত কর্মকান্ডের মাধ্যমে আলোচনায় আসাটা তার যেন রুটিনে পরিণত হয়ে গেছে। নিজেকে খবরের শিরোনামে রাখতে খুব ভালো লাগে এ অভিনেত্রীর। সম্প্রতি দুবাইয়ে বাড়ি-গাড়ি কিনেছেন এবং একটি ট্রেনিং একাডেমি খুলেছেন তিনি। সোমবার রাতে মুম্বাই এয়ারপোর্টে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব তথ্য জানিয়েছেন এ অভিনেত্রী। সোমবার আবারও স্বামী আদিলকে নিয়ে মুখ খুললেন তিনি। ভারতীয় গণমাধ্যমে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, ‘জেল থেকে আদিল আমাকে ফোন করেছিল। আদিল বলেছে, ‘আমি তোমার কাছে ফিরে যেতে চাই। আমি আরেকটা সুযোগ চাইছি।’ ফোনে আদিলের এসব কথা শোনার পর বেশ কিছু শর্ত দেন রাখি। রাখি সাওয়ান্ত বলেন, ‘আদিল যদি ফিরে আসতে চায়, তবে তাকে লিখিত দিতে হবে যে, সে আর কখনো আমার সঙ্গে প্রতারণা করবে না, শারীরিকভাবে নির্যাতন করবে না। আমার কাছ থেকে যে টাকা নিয়েছে তা ফেরত দেবে, নারীদের সঙ্গে আর খারাপ আচরণ করা যাবে না এবং আমার সঙ্গে যে বিয়ে হয়েছে সেটিতেই থাকতে হবে। আদিলকে এসব শর্ত বলার পর আইনগতভাবে লিখিত দিতে রাজি নয় আদিল। তা হলে কি আদিল ফিরতে চায় আমাকে খুন করে প্রতিশোধ নিতে? আদিল ফেরার পর যদি এমন কিছু ঘটে, তবে সেই দায় কে নেবে?’



এসব কথা বলার পর রাখি আরও বলেন, আমি আর কখনো বিয়ে করতে চাই না। আমি আদিলকে কখনো ডিভোর্স দেব না। কারণ আমি চাই না আর কোনো মেয়ের জীবন ও নষ্ট করুক। আমি এই জীবনে আর বিয়েও করতে চাই না, সন্তানও চাই না। আমার একাডেমির ছাত্রছাত্রীরাই আমার সন্তান। মাদার তেরেসা বিয়ে করেননি। তিনি অভাবী বাচ্চাদের দেখাশোনা করেছেন। যদিও আমি তার ধারে-কাছে নেই, কিন্তু চেষ্টা করতে তো দোষের কিছু নেই।’

উল্লেখ্য, বিকৃত যৌনাচার, শারীরিক নির্যাতন, পরকীয়া, অর্থ-গহনা চুরি এবং পণ নেওয়ার অভিযোগে স্বামী আদিলের নামে মামলা করেছেন বলিউড অভিনেত্রী রাখি সাওয়ান্ত। এ মামলায় আদিল গ্রেপ্তার হয়ে বর্তমানে জেলহাজতে রয়েছেন।

ফিল্মে আসার সৎ সাহসটি পাইনি আগে : আফরান নিশো

বিনোদন ডেস্ক: ২০০৪ সালে সিনেমা শুরুর পর ২০২৩ সালে এসে সিনেমায়। এই সিদ্ধান্ত নিতে এত বিলম্ব হলো কেন?

- আমি সবসময়ই সিনেমা করতে চেয়েছিলাম। একটি পেলাম আর করে ফেললাম, এমনটি কখনো করতে চাইনি। সিনেমা করার জন্য একটি বিশাল অ্যারেঞ্জমেন্ট দরকার, একটি ভালো গল্প দরকার। তা ছাড়া সবচেয়ে বড় কথা প্রস্তুতি থেকে শুরু করে একটি ভালো সময়ের দরকার। এর আগে অনেক সিনেমার প্রস্তাব এলেও অনেকে সে সময়টি দিতে চাইতেন না। সিনেমার জন্য যে সময়টি আমি ব্যয় করব এই সময় তো আমি অন্য কাজ করতে পারব না। পেশাদারভাবে সিনেমায় আসতে চেয়েছিলাম। সেটি পারছিলাম না বলেই এতদিন নাটকে ছিলাম। সব কিছু মিলিয়ে হচ্ছিল না, ফিল্মে আসার সৎ সাহসটি পাইনি আগে। এখন সময় বদলাচ্ছে। এখন ফিল্মে অনেক কিছু দেখেই ‘জাস্ট ওয়াও ফ্যাক্ট’ কাজ করে। মনে হয়েছে এখন সিনেমা করা যায়। আর এই সিনেমার গল্প শোনার পর থেকেই মনে মনে কাজটি করার জন্য প্রস্তুতি নিতে থাকি।



‘সুড়ঙ্গ’-এর জন্য আপনার চরিত্রের প্রস্তুতি ঠিক কেমন ছিল?

- কেউ অবজারভেশন থেকে অভিনয় করে, কেউ থিওরি এপ্লাই করে আবার কেউ মেথড অ্যাক্টিং করে। কিন্তু আমি ওপেন থাকার চেষ্টা করছি। বেশি স্টাক হওয়ার চেয়ে রিল্যাক্স থাকা জরুরি। জাস্ট গো ইউথ দ্য ফ্লো! অভিনয়ের অনেক পথ আছে। মূলত গল্প ভাবনা শোনা এবং স্ক্রিপ্ট পড়া থেকে আমার প্রস্তুতি শুরু হয়। আগে কাজটি করি এরপর না হয় দর্শকরা হলে গিয়ে দেখুক। মাঝে অনেক দিন কাজ করিনি, ভবঘুরের মতো ঘুরেছি। এর মধ্যে ওজন কমিয়েছি ১৩ কেজির মতো যেটি আসলে নিজের জন্য দরকার ছিল। কিন্তু এটি সিনেমার চরিত্রটিকে প্লাস করবে, কারণ ওই চরিত্রটির জন্য একটু লিন থাকা জরুরি। সিনেমার নাম যেহেতু ‘সুড়ঙ্গ’, মাটির নিচে যেতে হবে। অনেক কাটসাটের পর স্ক্রিপ্টের ফাইনাল ড্রাফট হাতে পেলাম দুদিন আগে। এখন দেখা যাক কী হয়, ৫ মার্চ থেকে শুটিং শুরু করতে যাচ্ছি।

এখন কি তাহলে ভাবনা শুধুই সিনেমা?

- মডেলিং দিয়ে আমার শুরু, এরপর নাটক-ওটিটি করেছি। এখন সিনেমা নিয়ে ভাবছি। আমার কাছে এই সবগুলোকেই একেকটি আলাদা মাধ্যম মনে হয়। আমার কাজ অভিনয় করা, কনন্টেট করা; কোথায় করছি সেটি না। টেলিভিশনে যে বাজেটে কাজ হয় ওটিটিতে তার চেয়ে বেশি এবং সিনেমাতে সেটি আরো বেশি। সিনেমাতে কাজ করলে বা ব্যস্ততা বাড়লে অন্যান্য প্ল্যাটফর্মের কাজ বাদ দেয়ার ধৃষ্টতা আমার নেই। হয়তো কম কাজ হবে কিন্তু আমি বাদ দিতে পারব না। যদি নাটক করি তাহলে একটি করতে পারব না। করলে ১০টি করতে হবে যাতে আমার প্রতি কেউ মনোক্ষুণ্ন না হয়। তা ছাড়া আমরা যারা শিল্পী কিংবা নির্মাতা তাদের প্রত্যেক মাধ্যমেই বারবার নিজেকে প্রমাণ করতে হয়। সিনেমায় যদি অন্যান্য প্ল্যাটফর্মের মতো নিজেকে প্রমাণ করতে পারি তাহলে অন্য মাধ্যমে কাজ কম করা হবে। আবার যদি দেখি সিনেমা কম করা হচ্ছে তখন হয়তো ওটিটির ভালো গল্পটা চুজ করব।

প্রথম সিনেমা, কোনো ভয় কাজ করছে?

- সবাই কিন্তু সফল-ই হতে চায়। তবে সফল হলে যেন অহঙ্কার না আসে সেটি খেয়াল রাখা উচিত। আমি মনে করি যখন ব্যর্থতা আসে তার মানে থেমে যাওয়া নয়, ব্যর্থতা একটি শিক্ষা। দীর্ঘদিন কাজ করে অনেকবার হেরেছি আবার জিতেছি। ব্যর্থতা থেকে শিক্ষা নিয়ে আবার আপ্রাণ চেষ্টায় সাফল্যের দেখা পেয়েছি।

সিনেমা ইন্ডাস্ট্রিতে একটি অদৃশ্য পলিটিক্স বিরাজমান! এসব বিষয়ে আপনি অবগত?

- ভালো কাজে যদি ঝামেলা আসে বা আটকানোর চেষ্টা করা হয় তবে সেটি ভালোভাবেই মোকাবেলা করা উচিত। কেউ যদি পলিটিক্স করে তাহলে সেটি পলিটিক্সের মাধ্যমে জবাব দিতে হবে। পারফরমার হিসেবে আমার ধর্ম হচ্ছে কাজ। কাজটিই সব কিছুর প্রতিফলন করাবে। একটি ভালো কাজ যদি পলিটিক্সের মাধ্যমে মুখ থুবড়ে পড়ে তাহলে সেই প্ল্যাটফর্ম মোটেও আমাদের হবে না। এসব নিয়ে আমি কখনো ভয় পাই না।



মাছ মাংস খান না বলিউডের যে তারকারা

বিনোদন ডেস্ক: বলিউড তারকাদের মধ্যে অনেকেই নিরামিষভোজী। তাদের ডায়েট চার্ট ভরে থাকে ফল, সবজিতেই। এতে তাদের কর্মস্পৃহা কিংবা উদ্যম কমেনি। বর্তমানে ফারজির সাফল্যে ভাসছেন শহীদ কাপুর। তিনি ২০০৩ সালে ‘লাইফ ইজ ফেয়ার’ বইটি পড়ার পর জীবনে বড় পরিবর্তন আনেন। ওই বইটি পড়ার পর শহীদ কাপুর আমিষ খাবার খাওয়া ছেড়ে দেন। মাংস পরিত্যাগ করে সম্পূর্ণ নিরামিশাষী হয়ে যান। বইটি উপহার দিয়েছিলেন তার বাবা পঙ্কজ কাপুর।

বলিউড অভিনেত্রী কঙ্গনা রানাওয়াত। খ্যাতি পাওয়ার আগে কঙ্গনা আমিষভোজী ছিলেন। ২০১৩ সালে এসে ডায়েট থেকে মাংস খাবার পুরোপুরি বাদ দেন কঙ্গনা রানাওয়াত। উদ্ভিজ্জ নির্ভর খাদ্যাভ্যাসে গা ভাসান তিনি।

মেদহীন শরীর এবং কমনীয় হাসির অধিকারী কার্তিক আরিয়ান। পশু প্রেমই তার নিরামিষভোজী হওয়ার কারণ। সাবলীল অভিনয়গুণে দর্শকের হৃদয়ে জায়গা করে নিয়েছেন আলিয়া ভাট। খুব অল্প সময়ে নিজের ফিটনেসে ফিরেছেন এই অভিনেত্রী। ২০১৫ সাল থেকে তিনি ডায়েট শুরু করেন। নিজেকে পরিবর্তনের জন্য নিরামিষ খাবার খান তিনি।

বলিউডের অ্যাকশন হিরো জন আব্রাহাম। সুঠাম দেহের এই হট তারকা নিয়মিত ধারণাকে চ্যালেঞ্জ করে মাংস না খেয়েও পেশী অর্জন করেছেন।

বলিউডের অন্যতম ফিটনেস মা আনুশকা শর্মা। তিনি একজন নিরামিষভোজী। তিনি স্বাস্থ্যকর এবং সুস্বাদু খাবার খান।

বলিউডের সুপারস্টার ‘মিস্টার পারফেকশনিস্ট’ আমির খান। আমির তার সিনেমার জন্য শরীর নিয়ে অনেক বেশি পরীক্ষা-নিরীক্ষা করেছেন। তার নিরামিষ খাবার সহজেই তাকে ওজন বাড়তে এবং কমাতে সাহায্য করে।

স্বাস্থ্যকর খাবারে বিশ্বাসী শ্রীলঙ্কান সুন্দরী জ্যাকুলিন ফার্নান্দেজ মাংস খাবার থেকে দূরে রয়েছেন কয়েক বছর ধরেই।



কেমন হতে পারে বাংলাদেশের আজকের একাদশ

ঢাকা ডেস্ক, ১২ মার্চ : ইংল্যান্ডের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজের প্রথম টি২০ ম্যাচ দারুণ জয় তুলে নিয়ে অপেক্ষা এখন সিরিজ জয়ের। ঢাকার মিরপুর শেরেবাংলা জাতীয় স্টেডিয়ামে পরের দুই ম্যাচে মুখোমুখি হবে দুদল।

বিশ্ব চ্যাম্পিয়নদের হারাতে প্রথম ম্যাচে ব্যাটে বলে এক অন্যরকম বাংলাদেশকে দেখেছে পুরো বিশ্ব। রোববার মিরপুর স্টেডিয়ামে হবে বাংলাদেশের সিরিজ নির্ধারিত ম্যাচটি। আজকের ম্যাচেই কেমন একাদশ নিয়ে মাঠে নামবে বাংলাদেশ, সেটিই এখন দেখার বিষয়!

প্রথম ম্যাচের মতো দ্বিতীয় ম্যাচেও ওপেনিংয়ে লিটন এবং আট বছর পর দলে ফেরা রনি তালুকদার থাকবেন তা নিশ্চিত। তিন নম্বরে খেলবেন ম্যাচসেরা পারফরমার নাজমুল হোসেন শান্ত। অধিনায়ক সাকিব আল হাসান চার নম্বর পজিশনটা তৌহিদ হৃদয়কে ছেড়ে দিয়ে ৫ নম্বরে নামবেন সেটিও নিশ্চিত।

ছয় নম্বরে থাকবেন আফিফ হোসেন ধ্রুব এটি নিশ্চিত করে অবশ্য বলা যায় না। কারণ আফিফ অনেক দিন ধরেই পারফরম করতে পারছেন না। তাই তার জায়গায় সোহানকে দলে রাখলেও রাখতে পারেন কোচ। যেহেতু খেলা মিরপুর জাতীয় স্টেডিয়ামে তাই সাকিব বোলিংয়ের দিকে নজর দিতে পারেন। আর তখন ৭ নম্বর পজিশনে থাকা শামীম পাটোয়ারীর জায়গায় মেহেদী হাসান মিরাজকে দলে নিলে অবাক হওয়ার কিছু নেই।

এদিকে চারজনকে নিয়ে সাজানো বোলিং অ্যাটাকে অন্তত একজন স্পিনার থাকবেন এটা নিশ্চিত করেই বলা যায়। আগের ম্যাচের মতো নাসুম আহমেদ থাকবেন একাদশে নাকি এবারের বিপিএলে সর্বোচ্চ উইকেট শিকারি তানভীর ইসলাম আসবেন দলে সেটিও নিশ্চিত না।

আর যদি তিনজন ফাস্টবোলার নিয়ে মাঠে নামার সিদ্ধান্ত নেয়, সে ক্ষেত্রে মোস্তাফিজুর রহমান থাকছেন নিশ্চিতভাবে। দলে আরও থাকবেন তাসকিন আহমেদ ও হাসান মাহমুদ। সম্ভাব্য এ একাদশ নিয়েই দ্বিতীয় ম্যাচে ইংল্যান্ডের বিপক্ষে প্রথমবার টি-টোয়েন্টি সিরিজ জয়ের লক্ষ্যে মাঠে নামবে বাংলাদেশ।

বাংলাদেশের সম্ভাব্য একাদশ

নাজমুল হোসেন শান্ত, লিটন কুমার দাস, আফিফ হোসেন, সাকিব আল হাসান, শামীম পাটোয়ারী/নুরুল হাসান সোহান, মেহেদি মিরাজ, মেহেদি হাসান, তাসকিন আহমেদ, হাসান মাহমুদ ও নাসুম আহমেদ।



সকালে ঢাকায় এসে পৌঁছাবে আয়ারল্যান্ড দল

ঢাকা ডেস্ক, ১২ মার্চ : ইংল্যান্ড দলের বাংলাদেশ সফর এখনো শেষ হয়নি। এরই মাঝে আয়ারল্যান্ড ক্রিকেট দল আজ আসছে। সকালে ঢাকায় পৌঁছে শাহজালাল থেকে সিলেটের বিমান ধরবেন আইরিশরা।

সফরে তিনটি ওয়ানডে ম্যাচই খেলবেন তারা সিলেটে। ১৮, ২০ ও ২৩ মার্চ ম্যাচ তিনটি অনুষ্ঠিত হবে সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে।

এরপর চট্টগ্রামে ২৭, ২৯ ও ৩১ মার্চ তিনটি টি ২০। সেখান থেকে ঢাকায় ফিরে একমাত্র টেস্ট খেলবে অতিথিরা। ৪ এপ্রিল মিরপুরে শুরু হবে একমাত্র টেস্ট। তিন সংস্করণেই আয়ারল্যান্ড ক্রিকেট দলকে নেতৃত্ব দেবেন অ্যান্ড্রু- বালবার্নি।

নেইমারের পায়ে অস্ত্রোপচার



ঢাকা ডেস্ক, ১২ মার্চ : গোড়ালির চোটে নেইমারের মৌসুম শেষ। গত সপ্তাহে এই খবর নিশ্চিত করেছিল তার ক্লাব পিএসজি। চোটমুক্ত হতে আবারও শল্যবিদের ছুরি-কাঁচির নিচে যেতে হলো ব্রাজিলীয় ফরোয়ার্ডকে।

শুক্রবার কাতারের দোহার একটি হাসপাতালে নেইমারের ডান পায়ের গোড়ালিতে সফল অস্ত্রোপচার হয়েছে। অস্ত্রোপচারে নেতৃত্ব দেন বিখ্যাত ব্রিটিশ শল্যবিদ জেমস কালডার।

অস্ত্রোপচার সফল হলেও অন্তত চার মাস মাঠের বাইরে থাকতে হবে নেইমারকে। চোটপ্রবণ ব্রাজিলীয় তারকাকে মৌসুম শেষে বিক্রি করে দিতে পারে পিএসজি। সেক্ষেত্রে পিএসজির জার্সিতে হয়তো আর মাঠে ফেরা হবে না তার।

সিরিজ জয়ের লক্ষ্য নিয়ে আজ মাঠে নামবে বাংলাদেশ



ঢাকা ডেস্ক, ১২ মার্চ : ইংল্যান্ডের বিপক্ষে আজ দ্বিতীয় টি টোয়েন্টিতে মাঠে নামবে বাংলাদেশ। এক ম্যাচ হাতে রেখে সিরিজ জয়ের হাতছানি স্বাগতিকদের সামনে। আর সেই সুযোগটা কাজে লাগাতে আত্মবিশ্বাসী টাইগাররা। টি-টোয়েন্টির এ দলটা বাংলাদেশের সেরা দল, যেখানে সবাই জানে কার কি দায়িত্ব বলে জানিয়েছেন পেসার হাসান মাহমুদ।

ডেথ ওভারে ডট বল দিয়ে প্রতিপক্ষকে আটকে রাখার পরিকল্পনা তার। ঐচ্ছিক অনুশীলনের কথা বলে মিরপুরে ঘাম ঝরিয়েছে পুরো ইংল্যান্ড দল।

রোববার মিরপুর শের-ই-বাংলা স্টেডিয়ামে দুপুর ৩টায় শুরু হবে ম্যাচটি।

মাত্র এক ম্যাচেই সব বদলে যায় না। তবে স্বাগতিকদের জয় হতে পারে টার্নিং পয়েন্ট। হতে পারে টি-টোয়েন্টিতে নতুন বাংলাদেশের শুরু। হোম অব ক্রিকে□টে এ স্বপ্নযাত্রায় অটল থাকতে চায় টিম টাইগার্স।

বাংলাদেশ পেসার হাসান মাহমুদ বলেন, মোমেন্টামটা অবশ্য আমাদের দিকে, তাই আমাদের চেষ্টা থাকবে এটা কন্টিনিউ করার। অধিনায়ক আমাদের টেইনআপ করছে, আমরা সবাই ইয়ং সবকিছু মিলে ভালো চলছে।

হাসান মাহমুদ বলেন, এই মুহূর্তে আমাদের যে দল রয়েছে আমি মনে করি সেটা সেরা। সবাই মাঠে খুবই এনার্জেটিক, সবাই মাঠে শেষ পর্যন্ত অ্যাফোর্ট দেয়। সবাই যার যার দায়িত্ব বুঝে নিয়েছেন। ডেথ ওভার বোলিং সামলাতে আছেন হাসান মাহমুদ। তরুণ পেসারের টার্গেট ডট বল।

টাইগার পেসার বলেন, একটা বল ডট দিতে পারলে পরবর্তী বলে ফোকাস থাকে। যদি বাউন্ডারি হয়ে যায় তারপরও আমি আমার লেন্থে থাকি, যেটা আমি পছন্দ করি বল করতে। ওই সময়টাতে ক্যারেক্টারটা শো করতে আমি নিজে পছন্দ করি।

ফিল্ডিংয়েও নতুন দিনের আগমন। পাওয়ার হিটিং, বোলিংয়ের পাশপাশি ক্যাচ প্র্যাকটিসে সিরিয়াস দেখা গেছে সবাইকে।

মিরপুরে একাদশে আসতে পারে একটা পরিবর্তন। শামীম পাটোয়ারির পরিবর্তে ফিরতে পারেন নুরুল হাসান সোহান।

ঘুরে দাঁড়াতে কতটা মরিয়া ইংল্যান্ড বলে দিচ্ছে তাদের অনুশীলনের চিত্র। ঐচ্ছিক অনুশীলনের কথা বললেও মাঠে হাজির ইংলিশদের প্রায় সবাই।

আফ্রিদির কাছে হার গম্ভীরের

ঢাকা ডেস্ক, ১২ মার্চ : ম্যাচটা ছিল শহীদ আফ্রিদি বনাম গৌতম গম্ভীরের। আফ্রিদির এশিয়া লায়ন্সে বাংলাদেশের সাবেক বাঁ-হাতি স্পিনার ও বর্তমানে নির্বাচক আবদুর রাজ্জাক, তিলকারত্নে দিলশান, উপুল থারাঙ্গার মতো সাবেক তারকা ক্রিকেটাররা রয়েছেন।



গম্ভীরের ইন্ডিয়া মহারাজাসে খেলেছেন মোহাম্মদ কাইফ, হরভাজন, ইরফান ও ইউসুফ পাঠানের মতো সাবেকরা।আকাশ থেকে খসে পড়া তারকাদের নিয়ে সংযুক্ত আরব আমিরাতে বসেছে লিজেন্ডস লিগ ক্রিকেটের (এলএলসি) আসর।

শুক্রবার দোহায় এই টি-টোয়েন্টি টুর্নামেন্টের দ্বিতীয় ম্যাচে এশিয়া লায়ন্স ৯ রানে হারিয়েছে মহারাজাসকে। আফ্রিদির কাছে হেরে গেছেন গম্ভীর।

২০ ওভারের ম্যাচে প্রথমে ব্যাট করে লায়ন্স ১৬৫ রান করে ছয় উইকেটে। মিসবাহ-উল-হক ৫০ বলে ৭৩ রান করে টপ স্কোরার। উপুল থারাঙ্গা ২০ ও অধিনায়ক আফ্রিদি ১২ রান করেন। টার্গেটে তাড়া করতে নেমে মহারাজাস আট উইকেটে ১৫৬ রানে থামে পুরো ২০ ওভার ব্যাট করে। মোহাম্মদ কাইফ, সুরেশ রায়না ও ইউসুফ পাঠান ব্যর্থ হন বড় রান করতে।

শুধু অধিনায়ক গম্ভীর ফিফটি (৫৪) করেন।মুরালি বিজয়









১ এপ্রিল শনিবার ইফতার ও দোয়া মাহফিল

বর্ণাঢ্য আয়োজনে জামালপুর জেলা সমিতি'র পিঠা ও ফাগুণ উৎসব অনুষ্ঠিত

নউইয়র্ক (ইউএনএ): বর্ণাঢ্য আয়োজনে জামালপুর জেলা সমিতি অব নর্থ আমেরিকা'র পিঠা ও ফাগুণ উৎসব অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষ্যে গত ৪ মার্চ শনিবার সন্ধ্যায় জ্যামাইকার ইকরা পর্টি হলে আয়োজিত উৎসবে হরেক রকমের পিঠার আয়োজন ছাড়াও ছিলো শুভেচ্ছা বিনিময় ও সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট ব্যবসায়ী ও কমিউনিটি অ্যাক্টিভিষ্ট শাহ নেওয়াজ এবং বিশেষ অতিথি ছিলেন জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার। খবর ইউএনএ'র।

সমিতির ভারপ্রাপ্ত সভাপতি সাংবাদিক বেলাল আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথিদ্বয় ছাড়াও শুভেচ্ছা বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ নাজমুল হক, বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ সূরুজ্জামান, ডা. মাহবুবুল ইসলাম, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মনোয়ারুল ইসলাম, পিঠা উৎসবের আহ্বায়ক আশরাফ হোসেন, সদস্য সচিব সাইফুল ইসলাম, সাধারণ সম্পাদক আকতারুজ্জামান, সাবেক সাধারণ সম্পাদক আহমেদ খান পিপলু, সংগঠনের উপদেষ্টা নাসির ইকবাল, বিশিষ্ট ব্যবসায়ী ও অ্যাক্টিভিষ্ট কামরুল ইসলাম সনি, সমিতির প্রচার সম্পাদক মনিরুজ্জামান, সোহেল আহমেদ, বাবু প্রমুখ।

স্বাধীনতার মাস উপলক্ষ্যে অনুষ্ঠানে তিন জন বীর মুক্তিযোদ্ধাকে উত্তরীয় পরিয়ে দেয়া হয়। এরা হলেন- বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ নাজমুল হক, বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ সূরুজ্জামান ও মুক্তিযোদ্ধার সন্তান ডা. মাহবুবুল ইসলাম।

পিঠা উৎসবের উদ্বোধন করেন বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ নাজমুল হক। সাংস্কৃতিক পর্বে প্রবাসের জনপ্রিয় শিল্পী রানো নেওয়াজ, চন্দন চৌধুরী, অনিক রাজ, এমডি আব্দুর রহমান বাবু ও নিপা জামান সঙ্গীত পরিবেশন করেন।

অনুষ্ঠানে ঘোষণা দেয়া হয় যে, আগামী ১ এপ্রিল শনিবার জ্যামাইকার ইকরা পর্টি হলে সমিতির বার্ষিক ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে।

TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500
আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।
দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য
আপনাদের সেবায়
ডাঃ কাজী জাফরি সাত্তার
ডাঃ এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি
REQUEST A FREE CONSULTATION
HOW TO REACH US
718-760-5500
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.


বাড়ি-ক্রয়-বিক্রয়ের বিশ্বস্ত ও নির্ভরযোগ্য রিয়েলটর
MURSHEDA ZAMAN
Lic. Real Estate Sales Person
171-21 Jamaica Ave., Jamaica 11432
844-464-3262
E-mail: murshedazaman@gmail.com
MLS
যোগাযোগ
Cell: 917-502-6445


গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮

ওটিতে কিডনি চুরি, সিলেটে তোলপাড়

ঢাকা ডেস্ক: ওটি রুমে ছিলেন ৫ জন। সবাই মুখ চাওয়া চাওয়ি করছিলেন। হঠাৎ একজন বললেন, 'বাদ দে গরিব লোক। অপর আরেক জন ধমক দিয়ে বললেন, ৫৫-৬০ বছর বেঁচে গেছে। আর বেঁচে কী করবে।'- এ কথা বলে কানাইঘাটের খছরু মিয়া চৌধুরীকে অজ্ঞান করেন তারা। কয়েক ঘণ্টা পর জ্ঞান ফেরে তার। দেখেন বামপাশের কিডনির কাছে সেলাই করা। হাউমাউ করে কেঁদে উঠেন। বলেন, 'আমার কিডনি কই।' উপস্থিত নার্সরা খছরু মিয়াকে ধমক দেন। শাসান।

স্বামীর জীবন নিয়ে ভয় পেয়ে যান স্ত্রী নাজমা। স্বামীকে অনুরোধ করেন কিছু না বলতে। এরপর একদিন পরেই ছাড়পত্র দিয়ে বাড়ি পাঠিয়ে দেয়া হয়। এভাবেই সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালের অপারেশন থিয়েটারে কানাইঘাটের ফতেহগঞ্জের বাসিন্দা খছরু মিয়া চৌধুরীর কিডনি চুরি করে নেয়া হয়। কিছুটা সুস্থ হওয়ার পর ব্যথা অনুভব করেন খছরু মিয়া। সিলেট শহরের কয়েকজন ডাক্তারের শরণাপন্ন হন। কিডনি চুরির ঘটনা বললে কেউ তাকে চিকিৎসা দেন না। এমনকি পরীক্ষা করানোর সুযোগ দেয়া হয়নি তাকে। শেষে জৈন্তাপুরের একটি প্যাথলজি সেন্টারে পরীক্ষা করার পর রিপোর্ট আসে- 'বাম পাশের কিডনি পাওয়া যায়নি।' নিতান্তই গরিব লোক কানাইঘাটের খছরু মিয়া। দিন আনেন দিন খান। স্ত্রী, সন্তানদের নিয়ে বসবাস করেন জকিগঞ্জের শ্বশুরবাড়ি। কাজ করেন জৈন্তাপুরের লালাখালে। গত বছরের সেপ্টেম্বরে গাছ থেকে পড়ে বাম হাতের কুনুইয়ের উপরের হাড় ভেঙে যায়। ডাক্তার দেখানোর পর অস্ত্রোপরের পরামর্শ দেন তারা। এরপর খছরু মিয়া ছুটে যান ওসমানী হাসপাতালের আউটডোরে। সেখানে ডাক্তার দেখানোর পর হাড় অপারেশনের জন্য ভর্তির পরামর্শ দেয়া হয়। ১৮ অক্টোবর হাতের অপারেশনের জন্য খছরু মিয়া ভর্তি হন ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালের ৯নং ওয়ার্ডে। এরপর টানা এক মাস অপেক্ষার পর অপারেশনের সিরিয়াল এলে ১৭ই নভেম্বর সকালে ওটিতে নেয়া হয়। খছরু মিয়া জানিয়েছেন, 'তখন সকাল বেলা। আমাকে ওটিতে নিয়ে প্রথমে ডাক্তাররা আমার বাম হাতের ভাঙা হাতে অস্ত্রোপচার করেন। তখন আমার জ্ঞান ছিল। ডাক্তারদের কথাবার্তা শুনছিলাম। ওটি রুমে ছিলেন ৫ জন। সবাই মুখ চাওয়া চাওয়ি করছিল। হঠাৎ একজন বললো, বাদ দে গরিব লোক। অপর আরেক জন ধমক দিয়ে বললো ৫৫-৬০ বছর বেঁচে গেছে। আর বেচে কী করবে। এরপর ইঞ্জেকশন দিলে আমি আর কিছু বলতে পারিনি। যখন জ্ঞান ফিরলো তখন দেখি আমার কিডনির ওখানে কাটা। চিৎকার দিয়ে বলি- আমার কিডনি ওরা নিয়ে গেছে। এ সময় নার্সরা এসে আমাকে শাসায়। পরে আমার স্ত্রীর শান্তনায় নীরব হই।' খছরু মিয়া জানান, 'কিডনি চুরির ঘটনা নিশ্চিত হতে আমি সিলেট শহরে ডাক্তার ও ডায়গনস্টিক সেন্টারের শরণাপন্ন হই। কিন্তু ঘটনা শুনে কেউ আমাকে দেখেনি। প্যাথলজিক্যাল সাপোর্ট পাইনি।' এদিকে, জৈন্তাপুরের জৈন্তা ডায়গনস্টিক সেন্টারে গত ১৫ই জানুয়ারি প্যাথলজিক্যাল পরীক্ষা করান খছরু মিয়া। রিপোর্ট আসে বামপাশের কিডনি নেই। এতে বিপর্যস্ত হয়ে পড়েন খছরু মিয়া। এমন ঘটনায় হতবাক তিনি। হাসপাতালে গিয়েছিলেন হাতের চিকিৎসা করাতে। এরপর দেখেন কিডনি নেই। বিষয়টি নিয়ে তিনি আইনজীবীদের দ্বারস্থ হন। গত ১ মার্চ সিলেটের অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আব্দুল মোমেনের আদালতে তিনি বিচার চেয়ে আবেদন জানান। এ সময় আদালত খছরু মিয়ার জবানবন্দিও শুনেন। পরে কোতোয়ালি থানাকে মামলাটি রেকর্ডপূর্বক তদন্তের নির্দেশ দেন বিচারক। এদিকে, আদালতের নির্দেশ পেয়ে কোতোয়ালি থানা পুলিশ গত ৩রা মার্চ মামলাটি গ্রহণ করে। মামলার তদন্ত করছেন কোতোয়ালি থানার এসআই জুয়েল চৌধুরী। তিনি বৃহস্পতিবার বিকালে জানিয়েছেন. 'ইতিমধ্যে তিনি তদন্ত কাজ শুরু করেছেন। বাদীর সঙ্গে কথা বলেছেন। আদালতের নির্দেশ নিয়ে তার তত্ত্বাবধানে রোগীকে ফের প্যথলজিক্যাল পরীক্ষা করা হবে।







Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

SECI

বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

ছুটির দিনে যুক্তরাষ্ট্রে সোনালী এক্সচেঞ্জ হাউজ খোলা

- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা দিচ্ছি সর্বোচ্চ এক্সচেঞ্জ রেট
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ রেটও সমান
- আমাদের বিকাশ সার্ভিসের রেটও সমান
- আমরা দিচ্ছি আড়াই শতাংশ সরকারী প্রণোদনা পাবার নিশ্চয়তা



blaze ব্লেজ নামীয় সার্ভিসের মাধ্যমে ২৪/৭/৩৬৫ ভিত্তিতে মাত্র ৫ সেকেন্ডের মধ্যে রেমিট্যান্স প্রেরণ করুন।

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1881
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন – আপনাকে সেবা করার সুযোগ দিন

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক

SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&I, MI DIFS, GA DB&F AND MD OCFR

চার দিনে তিন বিস্ফোরণে রহস্য



ঢাকা ডেস্ক: একের পর এক বিস্ফোরণ ঘটেই চলেছে। গত এক সপ্তাহে এমন বিস্ফোরণ ঘটেছে অন্তত তিনটি। এখনো এর সুনির্দিষ্ট কারণ জানা যায়নি। রহস্যের সৃষ্টি হয়েছে এসব বিস্ফোরণের ঘটনা ঘিরে। ৪ মার্চ চট্টগ্রামের সীতাকুন্ডে একটি অক্সিজেন কারখানায় বিস্ফোরণে অন্তত ছয়জন নিহত হয়েছেন। পরদিন ঢাকার সায়েন্সল্যাবে ভবন বিস্ফোরণের ঘটনা ঘটে। এতে দেয়াল ধসে নিহত হন তিনজন এবং আহত হয়েছেন অন্তত ৩০ জন। রাজধানীতে এক দিন বাদেই গুলিস্তানের সিদ্দিকবাজারে আরেকটি বিস্ফোরণের ঘটনা ঘটে। এ পর্যন্ত এ ঘটনায় ২২ জন নিহত এবং শতাধিক মানুষ আহতের তথ্য পাওয়া গেছে। ৭ মার্চ বিকাল পৌনে ৫টার দিকে ঢাকার নর্থ সাউথ রোডের সিদ্দিকবাজারে বিস্ফোরণের ঘটনাটি ঘটে। এতে পাশাপাশি আরও দুটি বহুতল ভবন ক্ষতিগ্রস্ত হয়। এর আগেও ২০১৯ সালে কিছুদিনের মধ্যে তিনটি বিস্ফোরণের ঘটনা ঘটে। ওই বছর ৯ ফেব্রুয়ারি রাজধানীর যাত্রাবাড়ীতে বিষাক্ত গ্যাস জমে একটি ম্যানহোলে ভয়াবহ বিস্ফোরণ হয়। এ ঘটনায় রাস্তা দিয়ে হেঁটে যাওয়ার সময় মা-মেয়েসহ তিনজন আহত হন। এরপর ১০ ও ১১ জুন একই এলাকার শনির আখড়া ও মীরহাজিরবাগে বিস্ফোরণ ঘটে। এর রহস্য বের করতে কদমতলী থানা ও শ্যামপুর থানা পৃথক তদন্ত প্রতিবেদন ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) ওয়ারী বিভাগে জমা দেয়। এরপর ১৩ জুন ওয়ারী বিভাগের পক্ষ থেকে ডিএমপি কমিশনারের কাছে আরেকটি প্রতিবেদন দেওয়া হয়। ওই সময় এসব প্রতিবেদন পাঠান ওয়ারী বিভাগের তৎকালীন দায়িত্বপ্রাপ্ত উপকমিশনার (ডিসি) শাহ ইফতেখার আহমেদ। ওই প্রতিবেদনে বলা হয়, কদমতলীর শনির আখড়ায় ও শ্যামপুরে পৃথক বিস্ফোরণে ফরিদ আহমেদ ও আবির হোসেন মিরাজ নামে দুজন নিহত হন। আহত হন অন্তত পাঁচজন। কদমতলীতে বিস্ফোরণের পর ঘটনাস্থল পরিদর্শন করে বিস্ফোরক অধিদফতর, ফায়ার সার্ভিস, ডেসা ও পুলিশ। অনুসন্ধানে ধারণা করা হয়, তিতাস গ্যাসের সাপ্লাই লাইনের লিকেজ থেকে নিঃসরিত গ্যাস স্যুয়ারেজ লাইন দিয়ে এক্সিম ব্যাংকের বাথরুম স্টোরে জমা হয়। এরপর এসি ও জেনারেটরের শর্টসার্কিট থেকে প্রচন্ড শব্দে বিস্ফোরণ ঘটে। ঘটনাস্থলে তিতাস গ্যাসের লিকেজ এবং এক্সিম ব্যাংকের স্যুয়ারেজ লাইনের সঙ্গে সংযোগ পাওয়া যায়। এমনকি ফায়ার সার্ভিসের বিশেষজ্ঞ দল মেশিনের মাধ্যমে এক্সিম ব্যাংকের বাথরুমে ৬০ ভাগ গ্যাসের উপস্থিতি পায়, যা পরে মেরামত করা হয়। প্রতিবেদনে আরও বলা হয়, শ্যামপুরের পাইপ রোডে বিস্ফোরণের পর ঘটনাস্থল অনুসন্ধান করে জানা যায়, সেখানেও তিতাস গ্যাসের লাইনে লিকেজ পাওয়া গেছে। সেই লিকেজ থেকে নিঃসরিত গ্যাস ময়লা-আবর্জনায় বন্ধ স্যুয়ারেজ লাইনে জমা ছিল। ওই স্যুয়ারেজ লাইনে আগে থেকে সৃষ্ট বায়োগ্যাস মজুদ ছিল। কিন্তু স্যুয়ারেজের পিঠে ওপর থেকে মজবুত করে কংক্রিটের ঢালাই থাকায় মজুদ গ্যাস বেরিয়ে যেতে পারেনি। ফলে উভয় গ্যাসের বিক্রিয়া ও চাপ এবং বায়ুমন্ডলের তাপমাত্রা বেশি থাকায় প্রচন্ড বিস্ফোরণ ঘটে। তিতাস গ্যাসের লাইনের অ-নিয়মিত রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা এবং সিটি করপোরেশনের অনিয়মিত ব্যবস্থাপনার জন্যই এ বিস্ফোরণ ঘটে। এ ছাড়া স্থানীয় বাসিন্দাদের অভিযোগের পরও তিতাস গ্যাস কর্তৃপক্ষ গ্যাস লাইনের ছিদ্র মেরামত না করায় বিস্ফোরণ হয়। জানা যায়, ওই প্রতিবেদনে গ্যাস লাইন লিকেজ থেকে স্যুয়ারেজে ঝুঁকির কথা জানানোর পাশাপাশি তা প্রতিরোধে দ্রুত তিতাস গ্যাসকে ব্যবস্থা নেওয়ার বিষয়ে সতর্কও করা হয়েছিল। বিশেষজ্ঞদের ভাষ্য, দুর্ঘটনাগুলোর আগে গ্যাস লাইনের লিকেজ থেকে স্বাভাবিক মাত্রার চেয়ে বেশি মিথেন গ্যাস জমা হয়। মিথেন গ্যাস দাহ্য পদার্থ। বদ্ধ রুমে বাতাসে ৫ থেকে ১৫ শতাংশ অথবা এর চেয়ে বেশি মিথেন গ্যাসের উপস্থিতি ঝুঁকিপূর্ণ। সেখানে কোনো স্পার্ক (স্ফুলিঙ্গ), ম্যাচের কাঠি বা আগুনের উৎস থাকলেই বিস্ফোরণ ও অগ্নিদুর্ঘটনা ঘটে। অনেক সময় মিথেনের সঙ্গে যুক্ত হয় হাইড্রোজেন সালফায়েড, যা নিজে দাহ্য না হলেও অক্সিজেনের উপস্থিতিতে দাহ্য হয়। মিথেন ও হাইড্রোজেন সালফায়েড এক হয়ে বেড়ে যায় দাহ্যতা। সে কারণে বড় ধরনের বিস্ফোরণ হয়। এতে ভবনও ধসে যেতে পারে।

এদিকে মঙ্গলবারের ঘটনাটি সম্পর্কে সরেজমিন গিয়ে দেখা যায়, বিস্ফোরণের পরই সিদ্দিকবাজারের ভবনটি ঝুঁকিপূর্ণ হয়ে পড়ে। বেসমেন্ট ও গ্রাউন্ড ফ্লোর ধসে যায়, কলামগুলো ক্ষতিগ্রস্ত হয়। ওই এলাকার অন্য ব্যবসায়ীরা বলছেন, হঠাৎ প্রচন্ড শব্দের পর ভবন থেকে ধোঁয়া উড়তে দেখা যায়। সাত-তলা ভবনটিতে বিস্ফোরণের পর আশপাশের ভবন ও যানবাহনে আঘাত করে। ভবনের সামনে অনেকে আহত হয়ে পড়ে ছিলেন। তাদের শরীর থেকে রক্ত ঝরছিল। সেই সময় ভবনটি থেকে ইট-কাঠ ও জিনিসপত্র ছিটকে বাইরে এসে পড়ে। এমনকি ভবনের নিচের একটা কলাপসিবল গেটও উড়ে সামনের লোকজনের গায়ে পড়ে। সেটার আঘাতেও অনেকে আহত হন। বিস্ফোরণে জিনিসপত্র উড়ে এসে সড়কের ওপরে থাকা একটি যাত্রীবাহী বাসের একপাশে আঘাত করলে জানালার সব কাচ ভেঙে যায় এবং যাত্রীদের অনেকে আহত হন। এ ছাড়া ভবনটির সামনে থাকা বেশ কয়েকটি ভ্যান ও রিকশার চালক এবং যাত্রীসহ অনেক পথচারী আহত হন। ভবনটির বেসমেন্ট, প্রথম ও দ্বিতীয় তলা সবচেয়ে বেশি ক্ষতির শিকার হয়েছে। ভবনের প্রথম ও দ্বিতীয় তলার ছাদ ধসে বেসমেন্টের ওপর পড়েছে। ফায়ার সার্ভিসের কর্মকর্তারা জানান, এই বিস্ফোরণের সঙ্গে তারা ২০২১ সালের জুনে মগবাজারের বিস্ফোরণের মিল দেখতে পাচ্ছেন। জানা গেছে, মগবাজারের বিস্ফোরণটি নিয়ে এখনো তদন্ত শেষ করতে পারেনি ডিএমপির কাউন্টার টেররিজম ও ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিট (সিটিটিসি)। ২০২০ সালের ৪ সেপ্টেম্বর নারায়ণগঞ্জের ফতুল্লায় একটি মসজিদে বিস্ফোরণে ৩৪ জনের মৃত্যু হয়। ওই ঘটনা তদন্তের পর পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি) বিস্ফোরণের কারণ উদঘাটন করে জানায়, মসজিদের ভিতরে গ্যাস ও বিদ্যুতের অবৈধ সংযোগ ছিল। গ্যাস লাইনের লিকেজ দিয়ে বের হয়ে আসা গ্যাসের ওপর বিদ্যুতের স্পার্ক পড়তেই বিস্ফোরণ ঘটে। ফায়ার সার্ভিসের তথ্যানুযায়ী, গত তিন বছরে গ্যাস লাইনের লিকেজ থেকে বিস্ফোরণে ২ হাজারের বেশি দুর্ঘটনা ঘটেছে। এসব দুর্ঘটনায় অর্ধশত কোটি টাকারও বেশি ক্ষতি হয়েছে। প্রাণ হারিয়েছেন শতাধিক মানুষ। ফায়ার সার্ভিসের উপ-পরিচালক (অপারেশন) দেবাশীষ বর্ধন বলেন, স্যুয়ারেজ লাইনে বিস্ফোরণে ঝুঁকিতে তিতাস গ্যাসের যেমন দায় আছে, তেমনি সিটি করপোরেশনেরও দায় আছে। বছর তিনেক আগে রায়েরবাজারে একটি ব্যাংকের সামনে স্যুয়ারেজ লাইন বিস্ফোরণে দেয়াল পর্যন্ত উড়ে গিয়েছিল। সেখানে তিতাস গ্যাসের লিকেজের অস্তিত্ব পাওয়া গিয়েছিল। মগবাজারের বিস্ফোরণটিতেও তিতাস গ্যাস লাইনের লিকেজের অস্তিত্ব পাওয়া যায়। তিতাস গ্যাসের ৫০-৬০ বছর আগের লাইন লিকেজ হয়েছে, কোনো মেরামত হয়নি, এরপর জমে থাকা মিথেন গ্যাস থেকে বিস্ফোরণ হয়। এমনকি ময়লা পানি থেকেও দাহ্য পাওয়া যায়। এখান থেকে তৈরি হওয়া গ্যাসেও বিস্ফোরণ ঘটে এবং মানুষ মারা যায়। এ জন্য সংশ্লিষ্ট সংস্থাগুলোকে পরিদর্শন বাড়াতে হবে। ঝুঁকিপূর্ণ এলাকা চিহ্নিত করে ব্যবস্থা নিতে হবে। সবাইকে সবার অবস্থান থেকে সচেতন থাকতে হবে। ২০২১ সালের ২৭ জুন সন্ধ্যায় মগবাজার ওয়্যারলেস গেট এলাকার একটি তিনতলা ভবনে বিস্ফোরণ ঘটে। বিস্ফোরণের তোড়ে সেই ভবনের নিচতলার প্রায় পুরোটাই ধসে যায়। অনেকের শরীরে আগুন ধরে যায়। ওই দুর্ঘটনায় ১১ জনের মৃত্যু হয়েছে বলে জানা গেছে। আহত হয়েছেন দেড় শতাধিক। সে সময় প্রত্যক্ষদর্শীরা জানিয়েছিলেন, হঠাৎ বিস্ফোরণের পর শতাধিক ব্যবসা প্রতিষ্ঠান ও বাড়ির কাচ, দরজা-জানালা ভেঙে চুরমার হয়। ঘটনাস্থলের চারপাশে অন্তত এক কিলোমিটার পর্যন্ত বিস্ফোরণের শব্দ এবং এর প্রতিক্রিয়ায় ক্ষয়ক্ষতি হয়। এ ঘটনায় ডিএমপির বোমা নিষ্ক্রিয়করণ দলের প্রাথমিক পর্যবেক্ষণ প্রতিবেদনে বলা হয়, পাইপ লাইনের ছিদ্র (লিকেজ) দিয়ে গ্যাস বেরিয়ে বিস্ফোরণের সূত্রপাত। গ্যাস জমে জমে ভবনের ভিতরের কোনো কক্ষে 'গ্যাস চেম্বার' তৈরি হয়। এরপর কোনো সিগারেট বা অন্য কোনো মাধ্যমে আগুনের সংযোগে তা বিকট শব্দে বিস্ফোরিত হয়। এটি প্রাকৃতিক গ্যাস, মিথেন বা হাইড্রোকার্বন গ্যাসের বিস্ফোরণ।

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Realty Inc.

আমাদের সেবা সমূহ:
- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে (Loan Modification) ফ্রি সহায়তা
- ফরক্লোজারে (Foreclosure) ফ্রি সহায়তা
- আরইও (REO) বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর (Taxlien) বাড়ি ক্রয়-বিক্রয়
- সর্ট সেলের (Short Sale) বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ (Mix Use) বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

Jumbo Travel, Inc.

Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package



WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন



Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট

New Price বিশাল মূল্যহ্রাস



রেড/ব্লাক চিকেন $3.25/lb
১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি (৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৩টি হার্ড চিকেন $12.99 (১টি রেড হার্ড চিকেন ফ্রি)



প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-
রেডলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb



বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস
এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ব্লকের মাছ
বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল



লাইভ তেলাপিয়া	$3.49/lb
লাইভ বাফেলো	$3.49/lb
আমেরিকান ইলিশ	$1.99/lb
দেশী রুই	$1.79/lb
Herring Fish (চাপিলা মাছ)	$2.49/lb
Porgy	$1.49/lb

শাইক কার্টকিস, স্যালমন, স্ট্রাইপ বাস, সীবাস, স্নেপার, হ্যাডক, ফ্লাউন্ডার, বাংলাদেশী গলদা চিংড়ি এবং ইলিশ মাছ

স্পেশাল

দেশী স্যালমন ফ্রাইস	$ 17.99
আমিন স্যালমন ফ্রাইস	$ 17.99
আমিন স্যালমনহেলপস ফ্রাইস	$ 9.99
ফ্রোজেন স্যালমন ফ্রাইস	$ 18.99
স্যাবার স্যালমন ফ্রাইস	$ 13.99
সুলতানা স্যালমন ফ্রাইস	$ 12.99

ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp
Open 7 Days: 8:00am to 7:30pm
Directions: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205.7200 917.295.4011

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

৬০ শতাংশ পাইপলাইনের 'টেকনিক্যাল লাইফ' শেষ

তিতাসজুড়ে গ্যাস বোম



ঢাকা ডেস্ক: তিতাস গ্যাসের বেশিরভাগ পাইপলাইনের 'টেকনিক্যাল লাইফ' শেষ হয়ে গেছে। কমপক্ষে ২০ বছর আগে এসব পাইপলাইনের মেয়াদ শেষ হয়। মেয়াদোত্তীর্ণ পাইপের বিভিন্ন স্থানের ছিদ্র দিয়ে ধীরে ধীরে গ্যাস বের হয়ে আশপাশের শূন্যস্থানে জমা হচ্ছে। আগুন, উচ্চতাপ বা অন্য কোনো গ্যাসের সংস্পর্শে এলেই ঘটছে বিস্ফোরণ। এসব কারণে বিশ্লেষকরা বলছেন, রাজধানী ঢাকা ও এর আশপাশে জালের মতো ছড়িয়ে থাকা মেয়াদোত্তীর্ণ গ্যাস পাইপলাইনগুলো এখন একেকটি বোমায় পরিণত হয়েছে।

তিতাস গ্যাস সংশ্লিষ্টরা বলছেন, তিনটি কারণে গ্যাসের পাইপলাইনে লিকেজ হচ্ছে। এগুলো হচ্ছে- অতি পুরোনো পাইপলাইন, পাইপলাইনে সঠিকভাবে জং প্রতিরোধী আবরণ না দেওয়া এবং মানহীন পাইপ ব্যবহার।

তিতাস গ্যাস কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী হারুনুর রশিদ মোল্লাহ সাংবাদিকদের বলেন, পুরোনো জরাজীর্ণ গ্যাস বিতরণ লাইন প্রতিস্থাপন, বিদ্যমান লাইনে কোথাও ছিদ্র থাকলে সেগুলো চিহ্নিত করে মেরামতসহ বেশকিছু কাজের জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে।

জানা গেছে, এ কাজে একটি বিদেশি কোম্পানিকে জরিপের দায়িত্ব দেওয়া হয়েছে। তারা অস্থায়ীভাবে বন্ধ গ্যাস সংযোগ চিহ্নিত করেছে। রাজধানী ছাড়াও নারায়ণগঞ্জ, গাজীপুর, নরসিংদী, ময়মনসিংহসহ তিতাসের বিতরণ এলাকায় এমন আরও অস্থায়ীভাবে বন্ধ সংযোগ চিহ্নিত করার কাজ চলমান।

জানা গেছে, ১৯৭০ সাল থেকে এসব পাইপলাইন দিয়ে গ্যাস বিতরণ হচ্ছে। বিশেষজ্ঞরা বলেছেন, মাটির ক্ষার ও লবণের কারণে পাইপগুলো ক্ষয় হয়ে অধিকাংশ জায়গায় ছিদ্র হয়ে গেছে। অনেক জায়গায় জং ধরে পাইপ মাটির সঙ্গে মিশে গেছে। তৈরি হয়েছে হাজার হাজার ছিদ্র। এসব ছিদ্রপথে প্রায়ই গ্যাস বের হচ্ছে। এছাড়া অবৈধভাবে ফুটো করে গ্যাস সংযোগ দেওয়ায় বেশিরভাগ লাইনের অবস্থা জরাজীর্ণ। এর বাইরে প্রায় ৫০ হাজার সংযোগ রয়েছে যেগুলো সাময়িকভাবে বিচ্ছিন্ন করা রয়েছে। কিন্তু সংযোগ বিচ্ছিন্ন থাকলেও গ্রাহক আঙ্গিনায় রাইজার রয়ে গেছে। তিতাসের অসাধু কর্মীরা রাতের আঁধারে এসব বিচ্ছিন্ন সংযোগ ফের চালু করে দিচ্ছে। যেগুলো পুরো তিতাস গ্যাসের নেটওয়ার্ককে বড় ধরনের ঝুঁকিপূর্ণ করে তুলেছে। এসব কারণে প্রায়ই তিতাসের পাইপলাইনে বিস্ফোরণ ঘটছে। কিন্তু তারপরও গ্যাসলাইন সংস্কারের উদ্যোগ নেই সরকারের। হাত গুটিয়ে বসে আছে তিতাস গ্যাস কোম্পানি।

পেট্রোবাংলার এক শীর্ষ কর্মকর্তা বলেন,প্রতিটি পাইপলাইন স্থাপনের আগে সেগুলোর টেকনিক্যাল লাইফ বিবেচনা করে ডিপিপি (ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রপর্মা) তৈরি করা হয়। ১৯৭০ সালে যখন এই পাইপলাইন স্থাপন করা হয়েছিল তখন টেকিনিক্যাল লাইফ ধরা হয়েছিল ৩০-৩৫ বছর। সে হিসাবে তিতাসের ৬০ শতাংশের বেশি পাইপলাইনের বয়স ৫৫ থেকে ৬০ বছরের অধিক। এসব বিবেচনায় নিয়ে করোনাভাইরাসের আগে তিতাস গ্যাসের পুরো পাইপলাইন সংস্কারের প্রকল্প হাতে নেওয়া হয়েছিল। ওই প্রকল্পের ব্যয় ধরা হয়েছিল প্রায় ১৪শ কোটি টাকা। কিন্তু ৪ বছর পেরিয়ে গেলেও প্রকল্পটি এখনো আলোর মুখ দেখেনি।

ইকোনমিক রিলেশন্স ডিভিশনের (ইআরডি) একটি সংস্থা আইআইএফসি (ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ফ্যাসিলিটেশন কোম্পানি) এই প্রকল্পের ড্রয়িং, ডিজাইন ও প্রাক্কলন তৈরির কথা ছিল। জাপানি একটি ব্যাংক থেকে লোন নিয়ে এই প্রকল্পটি বাস্তবায়ন করার কথা। কিন্তু এত বছর পরও কাজের কাজ কিছুই হয়নি।

২০১০ সাল থেকে গ্যাস সংযোগ বন্ধ থাকায় বেড়েছে অবৈধ সংযোগের সংখ্যা । সরকারও বাসাবাড়িতে পাইপলাইনের মাধ্যমে গ্যাস সংযোগকে নিরুৎসাহিত করছে। এসব কারণে দীর্ঘদিন ধরে বিতরণ নেটওয়ার্কের দিকে নজর কম দিচ্ছে কোম্পানিটি। এতে ঝুঁকি আরও বেড়েছে। আন্তর্জাতিক নিয়ম অনুসারে গ্যাস পাইপলাইনে এক ধরনের গন্ধযুক্ত রাসায়নিক মেশানো হয়। যাতে কোথাও লিকেজ হলে গন্ধ ছড়িয়ে পড়ে এবং সাবধান হওয়ার সুযোগ থাকে। কিন্তু এ কার্যক্রম এখন বন্ধ থাকায় লিকেজ থেকে গ্যাস ছড়িয়ে পড়লেও কেউই তা জানতে পারছে না।

তিতাসের শীর্ষ পর্যায়ের এক কর্মকর্তা বলেন, ঢাকার গ্যাসলাইন পুরোপুরি পালটানো খুবই দুরূহ ও ঝুঁকিপূর্ণ কাজ। দীর্ঘদিনের এই সিস্টেম একবারে পরিবর্তন করা সম্ভব নয়। তাছাড়া ঢাকা শহরে জালের মতো ছড়িয়ে থাকা গ্যাস পাইপলাইনের পরিপূর্ণ কোনো ম্যাপ নেই। অনেক এলাকায় স্থাপিত লাইনের ওপর রাস্তা কয়েক দফায় উঁচু করা হয়েছে। তাছাড়া রাস্তা সরু হওয়ার কারণে একই পথে অন্যান্য ইউটিলিটি সার্ভিস যুক্ত হয়েছে। এতে গ্যাসলাইনগুলো ক্ষতিগ্রস্ত হচ্ছে। বাসাবাড়ির গ্যাস সংযোগে এক ইঞ্চি পাইপলাইন বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। ঢাকার অনেক গ্যাসের লাইন ছিদ্র হয়ে সেই গ্যাস স্যুয়ারেজ লাইন ও শৌচাগারের পাইপের মাধ্যমে ভবনে গিয় জমা হচ্ছে। বদ্ধস্থানে জমে থাকা এসব গ্যাস পরে বিস্ফোরণ কিংবা বৈদ্যুতিক স্পার্কের মাধ্যমে বড় দুর্ঘটনার কারণ হয়ে দাঁড়িয়েছে।

১৯৬৮ সালে সিদ্ধিরগঞ্জ তাপ বিদ্যুৎকেন্দ্রে গ্যাস সরবরাহের মাধ্যমে তিতাস গ্যাসের বাণিজ্যিক কার্যক্রম শুরু হয়। ৩০ জুন ২০২২ অনুসারে তিতাসের মোট পাইপলাইন রয়েছে ১৩ হাজার ৩২০ কিলোমিটার। গ্রাহক সংখ্যা আছে ২৮ লাখেরও বেশি। মোট পাইপলাইনের মধ্যে ঢাকায় রয়েছে সাত হাজার কিলোমিটার। এছাড়া ঢাকার আশপাশে অর্থাৎ নরসিংদী, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর, জামালপুর এবং কিশোরগঞ্জেও তিতাসের পাইপলাইন আছে।

জানা গেছে মূলত ৮০ এবং ৯০-এর দশকে এসে পাইপলাইন ব্যাপক সম্প্রসারণ করা হয়। তবে ২০০০ সালের পর লাইন সম্প্রসারণ অনেকটা বন্ধ করে দেওয়া হয়। আর ২০১০ সালের পর থেকে তিতাসে নতুন পাইপলাইন খুব একটা বসানো হয়নি। সরকারি নিষেধাজ্ঞা থাকায় ২০২১-২২ অর্থবছরে নতুন পাইপলাইন স্থাপনের মাধ্যমে গ্যাস নেটওয়ার্ক সম্প্রসারণ করা হয়নি। তবে বিভিন্ন এলাকায় গ্যাসের স্বল্পচাপ নিরসন ও সংস্কারসহ মাত্র ৮২ কিলোমিটার লিংক লাইন সংস্কার ও প্রতিস্থাপন করা হয় ওই অর্থবছরে। এছাড়া ২০২০-২১ সালে করা হয় ৫২ কিলোমিটার, ২০১৯-২০ অর্থবছরে করা হয় ৫৮ কিলোমিটার, আর ২০১৭-১৮ সালে করা হয় ১৯ কিলোমিটার পাইলাইন প্রতিস্থাপন ও সংস্কার।


তিতাসের সাবেক দুই ব্যবস্থাপনা পরিচালক ও একাধিক জেনারেল ম্যানেজারের সঙ্গে কথা বলে জানা গেছে, ১৯৬৭-৬৮ সালে ডেমরা থেকে তেজগাঁও পর্যন্ত ১২ ইঞ্চি এবং ডেমরা থেকে পোস্তগোলা পর্যন্ত ১৪ ইঞ্চি ও ১০ ইঞ্চি ব্যাসের পাইপলাইন মাটির নিচ দিয়ে বসানো হয়। এরপর সেখান থেকে দুই ইঞ্চি থেকে ছয় ইঞ্চি ব্যাসের বিতরণ নেটওয়ার্ক স্থাপন করে গ্রাহকদের গ্যাস সংযোগ দেওয়া হয়। ৯০ দশকের প্রথম ভাগ পর্যন্ত ঢাকা শহরের বিভিন্ন অংশে ৫০ পিএসআই চাপের বিভিন্ন ব্যাসের বিতরণ লাইন ছিল। অর্থাৎ বিতরণ কোম্পানিটির প্রায় সব পাইপলাইনের মেয়াদই শেষ হয়ে এসেছে। ফলে পুরোনো পাইপলাইন সরিয়ে এখন নতুন পাইপলাইন বসানো জরুরি।

প্রায় একই সুরে সব কর্মকর্তা জানান, পাইপগুলো মাটির নিচে দেওয়ার সময় এক ধরনের জং নিরোধক কালো প্লাস্টিক দিয়ে মুড়িয়ে দিতে হয়। আনাড়ি অথবা অনেক সময় ইচ্ছা করে কেউ যদি সেটি দিয়ে না মুড়িয়ে মাটির নিচে স্থাপন করে তাহলে পাইপে জং ধরে লিকেজ হতে পারে। এছাড়া পাইপের মানের ওপরেও অনেক সময় লিকেজ হওয়ার বিষয়টি নির্ভর করে। তিতাস মূলত চীন থেকে পাইপ কিনে আনে। চীনের পাইপ অন্য দেশের তুলনায় সস্তা। তবে অনেক ক্ষেত্রেই এর মান নিয়ে প্রশ্ন উঠেছিল। এরপর বিশেষ করে কোরিয়া থেকে আমদানির চিন্তা করা হলেও পরে দাম বেশি বলে আর বিষয়টি এগোয়নি।

জানা গেছে, বর্তমানে ঢাকা ও ঢাকার বাইরে প্রায় ৫০ হাজার সংযোগ আছে যেগুলোর লাইন কেটে দেওয়া হলেও গ্রাহকের আঙ্গিনায় রাইজার রয়ে গেছে। এসব সংযোগ ব্যবহার করে বেশকিছু গ্রাহক পরে অবৈধভাবে পুনরায় গ্যাস সংযোগ নিচ্ছেন। এমন অবৈধ সংযোগের কারণে তিতাস গ্যাস একদিকে লোকসানের শিকার হচ্ছে। অপরদিকে এগুলো থেকে বিভিন্ন সময় দুর্ঘটনা ঘটছে। গত বছরের ২৭ জুন রাজধানীর মগবাজারে একটি তিনতলা ভবনে ভয়াবহ বিস্ফোরণে ১২ জন মারা যান। আহত হন দুই শতাধিক মানুষ। ওই ভবনে থাকা অস্থায়ীভাবে বিচ্ছিন্ন একটি গ্যাস সংযোগ স্থায়ীভাবে বিচ্ছিন্ন না করায় লাইন লিকেজ হয়ে গ্যাস জমে এই বিস্ফোরণের ঘটনা ঘটে।

মগবাজারের বিস্ফোরণের পর তিতাসের তদন্ত কমিটি জানায়, প্রায় ৮ বছর আগে ওই ভবনের গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছিল। ফলে বিস্ফোরণটি সিলিন্ডার গ্যাস বা অন্য কোনো কারণে হতে পারে। যদিও একাধিক সংস্থার তদন্তে বলা হয়, তিতাসের বিচ্ছিন্ন গ্যাস সংযোগই এ জন্য দায়ী। সিআইডির তদন্তেও জানা যায়, ওই বাড়ির অবৈধ গ্যাস সংযোগ শুধু রাইজার থেকে বিচ্ছিন্ন করেছিল তিতাস। কিন্তু লাইনে গ্যাসের সরবরাহ স্থায়ীভাবে বন্ধ করা হয়নি। ওই পাইপলাইনে সৃষ্ট ছিদ্র থেকে গ্যাস বের হয়ে মগবাজারের ওই ভবনের একটি কক্ষে জমে। এটি থেকে পরে বিস্ফোরণ ঘটে।





সংযুক্ত আল্লাহর তিনটি হুকুম

(শেষের পাতার পর)

হবে না। অর্থাৎ এগুলোকে এমনভাবে জুড়ে দেয়া হয়েছে যে, এর একটি ছাড়া অন্যটি মূল্যহীন এবং দু'টোর মধ্যে পৃথক করার কোন অধিকার বা সুযোগ রাখা হয়নি। বিষয় তিনটি নিম্নরূপ:

আল্লাহ ও তাঁর রাসুলের আনুগত্য একসাথে করতে হবে। এর একটি ছাড়া অন্যটি গ্রহণযোগ্য নয়। আল্লাহ তা'আলা বলেছেন, "আল্লাহ অনুগত্য কর ও রাসুলের আনুগত্য কর।"(সুরা আন নিসা:৫৯)

সালাত কায়েম করতে হবে ও যাকাত আদায় করতে হবে। এর একটি ছাড়া অন্যটি গ্রহণযোগ্য নয়। আল্লাহ তা'আলা বলেন,"তোমরা সালাত কায়েম করো এবং যাকাত দাও।"(সুরা বাকারা:৪৩)

আল্লাহর প্রতি কৃতজ্ঞ হও এবং পিতামাতার প্রতিও । এর একটি ছাড়া অন্যটি গ্রহণযোগ্য নয়। আল্লাহ তা'আলা বলেন,"তুমি আমার প্রতি কৃতজ্ঞ হও এবং তোমার পিতামাতার প্রতিও কৃতজ্ঞ হও।"(সুরা বনী ইসরাঈল:২৩)

নিম্নের হাদীসে এই বিষয়টিই প্রকাশিত হয়েছে। হযরত ইবনে অব্বাস রা বলেছেন: তিনটি আয়াত তিনটি বস্তুর সাথে যুক্ত হয়ে নাযিল হয়েছে। এর একটি বাদ দিলে অপরটি কবুল হয় না। প্রথম: আল্লাহ বলেছেন "আল্লাহর অনুগত্য কর ও রাসুলের আনুগত্য কর।" যে ব্যক্তি আল্লাহকে মানবে ও রাসুলকে মানবে না, তার আল্লাহকে মানা কবুল হবে না। দ্বিতীয়: আল্লাহ বলেন,"তোমরা সালাত কায়েম করো এবং যাকাত দাও।" যে ব্যক্তি সালাত পড়বে অথচ যাকাত দিবে না, তার সালাত কবুল করা হবে না। তৃতীয়: আল্লাহ বলেন,"তুমি আমার প্রতি কৃতজ্ঞ হও এবং তোমার পিতামাতার প্রতিও কৃতজ্ঞ হও।" যে শুধু আল্লাহর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করবে এবং তার পিতামাতার প্রতি কৃতজ্ঞ হবে না, তার আল্লাহর প্রতি কৃতজ্ঞতা অর্থহীন ও অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে। এ জন্য রাসুলুল্লাহ সা: বলেছেন, 'মাতাপিতার সন্তুষ্টিতে আল্লাহর সন্তুষ্টি নিহিত এবং মাতা পিতার অসন্তুষ্টিতে আল্লাহর অসন্তুষ্টি নিহিত। (তিরমিযি)

প্রথম: আল্লাহ বলেছেন "আল্লাহ অনুগত্য কর ও রাসুলের আনুগত্য কর।"(সুরা আন নিসা:৫৯)

ইসলামী জীবন ব্যবস্থায় আসল আনুগত্য লাভের অধিকারী হচ্ছেন আল্লাহ। একজন মুসলমানের সর্বপ্রথম পরিচয় হচ্ছে সে আল্লাহর বান্দা। মুসলমানের ব্যক্তিগত জীবন এবং মুসলমানদের সমাজ ব্যবস্থা উভয়ের কেন্দ্র ও লক্ষ্য হচ্ছে আল্লাহর আনুগত্য করা ও বিশ্বস্ততার সাথে তাঁর নির্দেশ মেনে চলা। অন্যান্য আনুগত্য ও অনুসৃতি কেবলমাত্র তখনই গৃহীত হবে যখন তা আল্লাহর আনুগত্য অনুসৃতির বিপরীত হবে না। বরং তাঁর অধীন ও অনুকূল হবে। অন্যথায় এই আসল ও মৌলিক আনুগত্য বিরোধী প্রতিটি আনুগত্য শৃংখলকে ভেঙ্গে দূরে নিক্ষেপ করা হবে। এটিকেই রাসুলুল্লাহ সা: বলেছেন,"স্রষ্টার নাফরমানী করে সৃষ্টির আনুগত্য করা যাবে না।"

ইসলামী জীবন ব্যবস্থার দ্বিতীয় ভিত্তি হচ্ছে, রাসুলের আনুগত্য। এটি কোন স্বতন্ত্র ও স্বয়ং সম্পূর্ণ আনুগত্য নয়। বরং আল্লাহর আনগত্যের এটি একমাত্র বাস্তব ও কার্যকর পদ্ধতি। রাসুলের আনুগত্য এ জন্য করতে হবে যে, আল্লাহর বিধান ও নির্দেশ আমাদের কাছে পৌছার তিনিই একমাত্র বিশ্বস্ত ও নির্ভরযোগ্য মাধ্যম। আমরা কেবল রাসুলের আনুগত্য করার পথেই আল্লাহর আনুগত্য করতে পারি। রাসুলের সনদ ও প্রমাণপত্র ছাড়া আল্লাহর আনুগত্য গ্রহণযোগ্য হতে পারে না। আর রাসুলের আনুগত্য থেকে মুখ ফিরিয়ে নেয়া আল্লাহর বিরুদ্ধে বিদ্রোহের নামান্তর। নিম্নের হাদীসে এই বক্তব্যটিই সুস্পষ্ট হয়ে উঠেছে, "যে ব্যক্তি আমার আনুগত্য করলো সে আসলে আল্লাহর আনুগত্য করলো এবং যে ব্যক্তি আমার নাফরমানি করলো সে আসলে আল্লাহর নাফরমানী করলো।

দ্বিতীয়: আল্লাহ বলেন,"তোমরা সালাত কায়েম করো এবং যাকাত দাও।"(সুরা বাকারা:৪৩)

সালাত কায়েম করো, যাকাত দাও। আল্লাহ কর্তৃক নির্দেশিত দুটো কাজের সংযুক্ত নির্দেশনা। এর একটি তথা সালাত অত্যন্ত খুশু-খুজু ও পরিশীলিত উপায়ে আদায় করা হলেও তা গ্রহণযোগ্য হবে না যদি তিনি যাকাতের নেসাব পরিমাণের মালিক হওয়ার পর তা সঠিকভাবে গণনা করে আদায় না করেন। মনে রাখতে হবে, সালাতের জন্য যেমন আরকান-আহকাম রয়েছে, তেমনিভাবে যাকাতের জন্যও আরকান-আহকাম রয়েছে। যেনতেন ভাবে সালাত আদায় করা হলে যেমন সালাত শুদ্ধ হয় না, তেমনিভাবে যেনতেনভাবে যাকাত আদায় করা হলেও তা শুদ্ধ হবে না। যেনতেনভাবে সালাত যেমন মোনাফিকের বৈশিষ্ট্য, তেমনি যেনতেনভাবে যাকাত আদায় করা হলে তাও মোনাফিকের বৈশিষ্ট্য হবে। আল্লাহ তা'আলা বলেন, "আল্লাহর পথে তাদের দান শুধু এ জন্যই কবুল করা যায় না যে, মুলত: আল্লাহ এবং রাসুলের প্রতি তাদের ঈমান নাই; নামাযের জন্য তারা আসে বটে, কিন্তু মনক্ষুন্ন হয়ে; আর টাকা পয়সাও তারা দান করে, কিন্তু বড়ই বিরক্তি সহকারে।"(সুরা তাওবা-৫৪) আল্লাহ আরো বলেন "এই আরাব (মুনাফিকদের) অনেকেই আল্লাহর রাস্তায় কিছু খরচ করলেও তা করে একান্তভাবে ঠেকে-যেন জরিমানা আদায় করছে।"(সুরা তাওবা-৯৮)

ইসলামের মৌলিক স্তম্ভ হলো: সালাত ও যাকাত। আল কুরআনের সমান সংখ্যক আয়াতে সালাতের সাথে সাথে যাকাতের নির্দেশনা এসেছে। সুতরাং এ দু'টোর মধ্যে পার্তক্য নিরূপণের চেষ্টা করা হলে ঈমানের ওপর আঘাত চলে আসে। তাই ইসলামের প্রথম খলীফা আমিরুল মু'মিনিন হযরত আবু বকর ছিদ্দিক রা: সালাত ও যাকাতের মধ্যে পার্তক্য সৃষ্টিকারীদের বিরুদ্ধে যুদ্ধের ঘোষনা দিয়েছিলেন। যদিও তারা ঈমানদার ও মুসলিম ছিলেন। এমনকি হযরত ওমরে ফারুক রা: যখন প্রশ্ন করেছিলেন, হে আমীরুল মু'মিনিন! এরা তো মুসলমান। হযরত আবু বকর ছিদ্দিক রা: দৃঢ়কণ্ঠে ঘোষণা করেছিলেন তবুও তাদের বিরূদ্ধে যুদ্ধ করা হবে।

তৃতীয়: আল্লাহ বলেন,"তুমি আমার প্রতি কৃতজ্ঞ হও এবং তোমার পিতামাতার প্রতিও কৃতজ্ঞ হও।"(সুরা বনী ইসরাঈল:২৩)

আয়াতের প্রথমাংশের অর্থ বন্দেগী, গোলামী ও দ্বিধাহীন আনুগত্য একমাত্র আল্লাহরই করতে হবে। একমাত্র তাঁরই হুকুমকে হুকুম এবং তাঁরই আইনকে আইন বলে মেনে নিতে হবে এবং তাঁর ছাড়া আর কারো সার্বভৌম কর্তৃত্ব স্বীকার করা যাবে না। এটি কেবলমাত্র একটি ধর্ম বিশ্বাস এবং ব্যক্তিগত কর্মধারার জন্য একটি পথনির্দেশনাই নয় বরং রাজনৈতিক, তামাদ্দুনিক ও নৈতিক ব্যবস্থার ভিত্তি প্রস্তরও। এ ইমারতের ভিত্তি স্থাপিত হবে এ মতাদর্শের ভিত্তিতে যে মহান ও মহিমান্বিত আল্লাহই সমগ্র বিশ্বরোকের মালিক ও বাদশা এবং তাঁর শরী'আতই রাজ্যের আইন।

আল্লাহর পরে মানুষের মধ্যে সবচেয়ে বেশী হক ও অগ্রাধিকার হচ্ছে পিতামাতার। এটি আল্লাহর হুকুম। সন্তানকে পিতামাতার অনুগত, সেবা পরায়ণ ও মর্যাদা সম্পন্ন করতে হবে। সমাজের সামষ্টিক নৈতিক বৃত্তি এমন পর্যায়ে হতে হবে, যার ফলে সন্তানেরা বাপ মায়ের মুখাপেক্ষীহীন হয়ে পড়বে না, বরং তারা নিজেদেরকে বাপ মায়ের অনুগৃহীত মনে করবে এবং বুড়ো বয়সে তাদেরকে ঠিক তেমনিভাবে বাপ মায়ের খিদমত করা শেখাবে যেমনিভাবে বাপ মা শিশুকালে তাদের পরিচর্যা ও লালন পালন এবং মান-অভিমান বরদাশত করে এসেছে। এ আয়াতটি নিছক একটি নৈতিক সুপারিশ নয় বরং এরি ভিত্তিতে পরবর্তী পর্যায়ে বাপ মায়ের জন্য এমনসব শরয়ী অধিকার ও ক্ষমতা নির্ধারণ করা হয়েছে যেগুলোর বিস্তারিত বিবরণ আমরা হাদীস ও ফিকাহর গ্রন্থগুলোতে পাই।।

তাছাড়া ইসলামী সমাজের মানসিক ও নৈতিক প্রশিক্ষণ এবং তাদের অধিকারের রক্ষণাবেক্ষণকে একটি গুরুত্বপূর্ণ উপাদান হিসাবে অন্তরভুক্ত করা হয়েছে। এ জিনিসগুলো চিরকালের জন্য এ নীতি নির্ধারণ করে দিয়েছে যে, ইসলামী রাষ্ট্র নিজের আইন কানুন, ব্যবস্থাপনামূলক বিধান ও শিক্ষানীতির মাধ্যমে পরিবার প্রতিষ্ঠানকে শক্তিশালী ও সংরক্ষিত করার চেষ্টা করবে, দূর্বল করবে না।

পিতামাতার খিদমত ছাড়া শুধুমাত্র আল্লাহকে খুশি করার নিমিত্তে তাঁর সকল হুকুম-আহকাম পালনে যতটাই অগ্রগামী হোক তা আল্লাহর কাছে গৃহীত হবে না কারণ এ নীতি আল্লাহ নির্ধারণ করে দিয়েছেন যে, ইসলামী রাষ্ট্র নিজের আইন কানুন, ব্যবস্থাপনামূলক বিধান ও শিক্ষানীতির মাধ্যমে পরিবার প্রতিষ্ঠানকে শক্তিশালী করতে হবে। পিতামাতার প্রতি অবহেলা মানে ইসলামী রাষ্ট্রের প্রাথমিক ও শক্তিশালী ইউনিট তথা পারিবারিক ব্যবস্থাকে দুর্বল করা। পারিবারিক ব্যবস্থা দূর্বল করা মানে ইসলামী রাষ্ট্রের মূলে কুঠারাঘাত করা। কারণ পারিবারিক বন্ধনহীন মানুষ মেরুদন্ডহীন হয়ে থাকে। আর মেরুদন্ডহীন মানুষ দিয়ে কখনো সুস্থ সমাজ ও রাষ্ট্র গড়ে উঠে না।







নিসচা'র প্রতিষ্ঠাতা চিত্রনায়ক ইলিয়াস কাঞ্চনকে নাগরিক সংবর্ধনা

নিরাপদ রাষ্ট্র গড়তে নিরাপদ সড়কের বিকল্প নেই

বিশেষ প্রতিনিধি: 'নিরাপদ সড়ক চাই' (নিসচা)'র প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতির সভাপতি, একুশে পদকপ্রাপ্ত চিত্রনায়ক ইলিয়াস কাঞ্চনকে নিউইয়র্কে নাগরিক সংবর্ধনা প্রদান করা হয়েছে। যুক্তরাষ্ট্রে আগমন উপলক্ষে নিসচা যুক্তরাষ্ট্র শাখার আয়োজনে গত ৫ মার্চ জ্যামাইকার জেসন পার্টি হলে এ সংবর্ধনা প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নিউইয়র্ক স্টেট সিনেটর জন ল্যু। নিসচা যুক্তরাষ্ট্র শাখার সভাপতি ইসমাইল হোসেন স্বপনের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান লিটনের পরিচালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান, বিশিষ্ট অভিনেতা আহমেদ শরীফ, কুইন্স ডেমোক্রেটিক পার্টির ডিস্ট্রিক্ট লিডার এ্যাট লার্জ এটর্নী মঈন চৌধুরী, এনওয়াই ইনস্যুরেন্স ও গোল্ডেন এইজ হোম কেয়ারের সিইও শাহ নেওয়াজ, বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম, ডা. বর্ণালী হাসান, ডা. আব্দুল লতিফ, বীর মুক্তিযোদ্ধা মনির হোসেন, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রধান উপদেষ্টা এবিএম ওসমান গনি, উপদেষ্টা রেজাউল করিম চৌধুরী, সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, খলিল বিরানী হাউসের কর্ণধার মো. খলিলুর রহমান, নিসচা'র আজীবন সদস্য, রাজবাড়ী ডিস্ট্রিক্ট ওয়েলফেয়ার এসোসিয়েশন ইউএসএর সিনিয়র সহ সভাপতি ও বঙ্গবন্ধু ফাউন্ডেশন ইউএসএ'র জেনারেল সেক্রেটারী মুহাম্মদ আবদুস সালাম, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট গাজী ওয়াহিদুজ্জামান লিটন, সেবুল মিয়া, মেকআপ আর্টিস্ট মির্ধা জসীম, কবি সালেহা প্রমুখ।

অনুষ্ঠানে জনপ্রিয় অভিনেতা ইলিয়াস কাঞ্চনকে ফুল দিয়ে বরণ করে নেন নিসচা যুক্তরাষ্ট্র শাখার নেতৃবৃন্দসহ অন্যান্যরা। এসময় তাকে আয়োজক সংগঠনের পক্ষ থেকে ক্রেস্ট প্রদান করা হয়।

অনুষ্ঠানে বক্তারা বলেন, বাংলাদেশ থেকে চিত্রনায়ক ইলিয়াস কাঞ্চনের শুরু করা নিরাপদ সড়ক চাই আন্দোলন এখন বিশ্বব্যাপি বিস্তার রাভ করেছে। এটি বৈশ্বিক সমস্যা। সড়ক দুর্ঘটনায় প্রতিদিন প্রাণ হারাচ্ছেন মানুষ। পঙ্গত্ব বরণ করে বোঝা হচ্ছে পরিবারের। তাই নিরাপদ সড়কের দাবি সকলের। নিরাপদ রাষ্ট্র গড়তে নিরাপদ সড়কের বিকল্প নেই। বক্তারা বলেন, সড়ক দুর্ঘটনা সমস্যা বাংলাদেশে প্রকট। সড়কে ফিরছে না শৃঙ্খলা, সচেতন হচ্ছে না মানুষ। নিরাপদ সড়ক ব্যবস্থা গড়ে তুলতে লাইসেন্স বিহীন চালকের বিরুদ্ধে সরকারকে কঠোর হতে হবে। ইন্সুরেন্স ব্যবস্থা জোড়দার সহ ফিটন্যাস বিহীন গাড়ী নিষিদ্ধ করতে হবে।

অনুষ্ঠানে ইলিয়াস কাঞ্চন বলেন, যার পরিবারে দুর্ঘটনা ঘটে, তারা ছাড়া আর কেউ তা বুঝতে পারে না। চালক, গাড়ি, পথচারী, আচরণ, আইনের প্রয়োগের অভাব ও সচেতনতার অভাবে দুর্ঘটনা ঘটছে। আমাদের এটি প্রতিরোধ করতে হবে। এসব বিষয় নিয়ে আমাদের কাজ করতে হবে। বাংলাদেশে সড়ক ব্যবস্থা নিয়ে আরও কাজ করতে হবে।

জাতিসংঘে সিএসডব্লিউ সমাবেশে প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা

'স্মার্ট বাংলাদেশ' একটি প্রযুক্তি নির্ভর সমতা-ভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় সহায়তা করবে



নিউইয়র্ক: 'প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্প্রতি 'স্মার্ট বাংলাদেশ' নামে একটি দূরদর্শী অভিযাত্রা শুরু করেছেন। এই অভিযান তথ্য-প্রযুক্তি খাতে নারীদের সমান অংশগ্রহণ নিশ্চিতকরণের মাধ্যমে ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত ও সমৃদ্ধ দেশে রূপান্তরের স্বপ্ন বাস্তবায়নে সহায়তা করবে'। গত ৯ মার্চ নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে কমিশন অন দ্য স্ট্যাটাস অব উইমেনের ৬৭তম চলমান অধিবেশনের সাধারণ বিতর্কে এমন মন্তব্য করেন মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা, এম.পি.।

সিডো এবং বেইজিং প্ল্যাটফর্ম ফর অ্যাকশন-এর প্রতি বাংলাদেশের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করে প্রতিমন্ত্রী বলেন যে, প্রধানমন্ত্রীর ঐন্দ্রজালিক নেতৃত্বে বাংলাদেশ সরকার নারীর ক্ষমতায়নের জন্য বেশ কয়েকটি অত্যন্ত কার্যকর প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করেছে। তন্মধ্যে দেশের তৃণমূল পর্যায়ে গ্রামীণ নারী উদ্যোক্তাদের সম্ভাবনাকে কাজে লাগাতে প্রায় পাঁচ হাজার ডিজিটাল সেন্টার প্রতিষ্ঠা; দেশের অধিকাংশ জেলাগুলোতে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট প্রতিষ্ঠা; প্রান্তিক নারীদের ডিজিটাল আর্থিক সেবার জন্য নারী নেতৃত্বাধীন এজেন্ট নেটওয়ার্ক 'সাথী' প্রবর্তনসহ অন্যান্য বেশকিছু তথ্য-প্রযুক্তি নির্ভর প্রকল্পের কথা উল্লেখ করেন প্রতিমন্ত্রী। তিনি আরো উল্লেখ করেন যে, প্রধানমন্ত্রী শেখ হাসিনা নারীর ক্ষমতায়নে অসামান্য অবদানের জন্য গ্লোবাল উইমেনস লিডারশিপ, প্ল্যানেট ৫০-৫০ চ্যাম্পিয়ন এবং এজেন্ট অব চেঞ্জ অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন।

বক্তব্যে নারীর ক্ষমতায়নের জন্য প্রয়োজনীয় প্রযুক্তিগত উদ্ভাবন এবং প্রযুক্তিগত শিক্ষা গ্রহণের ক্ষেত্রে মূল প্রতিবন্ধকতাগুলি চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপর জোর প্রদান করেন প্রতিমন্ত্রী। তাছাড়া, তথ্য-প্রযুক্তি খাতে লিঙ্গ সমতা নিশ্চিত করতে সক্ষমতা বৃদ্ধি এবং প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে আন্তর্জাতিক সহযোগিতা আরো জোরদার করার আহ্বান জানান প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা।

প্রতিমন্ত্রী সাধারণ বিতর্কের আগে আফগান নারী এবং মানবাধিকার বিষয়ক আমেরিকান বিশেষ দূত রিনা আমিরির সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন এবং নিউইয়র্কে সফররত প্রতিনিধিদের জন্য সৌদি আরবের স্থায়ী মিশন কর্তৃক আয়োজিত একটি অনুষ্ঠানে যোগদান করেন। -প্রেস বিজ্ঞপ্তি।

নিউজার্সীতে ইউনাইটেড মৌলভীবাজার সোসাইটি নামে নতুন সংগঠনের আত্মপ্রকাশ

নিউজার্সী: যুক্তরাষ্ট্রের নিউজার্সী রাজ্যে বসবাসরত প্রবাসী মৌলভীবাজার জেলাবাসীদের উদ্যোগে 'মৌলভীবাজার ইউনাইটেড সোসাইটি অব নিউজার্সী' নামে একটি নতুন সংগঠন সম্প্রতি গঠিত হয়েছে। দেশীয় ঐতিহ্য, সংস্কৃতি রক্ষা ও সময়ের সঙ্গে পাল্লা দিয়ে নতুন প্রজন্মের মাঝে দেশাত্মবোধ ও মানবিকতার বিকাশ সাধনের ব্রত নিয়ে যাত্রা শুরু করেছে নতুন এই অরাজনৈতিক সংগঠন।

পেটারসন সিটির লেক্সিংটন এভিনিউ'র একটি হলে গত ৫ মার্চ আয়োজিত জমকালো অনুষ্ঠানের মাধ্যমে সংগঠনটির আত্মপ্রকাশ ঘটে। দুই শতাধিক মানুষের উপস্থিতিতে কেক কেটে সংগঠনটির নাম ঘোষনা করেন বীর মুক্তিযোদ্ধা ছামসুল আলম খাঁন। বিশিষ্ট সংগঠক জি এম চৌধুরী সুলেমান ও আমিনুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন সৈয়দ শফায়ত আলী, আবুল মনাফ খাঁন আশিদ, মোহাম্মদ নুরুন নবী, সাংবাদিক আখমল হোসেন শুভ, জিল্লুর রহমান খাঁন, আব্দুল মুকিত, আব্দুল মালিক, আবু ইমরান চৌধুরী, সুহেল আহমদ, আব্দুল শহীদ, শেখ সিরাজুল ইসলাম তালুকদার প্রমুখ। সভায় সর্বসম্মতিক্রমে গোলাম ইস্পাহানী চৌধুরী মাসুমকে আহ্বায়ক, অ্যাডভোকেট তারেক আহমেদ চৌধুরীকে যুগ্ন-আহ্বায়ক ও মোহাম্মদ শামীম উদ্দিনকে সদস্য সচিব করে ১১ সদস্যের আহ্বায়ক কমিটি গঠন করা হয়। কমিটির অন্যান্য সদস্যরা হলেন সৈয়দ নুরুল হাসান, শেখ ফখরুল ইসলাম তালুকদার, আবু সুফিয়ান, লুৎফুর রহমান খাঁন, আব্দুল মুক্তাদির খসরু, রুহেল আহমদ, মোহাম্মদ শামীম ভূইয়া ও মোহাম্মদ আলম। -প্রেস বিজ্ঞপ্তি।





ইরানের কাছে হেরে বিদায় মেয়েদের

(শেষের পাতার পর)

কমলাপুর স্টেডিয়ামে এদিন ৮৪ মিনিট পর্যন্ত ম্যাচ গোলশূন্য থাকলেও শেষ পর্যন্ত নেগিন জান্দির একমাত্র গোলে জয় নিয়ে মাঠ ছাড়ে ইরানের মেয়েরা। ৮৫ তম মিনিটে গোলকিক থেকে বাংলাদেশের সীমানায় যখন বল ধরেছেন নেগিন, ততক্ষণে পিছিয়ে পড়েছে স্বাগতিকদের ডিফেন্স লাইন। উপায়ন্তর না দেখে গোলরক্ষক রূপনা বেরিয়ে এসেছিলেন। কিন্তু কোনাকুণি শটে দূরের পোস্টে লক্ষ্যভেদ করেন ইরানী ফরোয়ার্ড। ম্যাচে এর আগে একাধিক সুযোগ নষ্ট করেন নেগিন। বাংলাদেশের আকলিমা খাতুনও তাই। আইরিন আক্তার দুর্ভাগা। ম্যাচ ড্র হলেও অবশ্য লাভ হতো না বাংলাদেশের। তিন দলের গ্রুপে তুর্কমেনিস্তানের জালে ৬ গোল জড়ায় ইরান, বাংলাদেশ ৪ টি। তাতে গোল ব্যবধানে ইরানীরাই এগিয়ে ছিল। ড্র হলে তারাই চলে যেত বাছাইয়ের পরের রাউন্ডে। তবে নেগিনের ঐ গোলে শেষ পর্যন্ত ড্রয়ের স্বান্তনাও মেলেনি স্বাগাতিকদের।

বাংলাদেশের কোচ গোলাম রব্বানী অবশ্য দলের লড়াইয়েই সন্তুষ্ট, 'ইরানের মেয়েদের ফুটবল আমাদের চেয়ে অনেক আগে। এর আগে ওদের বিপক্ষে বড় ব্যবধানেও হেরেছি আমরা। সেখানে আজকের ম্যাচে আমরা সমানে সমানে প্রতিদ্বন্দ্বীতা করেছি। আমাদের মেয়েদের ফুটবল যে এগোচ্ছে এটা তারই প্রমাণ। বাছাই পেরোতে না পারলেও আমি তাই পুরোপুরি অখুশি নয়।' বাংলাদেশের অনুর্ধ্ব-১৬ দলের মেয়েরা এর আগে অবশ্য দুবার বাছাই পেরিয়ে মুল পর্বেই খেলেছে।

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩



KAKATUA AGENCY
Authorized e-file Provider
কাকাতুয়া এজেন্সী

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

OUR SERVICES ARE:
- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিপু ভাভাত
ফারহানা আমিরান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

ওজন পার্কে নতুন ইতিহাস!

(শেষের পাতার পর)

নিহত দৈনিক ইনকিলাব-এর ফটো সাংবাদিক মিজানুর রহমান হত্যার শিকার হলে প্রবাসীদের দাবীর মুখে তার নামে 'মিজানুর রহমান ওয়ে' রাস্তার নামকরণ করা হয়েছে। নিউইয়র্ক ভিত্তিক বার্তা সংস্থা ইউএনএ জানায়, 'লিটল বাংলাদেশ ওয়ে'র নামফলক উন্মোচন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে কুইন্স ব্যুরো প্রেসিডেন্ট ডনাবান রিচার্ডস, ষ্টেট অ্যাসেম্বলিওম্যান জেনিফার রাজকুমার সহ মূলধারার জনপ্রতিনিধি ও বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অতিথিবৃন্দ ছাড়াও 'লিটল বাংলাদেশ ওয়ে' প্রতিষ্ঠার আন্দোলনের অন্যতম সংগঠক ইকবাল আলী সহ আরো অনেকেই শুভেচ্ছা বক্তব্য রাখেন। অনুষ্ঠানের শুরুতেই যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয়।

কুইন্স ব্যুরোর জামাইকার পর সবচেয়ে বেশি বাংলাদেশী কমিউনিটির বসবাস ওজন পার্কে। এখানকার ১০১ এভিনিউ এর ড্রিও স্ট্রিট এর নাম পরিবর্তন করে বাংলাদেশের নামে নামকরণের জন্য দীর্ঘদিন ধরে দাবী জানিয়ে আসছেন স্থানীয় প্রবাসী বাংলাদেশীরা। সেই দাবীর প্রেক্ষিতে নিউইয়র্ক সিটির ডিস্ট্রিক্ট ৩২ থেকে নির্বাচিত কাউন্সিলওম্যান জোয়ান এরিয়লা সিটি কাউন্সিলের 'কমিটি অন পার্কস'-এর কাছে সড়কটির নাম পরিবর্তন করে 'লিটল বাংলাদেশ ওয়ে' করার প্রস্তাব করেন। কমিটির শুনানিতে পাশ হওয়ার পর তা কাউন্সিল অধিবেশনের চূড়ান্ত অনুমোদন পাওয়ায় শুক্রবার আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয় লিটল বাংলাদেশ ওয়ে।

ওজন পার্কে বাংলাদেশীদের অভিবাসনের ইতিহাস বহু পুরনো। এই এলাকায় দীর্ঘদিন পর বাংলাদেশীদের এমন স্বীকৃতি লাভ একটি বিরল সম্মান বলেই মনে করছেন প্রবাসী বাংলাদেশীরা।





ATTORNEY
M. MUSTAFA
(A full service Law Firm)
LLB Honors (1st Class)
LLM (1st Class). Bangladesh
Barrister-At-Law, London
Attorney-At-Law. NY
718-487-4873

PERSO AL INJURY & DEATH DAMAGES CLAIMS
- Lead Poisoning
- Construction Work
- Slip and Fall
- Medical & dental Malpractice
- Hospital Negligence
- Delayed Treatment
- Failure to Diagnose
- Cancer & other fatal diseases
- Anesthesia & Gynecologic Surgery Malpractice
- Defective Child Birth
- Nursing Home Neglect and abuse etc.
- Wrongful Death Claim
- Car and Bi-cycle Accident and injury
- Taxi, Bus- Subway, and Train accidents
- Elevator and Escalator Accident
- Explosion and Fire Accident
- Defective product and electrical shock

IMMIGRATION MATTERS
- Green Card through "EB1 TO EB5"
- Political Asylum
- Detention and Bond
- All immigration court issues and cases
- Cancellation of Removal
- Adjustment of Status
- Condition Removal
- Business Immigration HB, L1, E2
- Green Card Replacement /Renew
- Complex Citizenship
- Re-entry permit
- Collection of Immigration Record
- Waiver
- Deportation
- Family Petitions
- Green card through Adoption or Orphan
- Immigration Appeals and Motions
- Canadian Immigration
- Student Visa process for USA, Canada, UK

GENERAL PRACTICE AREAS
- Divorce and Family Matter
- Child Support and Modification
- Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure
- Bankruptcy
- All civil Matters
- Landlord-Tenant
- Incorporation
- Power of Attorney
- Wills, Trust, and Estate Planning
- Overtime and Wages Issue
- All Criminal Matters

148-45 Hillside Ave, Suite 203, Jamaica, NY 11435
Phone : 718-487-4873 Text : 917-285-6247 Email : abmostofa1@gmail.com

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার
MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:
718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:
30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:
170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসায় আমেরিকায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোসাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও হেলথ ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয়।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত বৈধ কাগজ-পত্রহীনদের যে কোন আইনী প্রক্রিয়ার মাধ্যমে নিজেকে আপডেট রাখা জরুরী"

যোগাযোগ ঃ
917-982-5682
Email: radninmahamood@yahoo.com

আদানির সঙ্গে দেশবিরোধী চুক্তি বাতিল করুন :-মির্জা ফখরুল

ঢাকা ডেস্ক: ভারতের বৃহৎ ব্যবসায়ী গ্রুপ আদানির সঙ্গে বাংলাদেশের বিদ্যুৎ চুক্তির সমালোচনা করে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, 'আদানির সঙ্গে চুক্তি দেশবিরোধী, জনগণের স্বার্থবিরোধী এবং দূরভিসন্ধিমূলক। আদানির সঙ্গে যে চুক্তি হয়েছে, পুরো বিষয়টি সরকার গোপন রেখেছে। লুট আর লুট, এখানে আর কিছু নেই। এ চুক্তি অবিলম্বে বাতিল করতে হবে।'

বৃহস্পতিবার (৯ মার্চ) সকালে রাজধানীর একটি হোটেলে আয়োজিত এক গোলটেবিল আলোচনায় তিনি এসব কথা বলেন। 'মহাবিপর্যয়ে বিদ্যুৎ খাত : গভীর খাদে অর্থনীতি' শীর্ষক এ আলোচনার আয়োজন করে অ্যাসোসিয়েশন অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (অ্যাব)। এতে মূল প্রবন্ধ পাঠ করেন অ্যাবের মহ-াসচিব প্রকৌশলী হাছিন আহমেদ।

বিএনপির মহাসচিব বলেন, বিদ্যুৎ ও জ্বালানি খাতের ইনডেমনিটি (দায়মুক্তি) আইন বাতিল করতে হবে। এ খাতে দুর্নীতির সঙ্গে জড়িত সবাইকে শাস্তির আওতায় আনতে হবে। বিএনপি ক্ষমতায় গেলে এসব দুর্নীতির তদন্ত করা হবে বলেও মন্তব্য করেন তিনি।

মির্জা ফখরুল বলেন, 'এই অবৈধ সরকার সর্বোচ্চ লুটের জন্য পরিকল্পিতভাবে বিদ্যুৎ-জ্বালানি খাতকে বেছে নিয়েছে। আদানির সঙ্গে চুক্তি শুধু অসম নয়, দুরভিসন্ধিমূলকও। বিভিন্ন দেশে এটা নিয়ে প্রশ্ন উঠেছে। এমন চুক্তিতে কীভাবে বাংলাদেশ স্বাক্ষর করল?'

চুক্তিটিতে রাজনৈতিক উপাদান আছে বলে মনে করেন বিএনপির মহাসচিব। তিনি বলেন, 'চুক্তিটি হয়েছে ২০১৭ সালে, ২০১৮ সালের জাতীয় সংসদ নির্বাচনের আগে। সময়টা খুব গুরুত্বপূর্ণ। ভারতের পার্লামেন্টে বলা হয়েছে, এটা কি ভারতের প্রধানমন্ত্রীকে ঘুষ দেওয়া হয়েছে?'

মির্জা ফখরুল বলেন, 'সরকার আখের গোছানোর জন্য শুধু বিদ্যুৎ খাত নয়, সব খাতে দুর্নীতি করছে। তারা টাকা দিয়ে নির্বাচন কিনে নেবে। যারা নির্বাচন পরিচালনা করেন, তাদের সবার কাছে তারা নগদ টাকা পৌঁছে দেয়। নির্বাচন কমিশন এটা স্বীকার করতে চায় না। কিন্তু প্রিজাইডিং অফিসার থেকে শুরু করে নির্বাচনসংশ্লিষ্ট সব জায়গায় খাম চলে যায়। পুলিশের কাছে খাম যায়, বিজেবির কাছে খাম যায়। এমনকি স্ট্রাইকিং ফোর্স যারা থাকে তাদের কাছেও খাম যায়। এটা সত্য, যা ঘটেছে ২০১৮ সালে।'

প্রতি নির্বাচনে সরকার নতুন নতুন কৌশল বেছে নেয় বলে মন্তব্য করেন বিএনপির মহাসচিব। তিনি বলেন,



'এ সরকার খুব সৃজনশীল। আমরা বিভিন্ন জায়গা থেকে খবর শুনি। তারা বলছেন, পুলিশ ও ম্যাজিস্ট্রেট দিয়ে আগের মতো তো পারা যাচ্ছে না। তাই নির্বাচনে কারচুপির নতুন কৌশল নিয়েছে। এবার পুলিশ বাদ দিয়ে আনসার ভিডিপি ব্যবহারের কৌশল নিয়েছে। জনগণের সঙ্গে প্রতারণা ছাড়া আর কোনো কিছু তারা করতে পারে না। ১৪ বছর ধরে প্রতারণা করে যাচ্ছে। একটা দিন ভোট দেওয়ার অধিকার ছিল জনগণের, সেটাও তারা কেড়ে নিয়েছে।'

১০টি গ্রুপ ৫০ হাজার কোটি টাকা লুট করেছে অভিযোগ করে মির্জা ফখরুল বলেন, 'এসব গ্রুপ সবচেয়ে বেশি সুবিধাভোগী, তারা ৫০ হাজার কোটি টাকা নিয়ে গেছে। তারা হলো সামিট, ইউনাইটেড, এগ্রিকো ইন্টারন্যাশনাল, বাংলা ক্যাট, ওরিয়ন, আর-পিএসএল, এফবিসিএল, মোহাম্মদী গ্রুপ, হোসাফ গ্রুপ, ডরিন। এরা সবাই এই শাসকগোষ্ঠীর সঙ্গে জড়িত।'

নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিতে মানুষের চরম দুরবস্থায় উদ্বেগ প্রকাশ করেন বিএনপির মহাসচিব। এ অবস্থা থেকে উত্তরণে আন্দোলনের কোনো বিকল্প নেই উল্লেখ করে তিনি বলেন, 'এই সরকারকে পদত্যাগ করার জন্য বাধ্য করতে হবে। এজন্য সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে।'

গোলটেবিল আলোচনায় বেশ কিছু লিখিত সুপারিশ তুলে ধরা হয়। এর মধ্যে রয়েছে-বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন বাতিল করতে হবে; বিদ্যুৎ ও জ্বালানি খাতের সব দুর্নীতি-অনিয়মের সঙ্গে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে হবে; রেন্টাল/কুইক রেন্টাল কোম্পানির সঙ্গে চুক্তি নবায়ন বন্ধ/বাতিল করতে হবে; অতি দ্রুত প্রয়োজনীয় বিদ্যুৎ সঞ্চালন ও বিতরণ লাইন স্থাপন করতে হবে যাতে ক্যাপাসিটি চার্জ প্রদান কমানো যায়; সংকট মোকাবিলায় পেট্রোবাংলা, বাপেক্স ইত্যাদি সরবরাহকারী সংস্থার মাধ্যমে দেশীয় খনিজ কয়লা ও গ্যাস উত্তোলনের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। একই সঙ্গে দেশীয় প্রকৌশলী ও সংশ্লিষ্ট সংস্থাগুলোকে আধুনিক প্রযুক্তি ব্যবহারে দক্ষ করে তুলতে উপযুক্ত উদ্যোগ গ্রহণ করতে হবে; দেশের বিদ্যুৎ ও জ্বালানি খাতকে টেকসই ও নিরাপদ করতে জীবাশ্ম জ্বালানিনির্ভরতা কমিয়ে ক্রমান্বয়ে মোট উৎপাদনের ৫০ শতাংশ নবায়নযোগ্য শক্তিনির্ভর জ্বালানি নীতি গ্রহণ করতে হবে। অবৈধ ও অস্বচ্ছ টেন্ডারবিহীন বিদ্যুৎ চুক্তি বাতিল করতে হবে, ক্ষেত্র বিশেষে চুক্তি সংশোধন করে দেশের স্বার্থরক্ষা করতে হবে; দেশের শিল্পকারখানা/বাণিজ্যিক/ আবাসিক ও অন্যান্য ক্ষেত্রে বিদ্যুতের চাহিদা নিরূপণ করে আগামী ২৫ বছরের জন্য বিদ্যুৎকেন্দ্র, সঞ্চালন লাইন ও অন্যান্য অবকাঠামো নির্মাণের ধারাবাহিক পরিকল্পনা গ্রহণ করতে হবে; বিদ্যুৎ সেক্টরের সব ক্রয়/বণ্টন চুক্তির পূর্ণ তথ্য জনগণের জন্য উন্মুক্ত করতে হবে; বিদ্যুৎ খাতের সব চুক্তি উন্মুক্ত দরপত্রের মাধ্যমে আন্তর্জাতিক নিয়ম অনুসরণ করে করতে হবে; বর্তমানে দেশে বার্ষিক বিদ্যুৎ চাহিদা বৃদ্ধির পরিমাণ ৫-৭%, সেই হিসাবে আগামী ৫-৭ বছরে দেশে নতুন কোনো বিদ্যুৎকেন্দ্রের প্রয়োজন নেই, বরং বিদ্যমান বিদ্যুৎকেন্দ্রগুলোর সংস্কার ও বিতরণ ব্যবস্থার আধুনিকীকরণের মাধ্যমেই বর্তমান সংকট থেকে পরিত্রাণ পাওয়া সম্ভব।

অ্যাবের সভাপতি প্রকৌশলী রিয়াজুল ইসলাম রিজুর সভাপতিত্বে ও যুগ্ম মহাসচিব কেএম আসাদুজ্জামান চুন্নুর সঞ্চালনায় সভায় আরও বক্তব্য দেন-সম্মিলিত পেশাজীবী পরিষদের সদস্য সচিব কাদের গনি চৌধুরী, সাবেক সংসদ-সদস্য আবদুস সোবহান, শাম্মী আখতার, অ্যাবের আশরাফ উদ্দিন বকুল, শাহজাহান আলী, গোলাম মাওলা, মোস্তফা-ই-জামান সেলিম, একেএম জহিরুল ইসলাম জহির, নিয়াজ উদ্দিন ভুঁইয়া, শাহাদাত হোসেন বিপ্লব, সুমায়েল মুহাম্মদ, মাহবুবুল আলম, মো. হানিফ প্রমুখ।

ড. ইউনূসের পক্ষে বৃটিশ প্রধানমন্ত্রীর শ্বশুর

ঢাকা ডেস্ক: অতি সম্প্রতি নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে আচরণ নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করে তার পক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বরাবর যে ৪০ জন বিশ্বনেতা খোলা চিঠি লিখেছেন তাদের সবাই নিজ নিজ ক্ষেত্রে আপন মহিমায় উজ্জ্বল। তাই খুব স্বাভাবিকভাবেই তাদের নাম-পরিচয় নিয়ে জনমনে রয়েছে ব্যাপক কৌতুহল।

ওই ৪০ জনের মধ্যে যেমন দীর্ঘ এক দশক ধরে জাতিসংঘের মহাসচিব হিসবে দায়িত্ব পালন করা বান কি মুন রয়েছেন, তেমনি রয়েছেন বৃটিশ বিলিয়নিয়ার ও ভার্জিন গ্রুপের প্রতিষ্ঠাতা স্যার রিচার্ড ব্রানসনের মতো ব্যক্তি। যুক্তরাষ্ট্রের সাবেক পররাষ্ট্রমন্ত্রী ও ফার্স্ট লেডি হিলারি ক্লিনটনের মতো নারী যেমন রয়েছেন, তেমনি হলিউডের বিখ্যাত অভিনেত্রী ও মানবাধিকারকর্মী শ্যারন স্টোনের মতো নারীও রয়েছেন। বাদ যান নি সম্প্রতি বাংলাদেশ সফর করে যাওয়া প্রয়াত মার্কিন সিনেটর এডওয়ার্ড এম কেনেডির পুত্র টেড কেনেডি জুনিয়রও।

যুক্তরাষ্ট্রের রাজনীতিতে কেনেডি পরিবার ব্যাপক প্রভাবশালী বলেই শোনা যায়। তবে, এসব কিছু ছাপিয়েও ওই ৪০ জনের তালিকার একটি নাম নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপক আলোচনা চলছে। সে নামটি হলো: নারায়ণ মূর্তি। অনেকেই জানেন বিলিয়নিয়ার ব্যবসায়ী এন.আর. নারায়ণ মূর্তি ভারতের অন্যতম শীর্ষ ধনী। তিনি বিখ্যাত তথ্যপ্রযুক্তিভিত্তিক বহুজাতিক কোম্পানি ইনফোসিসের সহ-প্রতিষ্ঠাতা। তিনি ফরচুন ম্যাগাজিনের এ সময়ের শ্রেষ্ঠ উদ্যোক্তাদের একজন।

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP
Board Certified in Internal Medicine

Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

বাংলা পত্রিকা পড়ুন, লিখুন
এবং বিজ্ঞপিন দিন।
ফোনঃ ৭১৮-৪৮২-৯৯২৩

Vital Accounting Inc.
File your Tax with experienced professional.
* Income tax:
* Individual/ Personal Tax (All states)
* Business Tax (Corporation, Partnership)
* Sales tax (Food Vendor, Corporation)
* Payroll Tax
* Business Incorporation
* Immigration Services



Atikur Rahman
Masters in Economics
MBA (Accounting), MAFM
Tel: 718-820-2212
37-22 73rd Street, 2nd Fl (Suite # 2D), Jackson Heights, NY 11372

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়

নতু ন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামু ক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূ র্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222



এ বছর অস্কারে নেই ‘লাল গালিচা’

(শেষের পাতার পর)

এটাই সত্য । ৬২ বছরের ঐতিহ্য ভাঙতে যাচ্ছে চলতি বছরের অস্কারে । এবার লালের জায়গা নিচ্ছে নীল শ্যাম্পেন রঙ । গোটা বিশ্বের তারকারা হেঁটে যাবেন শ্যাম্পেন রঙের কার্পেটের উপর দিয়ে । খবরটি প্রকাশ করেছেন ‘অস্কার ২০২৩’-এর সঞ্চালক জিমি কিমেল ।

সঞ্চালক জিমি কিমেল জানান, ‘এ বছর লাল রঙের কার্পেটের বদলে শ্যাম্পেন রঙের কার্পেট পাতা হবে । এতেই প্রমাণিত হয়, আমরা কতটা আত্মবিশ্বাসী যে এই বছর কোনোরকম রক্তপাত হবে না ।’ গতবছর অস্কারে বিতর্কিত চড়কান্ডের দিকে ইঙ্গিত করে ব্যঙ্গাত্মক এই মন্তব্য করেন কিমেল ।

গত বছর অস্কারের মঞ্চে বহুল বিতর্কিত সেই চড়কান্ড ঘটেছিল । স্ত্রী জাডা পিঙ্কেট স্মিথের মাথার চুল নিয়ে ঠাট্টা করায় সঞ্চালক ক্রিস রককে থাপ্পড় মেরেছিলেন উইল স্মিথ । সেই প্রসঙ্গ টেনেই এ বছরের সঞ্চালকের কৌতুক করে বললেন, লালগালিচা এবার থাকছে না । এবার কোনো লাল রঙ বা বিতর্কিত কান্ড চায় না অস্কার ।

এ বছর লাল গালিচা পরিত্যাগ করে একটি হালকা রঙের গালিচা করার পরামর্শটি দিয়েছেন অস্কারের একজন পরামর্শদাতা এবং ভোগ ম্যাগাজিনের কন্ট্রিবিউটর লিসা লাভ এবং নিউ-ইয়র্ক মেট গালার ক্রিয়েটিভ ডিরেক্টর রাউল অ্যাভিলা । লাল রঙের তুলনায় শ্যাম্পেন রঙ চোখে কিছুটা আরাম দেবে বলে ধারণা উদ্যোক্তাদের । তা ছাড়া আবহাওয়ার পরিবর্তনের সম্ভাবনা রয়েছে বলে একটি কমলা রঙের তাঁবু খাটানো হবে অতিথিদের জন্য । সেক্ষেত্রে দুটি রং পাশাপাশি সুন্দর লাগবে । তাছাড়া ছবি তোলার জন্য তারকাদের পোশাকের সঙ্গেও এই রং মানানসই বলে মনে করছেন কতৃপক্ষ । তাই এবারের ৯৫তম অস্কার অনুষ্ঠানের রঙ বদলের মাধ্যমে ৬ দশকের ঐতিহ্য ভাঙা হতে যাচ্ছে ।

সূত্র: ইউএসএ টুডে

কাজী অফিস
সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত
কাজী ইমাম মাওলানা
আব্দুল মুকিত
পেশ ইমাম, দারুস সালাম
মসজিদ, জ্যামাইকা
148-16 87 Road
Jamaica, NY-11435
বিবাহ পড়ানো,
মেরিজ সার্টিফিকেট
ও কাবিন নামা
প্রদান করা হয়।
পরামর্শ ও এপয়েন্টমেন্টের
জন্য যোগাযোগ করুনঃ
917-428-1519

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS

ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS
MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY
TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী
Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.

Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com


হাউজ কিপিং জব করতে চাই
হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক । ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে । যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

ভ্রমণ
নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:
বাংলা ট্যুর
৩৪৭ ২৮০ ৭২৬৯

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার

Joy
পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা
জয় ক্যাটারিং মেন্যু
প্যাকেজ -১
গ্রেইন পোলাও
চিকেন রোস্ট
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 7.00
প্যাকেজ-২
গ্রেইন পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 8.00
প্যাকেজ-৩
গ্রেইন পোলাও
চিকেন রোস্ট
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$10.00
প্যাকেজ-৪
মটর পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$11.00
148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977
32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

NOTICE

Ibne Studios, LLC, filed Articles of Organization with the NY Secretary of State ("NYSOS"), on 12/06/2022. Office location: Queens County. NYSOS is designated as agent of the LLC upon whom process against it may be served. NYSOS shall mail copy of process to: 187-11 Wexford Terrace, 1st Floor, Jamaica, NY. Purpose: Any lawful purpose.

Please confirm receipt of this email and if you have any questions or concerns.

Contact: Sanan Ibne. **Cell: 347-849-0006**

ড্রাইভিং শিখতে চান?

সহজ পদ্ধতিতে এবং
ফেক্সিবল সময়ের মধ্যে
ড্রাইভিং শিখার জন্য
যোগাযোগ করুন ।
যোগাযোগঃ উদ্দিন

929-519-5139



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন,
হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Congratulations to all our Students who made into Specialized High School

Quality Education is Our Priority!



Mohammed M. Alam
M.Com (Management). LL.B

জ্যামাইকা হিলসাইড ট্যাক্স অফিস

167-11 Hillside Ave. 2nd Floor Jamaica, NY 11432
Tel: 718-480-3313, Cell: 917-600-4937
Email: mahbubtax@yahoo.com

AUTHORIZED IRS e-file PROVIDER

ট্যাক্স • ইমিগ্রেশন ফরম পুরন • নোটারী

আমাদের সেবা সমূহ

- ফেডারেল এবং সকল স্টেট ট্যাক্স
- বিজনেস ট্যাক্স, করপোরেশন ট্যাক্স
- সেল্‌স ট্যাক্স, পে-রোল ট্যাক্স
- ওপেন নিউ বিজনেস
- ওপেন সেল্‌স ট্যাক্স আইডি
- ফ্যামিলী পিটিশন
- স্পন্সরশীপ ফরম পুরন
- সিটিজেনশীপ ও পার্সপোর্ট
- ডুয়েল সিটিজেনশীপ প্রোসেস
- পাওয়ার অব এ্যাটর্নী ড্রাফট

সকল ষ্টেটের ট্যাক্স এবং ফরম পূরনে সহায়তা করা হয়।

বাসা ভাড়া

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা হসপিটাল সেন্টারের পাশে রেনোভেটেড বেসমেন্ট ভাড়া হবে। একটি বেডরুম, বসার ঘর, রান্না ঘর এবং বাথরুম। সাবওয়ে ই টেন। যোগাযোগ: ৯১৭-৩০২-৭১৪২ অথবা ৫১৬-৪৮১-৭৮৪৩
ডি-০৫/১২

বাসা ভাড়া

ওজন পার্কে ১০৪ অক্সফোর্ড এভিনিউ A ট্রেন সাবওয়ের কাছে ৩ বেডরুমের প্রাইভেট হাউস ভাড়া হবে ১ লা মার্চ থেকে। যোগাযোগ:
347-306-1695
ইমেইল :
arefa91@gmail.com

বাসা ভাড়া

ব্রঙ্কসের ক্যাসিল হিলের গ্লিভ এভিনিউতে ৪ বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগ: আহমেদ।
ফোন: ৯১৭-৪৪৪-৯৭০৭
অথবা ৩৪৭-২০৮-৪৭৪১

বাসা ভাড়া

জ্যামাইকার ৯০-১৫ ১৫৩ স্ট্রীটে চার বেডরুম, দুই বাথ রুম, ডাইনিং সহ বড় কিচেনের বাসা ভাড়া দেয়া হবে। এক ব্লক দূরত্বে ই ট্রেন আর দুই ব্লক দূরত্বে এফ ট্রেন সাবওয়ে। যোগাযোগ: ৯১৭-৩৯৯-৯৬৯৮ (সন্ধ্যা ৫টা থেকে রাত ১০টা)
ডি-১৯/২৬

বাসা ভাড়া

বাঙালি অধ্যুষিত পার্কচেস্টার সাবওয়ের সন্নিকটে একটি মনোরম বাসা ভাড়া হবে। তিন বেডরুম, ১ বাথরুম (১ম তলা)। ঠিকানাঃ ১৪৫৯ লোল্যান্ড এভিনিউ।
ফোনঃ ৬৪৬-৬৮৪-০৯০৯।

বাসা ভাড়া

জেএফকে এয়ারপোর্ট থেকে মাত্র ৭ মিনিটের দুরত্বে ১ বেডরুম, কিচেন বাথরুম সহ বেসমেন্ট ভাড়া হবে। আলাদা প্রবেশপথ। পাশেই রয়েছে বাস স্টপেজ। যোগাযোগ: ৯২৯-২৩২-৯৪৬৮ সে- ১৯/২৬

বাসা ভাড়া

এস্টোরিয়ায় দুই বেডরুমের একটি বাসায় স্বামী-স্ত্রী অথবা একজন মহিলার কাছে ভাড়া দেয়া হবে। যোগাযোগ: ৩৪৭-৮৯৮-৮৩৮৩
মা-১৩

রুমমেট আবশ্যক

ওজন পার্ক ১০২ স্ট্রিট ১ লা মার্চ থেকে রুম ভাড়া দেওয়া হবে অথবা পুরুষ রুমমেট আবশ্যক। এক বকের মধ্যে A ট্রেন + বাস আছে। যোগাযোগ :
347-306-1695
ইমেইল :
arefa91@gmail.com

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৭৯ স্ট্রীট হিলসাইড এভিনিউর এফ ট্রেন সাবওয়ে থেকে এক ব্লক দূরত্বে ১৮০ স্ট্রীটে একটি প্রাইভেট হাউজের বেসমেন্ট এপ্রিল মাসের এক তারিখ থেকে শুধুমাত্র স্বামী-স্ত্রীর জন্য ভাড়া দেয়া হবে। যোগাযোগ: ৩৪৭-৪৬৮-০০৬৯
মা-০৬/২৭

ন্যানী আবশ্যক

মিজুরী রাজ্যের সেন্টলুইসে বসবাসকারী ছয় মাসের বাচ্চা আন্তরিকভাবে দেখাশুনা এবং সপ্তাহে তিনদিন রান্না করা সহ অন্যান্য কাজে (পরিষ্কার পরিচ্ছন্নতা) সহযোগিতা করার জন্য ন্যানী আবশ্যক। থাকা খাওয়া সহ মাসে বেতন ১,৫০০ ডলার। প্রতি ছয় মাসে একবার নিউইয়র্কে যাতায়াতের সুযোগ থাকবে এবং যাতায়াতের খরচ বহন করা হবে। যোগাযোগ: ৭১৮-২৯৯-৯০৩৯
ডি-০৫/১২

আবশ্যক

Law Office of Shiva Khanal, PC-এর জন্য লীগ্যাল এ্যাসিসটেন্ট/ প্যারালীগ্যাল (মিডটাউন) পদের জন্য পার্ট টাইম লোক আবশ্যক। আগ্রহী প্রার্থীকে চৌকশ, দায়িত্ববান, পরিশ্রমী, স্বাধীনচেতা এবং বাংলা ও ইংরেজী ভাষায় ভালোভাবে কথা বলা ও লেখার যোগ্যতা থাকতে হবে। অভিজ্ঞ প্রার্থীর অগ্রাধিকার। বেতন আলোচনা সাপেক্ষ।
যোগাযোগ:
khanalaakash435@gmail.com
Contact Phone:
646-669-7202
ফে-১৩

টাঙ্গাইল শহরের প্রান কেন্দ্রে বাড়ি বিক্রয়

টাঙ্গাইল শহরের বিশ্বাস বেতকা এলাকায় সৃষ্টি কোটিং সংলগ্ন ১০ শতাংশ জমির উপর ৫তলা ফাউন্ডেশনের (৩৩টা পিলারের) বাড়ি, নীচতলায় ৩ বেড, ৩ বাথ, ২টা ইউনিট এবং দোতলায় দুই বেড এবং একটি বাথরুমের ৪টা ইউনিট। প্রতিমাসে আয় সর্বমোট ৪৫ হাজার টাকা। জমির মালিক নিউইয়র্ক প্রবাসী বিধায় দলিল হস্তান্তর এবং বাড়ির মূল্য নির্ধারন/পরিশোধ ডলারে করতে হবে।

কেবল মাত্র কিনতে আগ্রহীরা যোগাযোগ করুন-
দরালাপনী ঃ ৯১৭-৩০০-৫০০৪

লং আইল্যান্ডে ড্রাইভাভিং স্কুলে ইনস্ট্রাকটর আবশ্যক

লং আইল্যান্ড সাফক কাউন্টি তে ফুলটাইম/ পার্টটাইম ড্রাইভিং স্কুলের জন্য অভিজ্ঞতাসম্পন্ন ইনস্ট্রাকটর আবশ্যক। বেতন ২০ ডলার-২৫ ডলার /প্রতি লেসন্
যোগাযোগঃ **৬৩১-২৭৫-৪০০৭**

ঢাকায় জমি/প্লট ক্রয়

আমরা ঢাকায় গুলশান, বারিধারা, উত্তরা, পূর্বাচল এবং বসুন্ধরায় যে কোন সাইজের জমি/প্লট ক্রয় করে থাকি।
যোগাযোগ করুন:
আমেরিকা: Omar Chowdhury Tel: (+1) 404-610-4002
e-mail: omarchowdhury@hotmail.com
লন্ডন: Foyzul Islam Tel: (+44) 794-9533089
e-mail: foyzul.islam@hotmail.co.uk

মেডিকেয়ার ইন্স্যুরেন্স

মেডিকেয়ার ইন্স্যুরেন্স এর যাবতীয় তথ্যের জন্য যোগাযোগ করুন: মোহাম্মদ তুহিন
☎ ৭১৮-৩১০-০৪১৩

TDS INSURANCE এর প্রতিবাদ


কতিপয় ব্রোকারেজ প্রতিষ্ঠানের অপপ্রচারের পরিপ্রেক্ষিতে TDS INSURANCE BROKERAGE CORP. -এর পক্ষ থেকে আমরা সোচ্চার প্রতিবাদ জানাচ্ছি। আমাদের কোন শাখা অফিস, সাব এজেন্ট নিউইয়র্কের কোথাও নেই। আমাদের কার্যক্রম আমরা আমরা শুধুমাত্র ব্রুকলীন অফিস থেকেই পরিচালনা করছি। ধন্যবাদ-
TDS INSURANCE BROKERAGE CORP.
f-06/14

পাত্রী চাই

ইউএস সিটিজেন, বয়স ৫৫, উচ্চতা ৫ফুট ৬ইঞ্চি। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ার, সরকারি চাকুরীজীবী, সুপ্রতিষ্ঠিত মুসলিম ধার্মিক পাত্রের জন্য বিধবা, ডিভোর্স (বৈধ কাগজপত্র না থাকলেও চলবে) পাত্রী চাই।
যোগাযোগ: ৬৪৬-৭০৭-৯৬১৪ সে-০৫/০৬

One Bedroom CONDOMINIUM FOR SALE

1510 Union Port Road,Bronx ,NY-10462.Asking Price $199,000.00
Common Charge $ 804.69 . Living area Sqft 613.more Info please contact



বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!
শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
Bangladesh Center Inc
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২



আবশ্যক

অ্যাপোলো ইমিগ্র্যান্ট ম্যানেজমেন্ট (এলমহার্স্ট, এনওয়াই ১১৩৭৩)-এর জন্য এলজন ফুল টাইম ইঞ্জিনিয়ার আবশ্যক। বেতন ঘন্টায় ৪১ ডলার ২ সেন্ট। আগ্রহীকে এমপ্লয়ীদের সুপারভাইজিং সহ মেশিন অপারেট, হার্ডওয়ার এবং নেটওয়াকিং প্রভৃতি দায়িত্ব পালন ছাড়াও ব্যবসায়িক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় দেখাশোনা ও পর্যবেক্ষণ করতে হবে। যোগ্যতা ব্যাচেলর ডিগ্রিসহ ইংরেজী, বাংলা ও হিন্দি ভাষায় অনর্গল কথা বলা জানতে হবে।
যোগাযোগ: ৭১৮-৪২৬-৬৬০০

HELP WANTED

Seeking for an Office Assistant for Real Estate Company, Queens, NY. Must be fluent in English and Expert in Computer. Contact: Mr. Kamal. Ph: 917-523-4451. e-mail: mkskarn@gmail.com
f-06/14

মুসলিম কাজী অফিস

Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9055
Email:abuleahea@gmail.com

পাত্র চাই

بسم الله الرحمن الرحيم

New York- এ পিতা-মাতার সঙ্গে বসবাস করেন। (U.S.A. Citizen) পাত্রী Bachelor in Biomedical Engineer, From City College, CUNY, and Master in Biomedical Engineer, From Penn Univercity, Philadelphia বর্তমানে পেশাগত কাজে কর্মরত। পাত্রীর জন্য ৩২+ বয়সের যোগ্য পাত্র যোগাযোগ করুন।
Mobile Tel. No 646-591-4696
Res: 718-931-2509
e-mail: moondhs@gmail.com

MATRIMONIAL SERVICE

কাজী অফিস (NYC Registered)

GET MARRIED ISLAMIC WAY BY
KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444



কানাডার প্রিমিয়াম সুইটসের গল্প এবং বরফ

(শেষের পাতার পর)

নামলাম তখন আকাশ অন্ধকার করে তুষার ঝরছে। সাদা চাদরে ঢাকা পুরা বিমান বন্দর। ভয়ই পেয়ে গেলাম। তবে তুষারের জন্য নয়। স্নো ফলের কারণে হোটেল রুমে আটকা থাকতে হয় কিনা এজন্য।

বিকেল পর্যন্ত তুষার পরা থামেনি। ডাউন টাউন টরন্টোর আমার হোটেল ডাবল ট্রি হিলটনে ডিনার সার্ভ করা হয়। তবে এই স্নো বর্ষনের দিনে তারকা হোটেলের অভিজাত খাবারের চেয়ে মন টানছিলো খিচুরি ইলিশ মাছ, বেগুন ভাজা, ডিমভাজা সহ হিজি বিজি খাবারে যা এখানে মিলবেনা। গুগল ঘেঁটে প্রিমিয়াম সুইটসের তিনটে ঠিকানা পেলাম। উবার কল দিয়ে সারাও পেলাম। বরফ পরার দিন। ভাড়া একটু বেশী তবে যাবে। তাই সই।

স্কারবরো এলাকায় একটা মলে তিনটির একটি প্রিমিয়াম। স্নো ভেজা দিন বলে ক্রেতা নেই আমি ছাড়া। চমতকার সাজানো দোকান, দৃস্টি নন্দন। এক ঝলকেই নজর কাড়ে।

খিচুরি নেই। সাদা ভাত, গরুর কালা ভুনা, চিকেনের নানা পদ আর মাছ আছে হরেক রকম। ডিম ভাজাও হবে। আছে ঘন ডাল ইত্যাদি ইত্যাদি।

ডিম ভাজা, কালা ভুনা, ডাল সাথে নিয়ে সাদা ভাত খাচ্ছি। আর জানালা দিয়ে স্নো ফল দেখছি। একটু পর টেবিলে এসে বসলো প্রিমিয়ামের একজন স্টাফ ঢাকার ছেলে মামুন। স্নো ফল দেখছি আর গল্প করছি মামুনের



সঙ্গে। প্রিমিয়ামের গল্প। তারা নিউইয়র্কের জ্যামাইকার শাখা খুলেছে সে গল্প। কান্ট্রি ব্রান্ডিংয়ের অনুপ্রেরণায় বাংলার বিখ্যাত মিষ্টি ও মাটির হাড়িতে বাঙালী কুই-জিনকে বিশ্বব্যাপী পরিচিত করার প্রয়াসে বাংলাদেশ ও কানাডায় প্রিমিয়াম সুইটস'র রয়েছে ২০টি শাখা তার গল্প।

মামুন জানায়, প্রিমিয়াম সুইটস'র উৎপাদিত পণ্য এখন পাওয়া যাচ্ছে বিশ্বের ১৪টি দেশে। ঢাকাই মিষ্টি আন্তর্জাতিক পরিমন্ডলে ছড়িয়ে দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে 'প্রিমিয়াম সুইটস'। হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তাদের একাধিক বিক্রয় কেন্দ্র রয়েছে। নানান পদের মিষ্টি বিক্রির পাশাপাশি গুলশান এক, দুই ও উত্তরার শাখায় রয়েছে পুরোদস্তুর রেস্তোরাঁ। বিয়ের জন্য আলাদা করে এক্সক্লুসিভ প্যাকেজ তৈরি করে প্রিমিয়াম সুইটস। দুই ধরনের আলাদা মিষ্টির প্যাকেট তাদের। তত্ত্বের জন্য ডালা এবং বিয়ের জন্য এক্সক্লুসিভ বক্স আইটেম। এতে বেশ কয়েক রকমের স্পেশাল মিষ্টি সাজিয়ে প্যাক করা হয়।

কেউ ভালো করছে শুনলে ভালো লাগে। আমিও তাই মন গিয়ে মামুনের কাছে শুনছিলাম প্রিমিয়ামের উত্থানের গল্প। মামুন তাদের মিস্টির বিশেষ বক্স এনে দেখালো। চমতকার কারুকাজের ডিজাইনে ছোট বড় মাঝারি প্যাকেট। এক কেজি থেকে সাড়ে তিন, সাড়ে পাঁচ কেজি ধরে এক একটি প্যাকেজে। প্যাকেটেও রয়েছে রুচির ছাপ।

আমি কিছু মিস্টি নিলাম বিভিন্ন পদ মিলিয়ে। মামুন বড় দুটি বক্সে সাজিয়ে আনলো চমৎকারভাবে। এই প্যাকেজিং আমার দারুন পছন্দ হলো। খাবারের যে বাটিতে সাজিয়ে মাংস, ডাল দিলো, চায়ের কাপ সবগুলোতে একটা ভিন্নতার ছোঁয়া। খুবই ভালো লাগলো। আমার মত যাযাবর মানুষের "মনখুশ" করা খুব সহজ নয়। তারপরও এক কথায় বলবো- কানাডার প্রিমিয়াম আমার মন জয় করেছে।

টরন্টো, ১০ মার্চ,২৩।

জয়তু ফ্লেয়ার

(শেষের পাতার পর)

সস্তা টিকিট। নো লাগেজ। দুজনের দুটো লাগেজের জন্য পে করতে হয়েছে ১৫৭ ডলার। প্রায় দেড় ঘন্টার ফ্লাইট হলেও এক গ্লাস পানিও অফার করেনি। কিনে খাওয়ারও কোন সুযোগ ছিলো না। চা-কফি তো দূরের কথা! সস্তার তিন অবস্থা এই আর কি!

ইউরোপে অনেক স্বল্প দূরত্ব এবং কম ভাড়ার ফ্লাইটে ভ্রমণ করেছি। তারা সামান্য হলেও কিছু মিছু খেতে দেয়। নিদেন পক্ষে পানি তো বটেই!

নরওয়ের ছোট্ট শহর ট্রমসো থেকে পৃথিবীর সর্ব উত্তরের শহর হেমারফেস্ট গিয়েছিলাম ইত্তেফাকের বিশেষ

প্রতিনিধি শহীদুল ইসলাম ও আমি। খুবই শর্ট একটা ফ্লাইট। পাখীর মত একেবারেই ছোট্ট একটা বিমান। তারপরও একটা মিনি চকোলেট দিয়ে আপ্যায়ন করেছিলো যা এতদিন পর এখনো মনে আছে।

পেন্ডামিক পূর্ব সময়ে একবার নিউইয়র্ক থেকে লন্ডন গিয়েঁছিলাম একটা বাজেট ফ্লাইটে। এয়ার লাইনের নামটা এই মুহূর্তে মনে করতে পারছি না। বিমানে উঠার পর সিটের সামনে টিভি স্ক্রিনে লেখা ভেসে উঠেছিলো- Our kitchen is now open. অর্থাৎ মুফতে খাবার পাবে না। তবে চাইলে কিনে খেতে পার। আরো সহজ করে বলা যায় -ফেল কড়ি মাখ তেল। তবু একটা অপসান তো দেয়!

অনেক বাজেট এয়ার লাইনে খাবার দেয় না। তবে খাবার ট্রলিতে নিয়ে ফেরি করে বিক্রয় করতে দেখেছি। এবারও তেমনি আশা করেছিলাম। তবে সে আশায় ফ্লেয়ার এয়ার লাইন পানি ঢেলে দিয়েছে।

জয়তু ফ্লেয়ার!!তবে মাঝে মধ্যে একটু "ফেয়ার" হয়ো বাপধন!! আকাশে তো কোন মুদি দোকান নেই যে যাত্রীরা চাইলে কিছুমিছু কিনে খেতে পারবে!!

ব্যবসা নয় সেবাই মূল লক্ষ্য

(শেষের পাতার পর)

ঘোষণা দেনা হয়। সংবাদ সম্মেলনের শুরুতে প্রতিষ্ঠান-টির সাফল্য কামনায় বিশেষ দোয়া মাহফিল পরিচালনা করেন জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি)-এর খতিব ও ইমাম মির্জা আবু জাফর বেগ।

সংবাদ সম্মেলনে জানান হয়, ২০১৯ সালে রিলায়েবল হোম কেয়ার সার্ভিস নিউইয়র্ক স্টেটের অনুমতি নিয়ে যাত্র শুরু করে। প্রতিষ্ঠানটির যাত্রালগ্নে জড়িত ছিলেন কাজি আজম ও আতাউর রহমান সেলিম। বর্তমানে নতুন আঙ্গিকে প্রসারিত ৯জন পরিচালকের যৌথ ব্যবস্থাপনায় প্রতিষ্ঠানটি আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করলো। এর প্রধান এডমিনিস্ট্রেটিভ অফিসার ও সিইও হিসেবে দায়িত্ব পালন করছেন মুন্সী এনায়েত হোসেন। ৯ সদস্যের পরিচালনা বোর্ডে রয়েছেন যথাক্রমে আতাউর রহমান সেলিম, কাজি আজম, কামরুজ্জামান কামরুল, আব্দুর রহমান বিশ্বাস,



জে মোল্লা সানী, আব্দুল মান্নান, নওশেদ হোসেন ও ইফতেখারুল আলম।

সংবাদ সম্মেলনের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন জে মোল্লা সানি। এরপর পরিচালকগণ পরিচিত হন এবং সংক্ষিপ্ত শুভেচ্ছা বক্তব্যে তাদের লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরেন। তারা বলেন, মূলত কমিউনিটিকে শতভাগ সেবা প্রদানের লক্ষেই আমরা কাজ করবো। উপযুক্ত প্রশিক্ষনের মাধ্যমে কর্মিদের দক্ষতার উন্নয়ন ঘটিয়ে সেবাকে মানুষের ঘরে ঘরে পৌঁছে দেয়া হবে। কেবলমাত্র ব্যবসা আমাদের মূল লক্ষ্য নয়। পরিচালকগণ বলেন, আমরা সবাই যার যার অবস্থানে প্রতিষ্ঠিত। তাই মানবতার সেবাই হবে এ হোম কেয়ার প্রতিষ্ঠানের লক্ষ্য।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মুন্সী এনায়েত হোসেন জানান, মিডিয়ার সহায়তা ছাড়া এই সেবাধর্মী প্রতিষ্ঠান এগিয়ে যেতে পারবে না। প্রবাসে কমিউনিটি বির্নিমানে সাংবাদিকদের ভূমিকা অনস্বীকার্য। আমরা আন্তরিকভাবে আশা করছি যে, নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটিকে ঘিরে স্বাস্থ্যসেবা প্রদানের যে কার্যক্রম আমরা শুরু করেছি সে ক্ষেত্রে আপনাদের সবরকম সহযোগিতা আমরা পাবো।

মুন্সী এনায়েত হোসেন বলেন, সত্যিকারের হোম কেয়ার সেবার বড়ই অভাব। আমরা সে চ্যালেঞ্জ মোকাবেলা করতে প্রস্তুত। আমাদের পরিচালনা টীমে যে ৯ জন পরিচালক রয়েছেন তারা প্রত্যেকেই স্ব স্ব ক্ষেত্রে স্বাক্ষরতার দৃষ্টান্ত রেখেছেন। সমাজে পরীক্ষিত সৈনিক। তাদের নেতৃত্বে এই হোম কেয়ার জনগনের আস্থা অর্জনে সফল হবে। শুধু বাংলাদেশী কমিউনিটির মানুষকে নিয়ে আমরা কাজ করছি না। বিভিন্ন কমিউনিটির মানুষকে আমাদের ছাতার নীচে আনতে আমরা চেষ্টা চালাবো।

লিখিত বক্তব্যে মুন্সী এনায়েত হোসেন জানান, সমগ্র নি-উইয়র্ক স্টেট তথা যুক্তরাষ্ট্রের সব অঞ্চলের মতোই এখানকার বাংলাদেশী-আমেরিকান জনগোষ্ঠীকে ঘিরে আরও বেশ কিছু হোমকেয়ার সেবা প্রতিষ্ঠান আগে থেকেই কাজ করে আসছে। সুতরাং স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠতে পারে যে, তাহলে আরও একটি নতুন হোমকেয়ার প্রতিষ্ঠান কেন? এটা খুবই যৌক্তিক একটা প্রশ্ন। কিন্তু পরিসখ্যাণগত দিকটা বিবেচনা করলে বুঝতে পারা যায় যে, সত্যিকারার্থে চাহিদা বা প্রয়োজনের তুলনায় হোমকেয়ার প্রতিষ্ঠানের সংখ্যা এখনও বেশি বা পর্যাপ্ত নয়। এখনও বিপুল সংখ্যক মানুষ আমাদের কমিউনিটিতেই রয়েছেন যারা কেবলমাত্র প্রক্রিয়াগত বিষয়গুলো সঠিকভাবে না জানবার কারণেই নিজেদের আইনানুগ প্রাপ্য সেবা গ্রহণের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন। এই বাস্তব চিত্রটি যথাযথভাবে উপলব্ধি করেই আমরা কয়েকজন উদ্যোক্তা সম্মিলিতভাবে রিল্যায়বল হোমকেয়ার সার্ভিস চালুর সিদ্ধান্ত গ্রহণ করি।

লিখিত বক্তব্যে আরো বলা হয়, সাধারণভাবে সকল প্রতিষ্ঠানের হোমকেয়ার সেবার ধরণ প্রায় একই রকম। সে কারণে এক ধরণের প্রতিযোগিতাও দৃশ্যমান। কিন্তু আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, কিছু কিছু জায়গায় সেবা-কার্যক্রমের মান আরও উন্নত করার সুযোগ রয়েছে। মূলত উন্নততর সেবা নিশ্চিত করার অঙ্গীকার নিয়েই আমরা যাত্রা শুরু করেছি এবং সেই অঙ্গীকারের কথা পাবলিকলি জানানোর জন্যই আজ আপনাদের মুখোমুখি হয়েছি। হোমকেয়ার সেবা গ্রহণ বা প্রদানের ক্ষেত্রে প্রচলিত Medicaid, Medicare, PCS, PCA, CDPAP, CDPAS, MLTC Enrollment ইত্যাদি বিষয়গুলো সম্পর্কে অনেকেরই পরিষ্কার ধারণা নেই। কোথায় কিংবা কার কাছে গেলে এসব বিষয়ে পরিষ্কার ও নির্ভূল তথ্যা বা ধারণা পাওয়া যাবে-সেটা নিয়েও রয়েছে বিভ্রান্তি ও সংশয়।

লিখিত বক্তব্যে বলা হয়, আমরা রিলায়বল হোমকেয়ার এর পক্ষ থেকে সুনির্দ্দিষ্টভাবে এটা নিশ্চিত করতে চাই যে, কমিউনিটির আগ্রহী লোকজন যেন সেবা গ্রহণের ক্ষেত্রে তাদের প্রয়োজনীয় সকল তথ্য বা জিজ্ঞাসার জবাব সহজেই আমাদের প্রতিষ্ঠানের কর্মীদের কাছ থেকে পেতে পারেন। এ লক্ষ্যে উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে কর্মীদের প্রয়োজনীয় দক্ষতা উন্নয়নের ব্যবস্থা এরইমধ্যে নেয়া হয়েছে।

মুন্সী এনায়েত হোসেন বলেন, হোমকেয়ার এজেন্সী মূলত সেবাধর্মী ব্যবসা প্রতিষ্ঠান। অর্থাৎ ব্যবসা এখানে অবশ্যই আছে। কারণ, এই কার্যক্রম পরিচালনার জন্য উল্লেখযোগ্য অংকের অর্থ বিনিয়োগ করতে হয়। কিন্তু কেবলমাত্র ব্যবসা আমাদের লক্ষ্য নয়; আমরা ব্যবসার চেয়েও মানবসেবার মহান ব্রতকেই অগ্রাধিকার দিতে চাই। আগামী দিনে সেটা প্রমাণের প্রতিশ্রুতি আমরা এখনই দিয়ে রাখছি। মূলকথা হলো, প্রকৃত অর্থেই উন্নততর সেবা নিশ্চিত করার মাধ্যমে রিল্যায়বল হোম কেয়ার এজেন্সী চলমান প্রতিযোগিতায় কেবলমাত্র জায়গা করে নেয়াই নয়, বরং অনেকখানি এগিয়ে থাকতে চায়।

সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে কর্মকর্তারা বলেন, চার বছর আগেই রিলায়বল হোমকেয়ার সার্ভিস ষ্টেটের লাইসেন্সপ্রাপ্ত হলেও যেহেতু আমরা এই সেবায় অভিজ্ঞ ছিলাম না তাই তখন পুরোপুরো কাজ শুরু হয়নি। আমরা ইতিমধ্যেই অভিজ্ঞতা অর্জন এবং একটি দক্ষ টিম তৈরী করেছি। আশা করছি আমরা এখন সর্বোচ্চ সেবা দিতে পারবো।

অপর এক প্রশ্নের উত্তরে কর্মকর্তারা বলেন, আমরা আমাদের ক্লাইন্টের ব্যাপারে অন্য কোন প্রতিষ্ঠানের বিশেষ করে বাংলাদেশী মালিকানাধীন কোন প্রতিষ্ঠানের সাথে কোন সমস্যায় জড়াতে চাই না। বরং আমরা বাংলাদেশী প্রতিষ্ঠানগুলো যেভাবে ঐক্যবদ্ধ থেকে কাজ করতে পারি, সেই চেষ্টাই চালাবো। আর কমিউনিটির বাইরে অন্য কমিউনিটির ক্লাইন্ট থাকবে রিলায়বল হোমকেয়ার সার্ভিসের টার্গেট।

বদলে দেই পৃথিবী
ধাঁপে ধাঁপে
শুভকাজে

RENAISSANCE
HOME HEALTH CARE



নিউইয়র্ক সিটির সর্বশ্রেষ্ঠ হোমকেয়ার প্রতিষ্ঠান রেঁনেসা হোম এন্ড হেলথ কেয়ার

সর্বোচ্চ সম্মানীতে রেঁনেসা হোম এন্ড হেলথ কেয়ারে যোগ দিন

আপনার মর্যাদা, সম্মান ও সহানুভূতির সাথে সর্বোচ্চ গুণগত পরিসেবা প্রদানই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য

- আমাদের রয়েছে আকর্ষণীয় ক্ষতিপূরণ প্যাকেজ
- ছুটির দিনে দ্বিগুণ বেতন
- বিনামূল্যে প্রশিক্ষণের ব্যবস্থা
- গুগল-এ ৪.৫ স্টার রেটিং



রেনেসাঁয় কাজ করতে চান? আজই যোগাযোগ করুন

(718) 649-3670

1959 WESTCHESTER AVE.
BRONX, NY 10462

www.renaissancehomehc.com

বাংলা পত্রিকা
প্রান্তিক পৃষ্ঠা
The Weekly Bangla Patrika
বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika // Monday // March 13 // 2023

মানবপাচারের দায়ে ৪ হাজার ৭৬০ বছরের কারাদন্ড!

বাংলা পত্রিকা ডেস্ক: গ্রিসে মানবপাচারের দায়ে ৪ হাজার ৭৬০ বছরের জন্য কারাদন্ড পেলেন এক মিসরীয় জেলে। লিবিয়া থেকে গ্রিসে পাঁচ শতাধিক মানুষকে পাচার করেছিলেন আল ফালাহ নামের ওই জেলে। গত বছরের নভেম্বরে এ কাজ করেন তিনি। গত সপ্তাহে তার অপরাধ প্রমাণ হলে এ সাজা দেওয়া হয়। খবর ইউরো নিউজ'র। ৩৩৬ জন পুরুষ, ১০ জন নারী এবং ১২৮ জন কিশোর-কিশোরীকে অবৈধভাবে গ্রিসে অনুপ্রবেশে সহায়তা করেছেন ফালাহ। অবশ্য পরবর্তীতে শাস্তির মেয়াদ কমিয়ে তাকে ২৮০ বছরের কারাদন্ড দেওয়া হয়। এদিকে এমন রায়ে ক্ষোভ প্রকাশ করেছে মানবাধিকার সংস্থাগুলো। তারা বলছে, আল-ফালাহ নিজেই একজন অভিবাসী। তাকে 'বলির পাঁঠা' বানিয়েছে গ্রিস প্রশাসন। গ্রিসের ক্রিটের বন্দরে ২০২২ সালের নভেম্বরে যখন অভিবাসীবাহী নৌকাটি আসে, তখন নৌকাটি চালাচ্ছিলেন ৪৫ বছরের মিসরীয় জেলে ফালাহ। উপকূলের কাছে ঝড়োবাতাসে নৌকাটি নিয়ন্ত্রণ হারালে গ্রিসের কোস্টগার্ডে বিপদ সংকেত পাঠায় নৌকাটি। তাদের সহায়তায় পরে নৌকাটি উপকূলে আসে।

মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুননেসা ইন্দিরা, এম.পি'র বাংলাদেশ কনস্যুলেট জেনারেল পরিদর্শন





নিউইয়র্ক: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুননেসা ইন্দিরা, এমপি নিউইয়র্কস্থ বাংলাদে কনস্যুলেট অফিস পরিদর্শন করেছেন। গত শুক্রবার (১০ মার্চ) তিনি কনস্যুলেট জেনারেল পরিদর্শন করেন। কনসাল জেনারেল ড. মোহাম্মদ মনিরুল ইসলাম কনস্যুলেটের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীরা তাঁকে স্বাগত জানান।

কনস্যুলেটের কর্মকর্তা ও কর্মচারীদেও সাথে মতবিনিময়কালে প্রতিমন্ত্রী ফজিলাতুননেসা ইন্দিরা সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ আর্থ-সামাজিক উন্নয়নের প্রায় সকল সূচকে বিশ্বেও অনেক দেশের তুলনায় এগিয়ে রয়েছে মন্তব্য করে নারীর ক্ষমতায়নে সরকার গৃহিত বিভিন্ন পদক্ষেপ ও প্রকল্পের বিষয়ে বিস্তারিত বর্ণনা করেন। বাংলাদেশকে নারীর ক্ষমতায়নের অনন্য দৃষ্টান্ত উল্লেখ কওে প্রতিমন্ত্রী জাতিসংঘে শান্তিরক্ষা মিশনে বাংলাদেশী নারী ব্যাটালিয়নের ভূমিকা ও সাফল্যেও কথা তুলে ধরেন। তিনি বাংলাদেশের অগ্রগতি ও অগ্রযাত্রায় নারীদেও অবদান উল্লেখ পূর্বকনারীর অধিকার ও নিরাপত্তা নিশ্চিতকরণে সরকার প্রণীত বিভিন্ন আইন ও সেগুলোর প্রয়োগ ও বাস্তবায়নের উদাহরণ দেন। তিনিযুক্তরাষ্ট্রেবাংলাদেশেরভাব-মূর্তি আরো উজ্জ্বলকরণে এবং বাংলাদেশ যুক্তরাষ্ট্রেও সম্পর্ককে আরো গতিশীল ও অর্থবহ করতে সকলের প্রতিআহ্বান জানান।

এসময় কনসাল জেনারেল ড. ইসলাম কনস্যুলেট কর্তৃক প্রদত্ত সেবাসমূহ সবিস্তাওে বর্ণনা করেন এবং সেগুলো আরো সহজ ও ত্বরান্বিত করতে কনস্যুলেটের প্রতিশ্রুতিপূনঃ ব্যক্ত করেন। প্রতিমন্ত্রী কনস্যুলেটের সার্বিক সেবা কার্যক্রমের উপর সন্তোষ প্রকাশ করেন এবং ভবিষ্যতে এ ধারা অব্যাহত রাখার জন্য কনস্যুলেটে কর্মরত সকলকে আহবান জানান। কনসাল জেনারেল ড. ইসলাম কনস্যুলেটসফরেরজন্য প্রতিমন্ত্রীর প্রতিবিশেষ কৃতজ্ঞতা প্রকাশকরেন।

উল্লেখ্য, জাতিসংঘে গুরুত্ব পূর্ণবৈঠকে যোগদানের জন্য মাননীয় মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা, এম.পি বর্তমানে নিউইয়র্ক সফর করছেন। -প্রেস বিজ্ঞপ্তি।

বাংলাদেশ কনস্যুলেটে 'ঐতিহাসিক সাতই মার্চ' উদযাপন



নিউইয়র্ক: বাংলাদেশ কনস্যুলেট জেনারেল যথাযথ মর্যাদায় 'ঐতিহাসিক সাতই মার্চ ২০২৩' উদযাপন করেছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা করেন কনসাল জেনারেল ড. মোহাম্মদ মনিরুল ইসলামসহ কনস্যুলেটের অন্যান্য সদস্যবৃন্দ। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৯৭১ ও ১৯৭৫ এর সকল শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়।

দিবসটি উপলক্ষ্যে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী'র বাণী পাঠ করা হয়। অনুষ্ঠানে ঐতিহাসিক সাতই মার্চের ভাষণের ভিডিও প্রদর্শন করা হয়। এরপর দিবসটির গুরুত্ব ও তাৎপর্যের উপর উন্মুক্ত আলোচনা করা হয়।

কনসাল জেনারেল ড. মোহাম্মদ মনিরুল ইসলাম তাঁর বক্তব্যে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে সাতই মার্চের ভাষণের উপর বিশ্লেষণধর্মী আলোচনা করেন।

ড. মোহাম্মদ মনিরুল ইসলাম দিবসটির ঐতিহাসিক প্রেক্ষাপটের উপর আলোচনা করতে গিয়ে ইউনেস্কো কর্তৃক বঙ্গবন্ধুর সাতই মার্চের ভাষণকে বিশ্ব- ঐতিহ্য দলিল হিসেবে স্বীকৃতি প্রদানের বিষয়টি উল্লেখ করে বলেন যে সাতই মার্চের ভাষণ এখন শুধু বাংলাদেশেই নয় বিশ্ব সম্পদে পরিণত হয়েছে। তিনি বর্তমান বিশ্বপরিস্থিতিতে বিশ্ব শান্তি ও স্থিতিশিলতা অর্জনে বঙ্গবন্ধুর আদর্শ ও দর্শণের প্রাসঙ্গিকতা ও প্রয়োজনীয়তার উপর আলোকপাত করেন। বঙ্গবন্ধুর ঐতিহাসিক সাতই মার্চের ভাষণ সারাবিশ্বের মুক্তিকামী ও শান্তিকামী মানুষের অবিরাম অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে বলে তিনি মন্তব্য করেন। তিনি সকলকে নতুন প্রজন্মের কাছে বঙ্গবন্ধুর গৌরবময় জীবন ও কর্ম এবং বাংলাদেশের সঠিক ইতিহাস ও ঐতিহ্য তুলে ধরার আহ্বান জানান।

বঙ্গবন্ধু সহ তাঁর পরিবারের সকল শহীদ সদস্য, ১৯৭১ সালের সকল শহীদ ও জাতীয় চার নেতার আত্মার মাগফিরাত এবং দেশের অব্যাহত শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাতের মধ্য দিয়ে অনুষ্ঠানের পরিসমাপ্তি ঘটে। -প্রেস বিজ্ঞপ্তি।

যারা তত্ত্বাবধায়ক সরকার চায় তাদের

(শেষের পাতার পর)

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকারকে আবারও নির্বাচিত করবে ইনশাল্লাহ। ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষ্যে নিউইয়র্ক সিটির জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমানের সভাপতিত্বে সভা পরিচালনা করেন ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আইরিন পারভীন। সভার শুরুতে শহীদদের স্মরণে বিশেষ মোনাজাত পরিচালনা করেন ইমাম কাজী কাইয়ুম। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন দলের সহ সভাপতি সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাহবুবুর রহমান, সহ সভাপতি শামসুদ্দিন আজাদ, সাংগঠনিক সম্পাদক আব্দুল হাসিব মামুন ও মহিউদ্দীন দেওয়ান, প্রচার ও প্রকাশনা সম্পাদক দুলাল মিয়া (হাজী এনাম), প্রবাসী কল্যাণ সম্পাদক সোলায়মান আলী, কৃষি বিষয়ক সম্পাদক কৃষিবিদ আশরাফুজ্জামান, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি রফিকুর রহমান ও সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরী, নিউইয়র্ক স্টেট আওয়ামী লীগের সহ-সভাপতি শেখ আতিক ও সাধারণ সম্পাদক শাহীন আজমল, কানেক্টিকাট স্টেট আওয়ামী লীগের সভাপতি জাহেদুল হক ও সাধারণ সম্পাদক হুমায়ুন আহমেদ চৌধুরী, যুক্তরাষ্ট্র মহিলা আওয়ামী লীগের সভাপতি মমতাজ শাহনাজ, এডভোকেট মোর্শেদা জামান, কবি সালেহা ইসলাম, যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক লীগ নেতা অহিদুজ্জামান লিটন, সাখাওয়াত বিশ্বাস, যুক্তরাষ্ট্র যুবলীগ নেতা সেবুল মিয়া, মিজানুর রহমান চৌধুরী, হুমায়ুন কবির, যুক্তরাষ্ট্র ছাত্রলীগের সাবেক সভাপতি জেড এ জয় প্রমুখ।

সভায় ১৯৭১-এর সাতই মার্চ রেসকোর্স মাঠে উপস্থিত থাকার স্মৃতিচারণ করে প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা বলেন, ৭ মার্চে ঐতিহাসিক ভাষণে বঙ্গমাতা বেগম ফজিলাতুন্ন নেসা মুজিবের রয়েছে অসামান্য অবদান। সাতই মার্চের বক্তব্য কি হবে তা নিয়ে বঙ্গবন্ধুকে অনেকে পরামর্শ দিলে বঙ্গমাতা বলেছিলেন 'সমগ্র দেশের মানুষ তোমার মুখের দিকে তাকিয়ে আছে। তোমার মনে যে কথা আসবে সে কথা বলবে। বাংলাদেশের মানুষকে নিয়ে তোমার যে স্বপ্ন সেই কথাগুলো তুমি স্পষ্ট করে বলে দিবে'। আজ বঙ্গবন্ধুর এ ভাষণ বিশ্বের শ্রেষ্ঠ ভাষণ হিসাবে ইউনেস্কোর বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য দলিলে স্বীকৃতি পেয়েছে।

প্রতিমন্ত্রী ইন্দিরা বলেন, স্বাধীনতা ও দেশবিরোধিরা বিদেশে বসে মিথ্যা প্রচার, প্রপাণ্ডা, ষড়যন্ত্র করছে। এসকল ষড়যন্ত্র উপযুক্ত জবাব দিয়ে আগামী নির্বাচনে বঙ্গবন্ধু কন্যাকে ক্ষমতায় আনতে প্রবাসীদের ভূমিকা রাখতে হবে। তিনি বলেন, যে রাজনৈতিক দল ক্যান্টনমেন্টে গঠিত হয় সে দল কখনো জনগণের কল্যাণ করতে পারে না। অতীতে যেভাবে অগ্নি সন্ত্রাসী দলটি বাংলাদেশের জনগণদ্বারা প্রত্যাখ্যাত হয়েছিল, আগামী নির্বাচনে তেমনি প্রত্যাখ্যাত হবে।

সভায় উল্লেখযোগ্য দলীয় নেতা-কর্মীদের মধ্যে মহানগর আওয়ামী লীগের সহ-সভাপতি মাসুদ সিরাজী, যুগ্ম সাধারণ সম্পাদক নুরুল আমিন বাবু, দপ্তর সম্পাদক দুলাল বিল্লাহ, উপ প্রচার সম্পাদক শেখ শফিকুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।











জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে ঐতিহাসিক সাতই মার্চের ভাষণের উপর আলোচনা

নিউইয়র্ক: জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনের বঙ্গবন্ধু মিলনায়তনে ইউনেস্কো'র 'বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য' হিসেবে স্বীকৃত সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী, 'জাতির পিতা' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক সাতই মার্চের ভাষণের দিনটিকে যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়। জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠানটির সূচনা করা হয়। এরপর বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সদস্যসহ মহান মুক্তিযুদ্ধের ত্রিশ লাখ শহীদ-এর রুহের মাগফিরাত এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয় অনুষ্ঠানটিতে। এছাড়া দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী পাঠ এবং ঐতিহাসিক সাতই মার্চের ভাষণের ভিডিও প্রদর্শন করা হয়।

আলোচনা পর্বে মূল বক্তব্য উপস্থাপন করেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের উপ-স্থায়ী প্রতিনধি ও চ্যার্জ দ্য অ্যাফেয়ার্স ড. মো: মনোয়ার হোসেন। বক্তব্যের শুরুতে তিনি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। এর পর তিনি সাতই মার্চের ভাষণের অন্তর্নিহিত এবং বহির্মূখী তাৎপর্য তুলে ধরে বলেন, একটি জাতিকে বজ্রকঠিন ঐক্যের পতাকাতলে সমবেত করে সশস্ত্র মুক্তিযুদ্ধের চূড়ান্ত প্রস্তুতি গ্রহণে উজ্জীবিত করার মূল মন্ত্র ছিল এই ভাষণ। সাতই মার্চের ভাষনের অন্তর্নিহিত তাৎপর্যকে ইংরেজি বর্ণ 'সি' এর চারটি শব্দরূপ অর্থাৎ 'কনডোলেন্স', 'কমিটমেন্ট', 'কমান্ড' ও 'কল' দিয়ে বিশ্লেষণ করে ১৯৭১ সালের অগ্নি-ঝরা দিনগুলোতে এর প্রাসঙ্গিকতা ও সার্বজনীন আবেদন তুলে ধরেন তিনি। বহির্মূখী তাৎপর্য ব্যাখ্যাকালে তিনি ভাষণের জাতীয় ও আন্তর্জাতিক গুরুত্ব তুলে ধরেন। এছাড়া তার বক্তব্যে উঠে আসে ইউনেস্কোর ওয়ার্ল্ড হেরিটেজ রেজিস্টারে অন্তভূক্তিকরণ এবং জ্যাকব এফ. ফিল্ড এর 'উই স্যাল ফাইট অন দ্যা বিচেজ: দ্যা স্পিচেস দ্যাট ইন্সপায়ার্ড হিস্ট্রোরি' নামক খ্যতনামা গ্রন্থে এই ভাষণের স্থান লাভসহ এর আন্তর্জাতিক স্বীকৃতি ও মর্যাদার নানা দিক। গভীর রাজনৈতিক প্রজ্ঞায় পরিপূর্ণ সাতই মার্চের ভাষণের মর্মবাণী ধারণ করে কর্মে ও চিন্তায় এর প্রয়োগ এবং প্রজন্ম থেকে প্রজন্মান্তরে এটি চির জাগরুক রাখতে উপস্থিত সকলের প্রতি আহ্বান জানান ড. মো: মনোয়ার হোসেন।

জাতির পিতার এই ভাষণে স্বাধীনতা অর্জনের জন্য একজন সুযোগ্য রাষ্ট্রনায়কের সুচিন্তিত কৌশলের সবটুকুই প্রতিভাত হয়েছে মর্মে মন্তব্য করেন অন্যান্য আলোচকগণ। উল্লেখ্য, ২০১৭ সালের ৩০ অক্টোবর ইউনেস্কো, ১৯৭১ সালের সাতই মার্চ রমনার রেসকোর্স ময়দানে জাতির পিতার দেওয়া ঐতিহাসিক ভাষণকে 'বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য' হিসেবে স্বীকৃতি দিয়ে 'ইন্টারন্যাশনাল মেমোরি অব দ্যা ওয়ার্ল্ড রেজিস্টার'-এ অন্তর্ভুক্ত করে। -প্রেস বিজ্ঞপ্তি।





TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
☐ Low Closing Cost ☐ Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MBA
CPA



কানাডার প্রিমিয়াম সুইটসের গল্প এবং বরফ দিনের ডিমভাজা

হাবিব রহমান: ঝকঝকে রোদ্দুরের সকালে জেএফকে থেকে ফ্লাই করে সোয়া ঘন্টার উড়ে যখন টরন্টোর পিয়ারসন বিমান বন্দরে **(বাকি অংশ ৪৪ পাতায়)**

জয়তু ফ্লেয়ার এয়ারলাইন!

নিউইয়র্ক থেকে কানাডার টরেন্টো যাচ্ছি। বাহন ফ্লেয়ার এয়ারলাইন। **(বাকি অংশ ৪৪ পাতায়)**

সোসাইটির গঠনতন্ত্র সংশোধনী কমিটি গঠিত

নিউইয়র্ক: বাংলাদেশ সোসাইটির কার্যকরী কমিটির নিয়মিত মাসিক সভা গত ২৬ ফেব্রুয়ারী রোববার বিকেল এলহার্স্টস্থ সোসাইটির নিজস্ব কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব **(বাকি অংশ ২০ পাতায়)**

বাড়ী ক্রয়ের প্রস্তুতি



এম. কামাল: নিউইয়র্কে বাড়ী ক্রয় করা যতনা সহজ বাড়ী রক্ষা বা বাড়ীর রক্ষণাবেক্ষণ তত কঠিন। তবে এজন্য বাড়ীর মালিককে শিল্পী হওয়ার প্রয়োজন নেই। কিন্তু এ সম্পর্কে **(বাকি অংশ ২০ পাতায়)**

‘লিটল বাংলাদেশ ওয়ে’র নামফলক উন্মোচন

ওজন পার্কে নতুন ইতিহাস!

বিশেষ প্রতিনিধি: বাংলাদেশী অধ্যুষিত নিউয়র্কের ওজন পার্কে ‘লিটল বাংলাদেশ ওয়ে’ নামে একটি সড়কের নামকরণ করেছে নিউয়র্ক সিটি কাউন্সিল। শুক্রবার (১০ মার্চ) বাদ জুম্মা এই সড়কের ‘নামফলক উন্মোচন’ ও আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। ওজন পার্ক এলাকায় বাংলাদেশের নামে সড়ক নামকরণে দারুণ খুশি স্থানীয় প্রবাসী বাংলাদেশীরা। উল্লেখ্য, ইতিপূর্বে নিউইয়র্ক সিটির জ্যাকসন হাইটস, ব্রঙ্কস, ব্রুকলীন ও জামাইকায় বাংলাদেশের নামে সড়কের নামকরণ করে নিউইয়র্ক সিটি কাউন্সিল। এর আগে দূর্বৃত্তদের হামলায় ওজনপার্কে **(বাকি অংশ ৩৯ পাতায়)**



বাংলাদেশ ট্যাক্সি সোসাইটি অব ফিলাডেলফিয়া’র নির্বাচন অনুষ্ঠিত

শেখ খুরশান ফিলাডেলফিয়া থেকে: বাংলাদেশ ট্যাক্সি সোসাইটি অফ ফিলাডেলফিয়া (বিটিএসপি) এর নির্বাচন রোববার (১২ মার্চ) স্থানীয় ঢাকা ক্লাবে বিপুল উৎসাহ উদ্দীপনায় অনুষ্ঠিত হয়েছে। ৪২১ ভোটারের সরাসরি ভোটের মাধ্যমে **(বাকি অংশ ২০ পাতায়)**

রিলায়েবল হোম কেয়ার সার্ভিসের যাত্রা শুরু

ব্যবসা নয় সেবাই মূল লক্ষ্য

বিশেষ প্রতিনিধি: ‘ব্যবসা নয়, সেবাই মূল লক্ষ্য’ নিয়ে নিউইয়র্কে ‘রিলায়েবল হোম কেয়ার সার্ভিস’ নামে আরো একটি হোমকেয়ার প্রতিষ্ঠানের আনুষ্ঠানিক যাত্রা শুরু হলো। এ উপলক্ষ্যে গত ৯ মার্চ বৃহস্পতিবার জামাইকার ৮৮-৫৬ ১৬২ স্ট্রিটস্থ প্রতিষ্ঠানটির অফিসে আয়োজিত এবং সংবাদ সম্মেলনে এই **(বাকি অংশ ৪৪ পাতায়)**



যুক্তরাষ্ট্র আ. লীগের ৭ মার্চের সভায় প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা

যারা তত্ত্বাবধায়ক সরকার চায় তাদের পাকিস্তানে চলে যাওয়া উচিত

বিশেষ প্রতিনিধি: যুক্তরাষ্ট্র সফররত মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি বলেছেন, বর্তমানে পাকিস্তান ছাড়া বিশ্বের কোথাও তত্ত্বাবধায়ক সরকারের প্রচলন নেই। বাংলাদেশের যারা তত্ত্বাবধায়ক সরকার চায় তাদের পাকিস্তানে চলে যাওয়া উচিত। তিনি বলেন, আগামী নির্বাচন বাংলাদেশের সংবিধান অনুযায়ীই হবে। আর সেই নির্বাচনে বাংলাদেশের মানুষ **(বাকি অংশ ৪৬ পাতায়)**

মসজিদ আবু হুরায়রা’র গ্র্যান্ড ওপেনিং ১৮ মার্চ

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটির ইস্ট এলমহার্স্টে প্রতিষ্ঠিত ইসলামিক সেন্টার অব জ্যাকসন হাইটস ইনক’র ‘মসজিদ আবু হুরায়রা’র গ্র্যান্ড ওপেনিং আগামী ১৮ মার্চ **(বাকি অংশ ২০ পাতায়**

নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার মাহফিল ২৫ মার্চ

নিউইয়র্ক (ইউএনএ): আসন্ন রমজান মাসে নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার মাহফিল অনুষ্ঠিত হবে আগামী ২৫ মার্চ শনিবার। এদিন জ্যামাইকার হিলসাইড এভিনিউস্থ খলিল বিরিয়ানী হাউজের পার্টি হলে এই মাহফিল **(বাকি অংশ ২০ পাতায়)**



সংযুক্ত আল্লাহর তিনটি হুকুম

জাফর আহমাদ

আল কুরআনে মহান আল্লাহ তিনটি হুকুমকে অপর তিনটি হুকুমের সাথে এমন বেঁধে দিয়েছেন যাদের একটি ছাড়া অন্যটি গ্রহণ করা **(বাকি অংশ ৩৬ পাতায়)**

খেলার খবর

ইরানের কাছে হেরে বিদায় বাংলাদেশের

স্পোর্টস ডেস্ক: অনুর্ধ্ব-২০ এশিয়ান কাপ বাছাইয়ের প্রথম রাউন্ডেই আটকে গেল বাংলাদেশ। তুর্কমেনিস্তানকে হারিয়েও গ্রুপ সেরা হওয়ার লড়াইয়ে ইরানীদের কাছে ১-০ গোলে হেরে গেছেন স্বপ্না রানী, রূপনা চাকমারা। **(বাকি অংশ ৩৭ পাতায়)**

হেলথ টিপস

খুশকি দূর করতে মেথি

বাংলা পত্রিকা ডেস্ক: খুশকিরোধী শ্যাম্পু ব্যবহার করলেও কিছুদিন পর পরই ফিরে আসে খুশকি। এই সমস্যার সমাধান করতে মেথির কিছু হেয়ার প্যাক ব্যবহার করতে পারেন। খুশকি দূর হওয়ার পাশাপাশি চুলের রুক্ষতা, চুল পড়া ও আগা ফেটে যাওয়ার সমস্যা **(বাকি অংশ ২০ পাতায়)**

বিনোদন

এ বছর অস্কারে নেই ‘লাল গালিচা’



বিনোদন ডেস্ক: ‘অস্কার ২০২৩’-এ থাকছে না কোনো লাল গালিচা! অবাক করার মতো ঘোষণা হলেও **(বাকি অংশ ৪১ পাতায়)**



GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেলথ কেয়ার এজেন্সী
HHA/PCA & CDPAP SERVICE
Call: 718-775-7852
646-591-8396

ডায়াগনস্টিক এর জন্য লোক আবশ্যক
ব্রঙ্কসের পার্কচেস্টারে অবস্থিত স্বনামধন্য স্টারলিং ডায়াগনস্টিক এর জন্য জরুরী ভিত্তিতে Nurse Practitoner, Physician Assistant, Medical Assistant এবং Mammogram Technician আবশ্যক। বেতন আলোচনা সাপেক্ষ। শুধুমাত্র আগ্রহী প্রার্থীগণ যোগাযোগ করুন।
M.Ali: 267-342-1481
Email: info@starlingdiagnostics.com
starling diagnostics

বাংলা পত্রিকায় বিজ্ঞাপন দিন

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিন অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রে অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
হজ্বব্রত পালনকারীরগণ গ্রহণ করুন সর্বোত্তম সেবা ওমরা ও মূল হজ্ব
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 1141
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ
929-207-1516
1506 Castle Hill Ave,
2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশীপ এর আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
বিস্তারিত ৩১ পাতায়

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com